



ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com






JAGARAN ■ 71 Years ■ Issue-26 ■ 2 November, 2024 ■ আগরতলা ২ নভেম্বর, ২০২৪ ইং ■ ১৬ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


### মালবাহী ট্রেন লাইনচ্যুত, বাতিল একাধিক ট্রেন

# বিমানের টিকিট অগ্নিমূল্য ফ্যাসাদে রাজ্যের যাত্রীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর।।** লামডিং-বদরপুর পার্বত্য শাখায় একটি মালবাহী ট্রেন লাইনচ্যুত হওয়ায় আগরতলাগামী দূরপাল্লার ট্রেন বাতিল করা হয়েছে। স্বাভাবিকভাবেই, শনিবার ত্রিপুরা থেকে দুরপাল্লার সমস্ত ট্রেন বাতিল হয়েছে। তাছাড়াও, ওই মালগাড়ি লাইনচ্যুত হওয়ার ফলে শিলচরের একাধিক ট্রেন বাতিল এবং আংশিক বাতিল করা হয়েছে। ফলে, মহা ফ্যাসাদে পড়েছেন ত্রিপুরার যাত্রীরা। কারণ, আগরতলা - কলকাতা রুটে শনিবার ও রবিবার বিমানের টিকিটের ভাড়া অস্বাভাবিকভাবে বেড়ে রয়েছে।

ঐ রুটে শনিবার বিমানের ভাড়া সর্বনিম্ন ৭ হাজার টাকা এবং সর্বোচ্চ ১৯ হাজার টাকা দেখাচ্ছে। তেমনি রবিবার সর্বনিম্ন ৮ হাজার টাকা এবং সর্বোচ্চ ১৫ হাজার টাকা দেখাচ্ছে। স্বাভাবিকভাবেই, শনিবার ট্রেন বাতিল হয়ে যাওয়ায় বিমানের টিকিটের ছ্যাঁকা সাধারণ যাত্রীরা দিশেহারা হয়ে পড়েছেন।

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের তরফ থেকে বিবৃতিতে জানিয়েছে, গতকাল বৃহস্পতিবার বিকেল ৪টা নাগাদ লামডিং — বদরপুর হিল সেকশনে মুপা এলাকায় খাদ্যশস্য বহনকারী পণ্যবাহী ট্রেনের একটি ওয়াগন ২নং টানেলের ভিতরে লাইনচ্যুত হয়েছে। মেরামত ও সংস্কার কাজ চলছে। লামডিং ডিভিশনের ঊর্ধতন রেলওয়ে কর্মকর্তারা ঘটনাস্থলে পৌঁচ্ছেছেন।মেরামতির কাজ চলছে। শিগগিরই স্বাভাবিক চলাচল স্বাভাবিক হবে বলে আশা করা হচ্ছে।

লাইনচ্যুত হওয়ার কারণে ট্রেন নম্বর ০৫৬২৭ (গুয়াহাটি-আগরতলা), ট্রেন নং ০৫৬৯৭ (নিউ জলপাইগুড়ি — গুয়াহাটি), ট্রেন নম্বর ১৫৬১৭ (গুয়াহাটি-দুলবচেড়া), ট্রেন নং ১৫৬১১ ( রাঙিয়া -শিলচর), ট্রেন নং ১৫৬১২ (শিলচর-রাঙিয়া ), ট্রেন নং ১৫৬১৫ (গুয়াহাটি-শিলচর), ট্রেন নং ১৫৬১৬ (শিলচর-গুয়াহাটি), ট্রেন নং ১৪৬১৯ (আগরতলা ফিরোজপুর ক্যান্ট।) ত্রিপুরা সুন্দরী এক্সপ্রেস, ট্রেন নং ০৭০২৯ (আগরতলা-সেকেন্দ্রাবাদ), ট্রেন নং ১৩১৭৬ (শিলচর -শিয়ালদহ), ট্রেন নং ১৫৮৮৮ (গুয়াহাটি-বদরপুর ), ট্রেন নং ১৫৮৮৭ (বদরপুর-গুয়াহাটি) এবং ট্রেন নং ১২৫০৮ (শিলচর-তিরুবনন্তপুরম সেন্ট্রাল )বাতিল করা হয়েছে।তাছাড়া, ২৯ অক্টোবর থেকে শুরু হওয়া ট্রেন নম্বর ১২৫০৪ (বেঙ্গালুরু — আগরতলা) হামসাফার এক্সপ্রেসটি গুয়াহাটিতে সংক্ষিপ্তভাবে শেষ হবে এবং গুয়াহাটি এবং আগরতলার মধ্যে আংশিকভাবে বাতিল থাকবে। তেমনি, ৩১ অক্টোবর থেকে শুরু হওয়া ট্রেন নং ১৩১৭৪ (শিয়ালদহ-সাব্রুম) কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস লামডিং-এ সংক্ষিপ্তভাবে বন্ধ হবে এবং লামডিং এবং সাব্রুমের মধ্যে আংশিকভাবে বাতিল থাকবে। তেমনি, ৩০ অক্টোবর থেকে শুরু হওয়া ট্রেন নং ২০৫০২ (আনন্দ বিহার টার্মিনাল-আগরতলা) তেজস রাজধানী এক্সপ্রেস গুয়াহাটিতে সংক্ষিপ্তভাবে শেষ হবে এবং গুয়াহাটি এবং আগরতলার মধ্যে আংশিকভাবে বাতিল থাকবে।

তাছাড়া, ৩১ অক্টোবর শিলচর থেকে তিরুবনন্তপুরম উদ্দেশ্যে যাত্রাবাহী ১২৫০৮ নম্বরের ট্রেন যাত্রা পুর্ননির্ধারণ করে আজ দুপুর ১টা ৩০ মিনিটে করা হয়েছে। তেমনি, ০৭০২৯ (আগরতলা-সেকেন্দ্রাবাদ) ট্রেন আজ দুপুর ১২টা ২০ মিনিটে পুনরায় নির্ধারিত হয়েছে।

পূর্বোত্তর সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক জানিয়েছেন, রেল লাইন থেকে পণ্যবাহী ট্রেনের ইঞ্জিন সরানো হয়েছে। কিন্তু, ট্রেন চলাচলের উপযোগী করার চেষ্টা চলছে। রাতের মধ্যেই ওই রুটে ট্রেন চলাচলের উপযোগী করে তোলা সম্ভব হবে।

### ত্রিপুরা সুন্দরী মন্দিরে দীপাবলি উৎসবে

# রাজ্যে ধর্মীয় পর্যটনের বিকাশে সরকারের অগ্রাধিকার ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর।।** অশুভ শক্তিকে বিনাশ করে শুভ শক্তির আহ্বানে প্রতিবছর দীপাবলি উৎসব পালন করা হয়। দেশ বিদেশের অগণিত ধর্মপ্রাণ মানুষ সারা বছর অপেক্ষা করে থাকে এই দিনটি উদযাপন করার জন্য। আজ সন্ধ্যায় মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরে দীপাবলি উৎসব ও মেলার উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা।

মুখ্যমন্ত্রী এদিন প্রথমে কল্যাণ সাগরে কল্যাণ আরতিতে অংশগ্রহণ করেন এবং রাজ্যের কল্যাণার্থে দেবী মায়ের কাছে প্রার্থনা করেন। তারপর তিনি মন্দির সংলগ্ন ধন্যমানিক্য মুক্তমঞ্চে প্রদীপ প্রজ্জ্বলন করে ৩ দিনব্যাপি দীপাবলি উৎসব ও মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। দীপাবলি উৎসবের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে ধর্মীয় পর্যটনের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে। প্রসাদ প্রকল্পের মাধ্যমে উদয়পুর মাতাবাড়ি মায়ের মন্দিরকে নবরূপে সাজিয়ে তোলা হচ্ছে।

মুখ্যমন্ত্রী বলেন, এই মাতাবাড়ি মন্দিরে পুণ্যার্থীদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। রাজ্যে শান্তি প্রতিষ্ঠার ফলে দেশ বিদেশের লাখো পর্যটক এই ত্রিপুরাসুন্দরী মায়ের দর্শন করতে আসেন। তিনি বলেন, বর্তমান সরকার রাজ্যের সকল অংশের মানুষের কল্যাণে কাজ করছে। সরকার সর্বদা সাধারণ মানুষের সমস্যা সমাধানে তৎপর থাকে।

মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্য শ্রেষ্ঠ হলেই, ভারত শ্রেষ্ঠ হবে। মাতাবাড়ি দীপাবলির উৎসব ও মেলা জাতি জনজাতি অংশের মানুষের মিলনক্ষেত্র হিসেবে পরিগণিত, যা সর্বদা ঐক্যের বার্তা বহন করে।

উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত অতিথি সাংসদ বিপ্লব কুমার দেব বলেন, দীপাবলি উৎসব ও মেলা শুধুমাত্র সনাতন ধর্মে বিশ্বাসী লোকেদের মেলা নয়। এই উৎসব ও মেলা প্রত্যেকটি ধর্মের ও জাতির মিলন মেলা।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, গোমতী জিলা পরিষদের সহকারি সভাধিপতি সুজন কুমার সেন, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শিল্পী দাস, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য্য ত্রিপুরা বিভূষণ ড.

☞ ৬ এর পাতায় দেখুন

## মাতাবাড়ি যাওয়ার পথে বাইক দুর্ঘটনায় গুরুতর আহত দুই

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১ নভেম্বর।।** মাতাবাড়ি যাওয়ার পথে দুইটি বাইকের সংঘর্ষে গুরুতর আহত হয়েছে দুই জন। ওই ঘটনায় চড়িলাম পুরান বাড়ি সংলগ্ন এলাকার স্থানীয় মানুষ তাদেরকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গিয়েছেন।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, গতকাল রাতে বাইকে চেপে মাতাবাড়ি যাওয়ার উদ্দেশ্যে রওয়ানা দিয়েছিলেন দম্পতি। ওই সময় চড়িলাম পুরান বাড়ি সংলগ্ন এলাকায় আসামাত্র আরেকটি বাইকের সাথে সংঘর্ষ ঘটে। তাতে গুরুতর আহত হয়েছেন বাইক চালক বিশ্বজিৎ দাস সহ আরেকজন। স্থানীয় মানুষ তাদেরকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গিয়েছেন। বর্তমানে তারা হাসপাতালে চিকিৎসাধীনে রয়েছেন।

## স্ত্রীর মৃত্যুর পর হাসপাতাল চত্বরে স্বামীকে গণধোলাই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর।।** বিনা চিকিৎসায় দুই সন্তানের জননীর মৃত্যু হয়েছে। এমনটাই অভিযোগ তুলে মৃতার পরিবারের সদস্যরা জিবি হাসপাতালের চত্বরে স্বামীকে গণধোলাই দিয়েছেন।

ঘটনার বিবড়নে জানা গিয়েছে, গত ৪ বছর আগে রানীরবাজারের বাসিন্দা তাপস পালের সাথে মিতা রানী রূদ্রপালের বিয়ে হয়েছিল।বর্তমানে তাদের দুই সন্তান ও রয়েছে। তাপস পাল পেশায় সবজি বিক্রেতা।

মৃতার পরিবারের অভিযোগ, মিতা রানী রূদ্রপাল দীর্ঘদিন যাবৎ অসুস্থ ছিলেন। কিন্তু তাকে কোনোরকম চিকিৎসা করা হয়নি। ডাক্তারের পরার্মশ ছাড়াই বাজার থেকে ঔষধ কিনে নিয়ে খাওয়াতেন তার স্বামী। কিন্তু তিন দিন আগে তার শারীরিক অবস্থার অবনতি দেখে রানীরবাজার হাসপাতালে ভর্তি করানো হয়েছিল। আজ সকালে তাকে জিবি হাসপাতালে স্থানান্তর করা হয়েছিল। কিন্তু হাসপাতালে নিয়ে যেতেই মৃত্যুর কোলে ☞ ৬ এর পাতায় দেখুন

# বাম আমলে সরকারি কর্মচারীরা আর্থিক বঞ্চনার শিকার হতো ঃ রাজীব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর।।** বিগত ২৫ বছরের বাম আমলে ত্রিপুরার সরকারি কর্মচারীরা আর্থিকভাবে বঞ্চনার শিকার হতো। কিন্তু বিজেপি জোট সরকার সঠিক সময়ে সরকারি কর্মচারীদের পাশে দাঁড়িয়েছে। আজ সাংবাদিক সম্মেলন করে এমনটাই অভিযোগ করেন প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য।



এদিন তিনি বলেন, আলোর উৎসবের প্রাক মুহূর্তে দীপাবলি উপহার হিসেবে ত্রিপুরায় সরকারি কর্মচারীদের জন্য ৫ শতাংশ মহার্ঘ ভাতা ঘোষণা দিল রাজ্য সরকার। সেই মোতাবেক ৫ শতাংশ মহার্ঘ ভাতা প্রদানে রাজ্য সরকারের ৫০০ কোটি টাকা অতিরিক্ত ব্যয় হবে। এই প্রদেশ বিজেপির তরফ থেকে মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহাকে ধন্যবাদ জানিয়েছেন তিনি।

তাঁর কটাক্ষ, সিপিএম সরকার সরকারি কর্মচারীদের বেতন বৃদ্ধি করতে চাইত না। কারণ , তাঁদের মতে সরকারি কর্মচারীদের বেতন বৃদ্ধি করলে বেকারদের কর্ম সংস্থান করা যাবে না বলে দাবি করতেন।

এইভাবে সরকারি কর্মচারীদের আর্থিকভাবে বঞ্চনার শিকার করতেন। গত ২৫ বছরে নানাভাবে সিপিএম সরকার কর্মচারীদের বিভ্রান্ত করত।

# ২ কোটি টাকার ইয়াবা ট্যাবলেট সহ আটক গাড়ি চালক

### পুলিশের সাফল্যে সাধুবাদ মুখ্যমন্ত্রীর



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর ।।** নেশা বিরোধী অভিযানে সাফল্য পেল আমবাসা থানার পুলিশ।

গোপন খবরের ভিত্তিতে ৮০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করতে সক্ষম হয়েছে পুলিশ। যার বাজার মূল্য ২ কোটি টাকা। এই বিপুল সাফল্যের জন্য নিজামাজিক মাধ্যমে আমবাসা থানাকে শুভেচ্ছা জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা।

উল্লেখ্য গোপন খবরের ভিত্তিতে শুক্রবার আমবাসা থানার পুলিশ একটি গাড়িকে আটক করে। যার নম্বর টিআর০১ - সিএ -০৪৩৯। এই গাড়িতে তল্লাশি চালিয়ে মোট ৮০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে।

যার বাজার মূল্য দু কোটি টাকা হবে বলে জানিয়েছে পুলিশ। ঘটনায় গাড়িটি এবং গাড়ির চালককে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। আমবাসা থানা পুলিশের এ ধরনের সাফল্যে সাধুবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

## রাতের আঁধারে এক বাড়িতে দুঃসাহসিক চুরি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর।।** রাতের আঁধারে শান্তিরবাজার অনুকূল ঠাকুর আশ্রম সংলগ্ন এলাকায় নিশিকুটম্বের দল হানা দিয়েছে।

ইতিমধ্যে শান্তিরবাজার শহরে বিভিন্ন এলাকায় চোরের উপদ্রব বৃদ্ধি পেয়েছে। এইবারের বন্যায় শান্তিরবাজার মহকুমার লোকজন ব্যাপক ক্ষতির সন্মুখিন হয়েছে। বন্যার কবল থেকে লোকজনেরা যে সকল সামগ্রী বাঁচিয়ে রেখেছেন তা নিয়ে যাচ্ছে চোরের দল।

অসহায় লোকজনদের সর্বশান্ত করে দিয়ে চলে যাচ্ছে চোরের দল। ঘটনার বিবরণে জানা গিয়েছে, দীপাবলীর প্রাকমুহুর্তে গতকাল রাত্রিবেলায় শান্তিরবাজার অনুকূল ঠাকুর আশ্রম সংলগ্ন এলাকায় এক অসহায় পরিবারের চোরের দল হানা দিয়েছে। বাড়ি থেকে নগদ প্রায় ২১ হাজার টাকা, স্বর্নালঙ্কার, একটি সিলিন্ডার, একটি সাউন্ড বক্স সহ ☞ ৬ এর পাতায় দেখুন

## ১ লক্ষাধিক টাকার গাঁজা উদ্ধার, ধৃত এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর।।** গোপন সংবাদের ভিত্তিতে অভিযানে নেমে ১০ কেজি গ্রাম শুকনো গাঁজা উদ্ধার করা হয়েছে। সাথে এক নেশাকারবারিকে গ্রেফতার করা হয়েছে। যার বাজারমূল্য আনুমানিক ১ লক্ষ ৭২ হাজার টাকা হবে। আজ তাকে পুলিশ রিমান্ড চেয়ে আদালতে সোপর্দ করা হবে বলে জানিয়েছেন জিআরপি থানার ওসি তাপস দাস।

ওসি তাপস দাস জানিয়েছেন, গতকাল গোপন সংবাদের ভিত্তিতে থানায় খবর আসে আগরতলা রেলস্টেশন দিয়ে গাঁজা বহিঃরাজ্যে পাচার করা হবে। সেই খবরের ভিত্তিতে জিআরপিএফ অভিযান চালিয়েছ। ওই সময় সন্দেহভাজন এক ব্যক্তিকে আটক করে পুলিশ। তল্লাশি করে তাঁর কাছ থেকে ১০ কেজি শুকনো গাঁজা বাজেয়াপ্ত করা হয়েছে। যার বাজারমূল্য আনুমানিক ১ লক্ষ ৭২ হাজার টাকা হবে। ধৃত অসমের বাসিন্দা ক্ষুদিরাম কর্মকার। তাকে পুলিশ রিমান্ড চেয়ে আদালতে সোপর্দ করা হবে।

তিনি আরও জানিয়েছেন, গত এক মাসে জিআরপি থানায় ৫টি এনডিপিএস ধারায় মামলা দায়ের ☞ ৬ এর পাতায় দেখুন

### ভিলেজ কমিটি নির্বাচন

# বিজেপি, মথা, আইপিএফটি একত্রে লড়বে ঃ প্রদ্যোৎ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর।।** ভিলেজ কমিটির নির্বাচনে বিজেপি, তিপ্রা মথা ও আইপিএফটি একত্রে লড়বে। আজ রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে এমনটাই বললেনতিপরা মথার প্রাক্তন সুপ্রিমো প্রদ্যোৎ কিশোর দেববর্মন।

এদিন তিনি প্রথমে মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা এবং পরে রাজ্য নির্বাচন কমিশনের সাথে সাক্ষাৎ করে অতিসত্বর ভিলেজ কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত করার দাবী জানিয়েছেন। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, ভিলেজ কমিটির নির্বাচনের বিভিন্ন বিষয় নিয়ে আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা এবং রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করেন।

তিপ্রাসাদের উন্নয়নের জন্য অতিসত্বর ভিলেজ কমিটি নির্বাচন হওয়া উচিত।

পাশাপাশি, রাজ্যের ১৩টি ব্রু শরনার্থী ক্যাম্পের বসবাসকারীদের ভোটার তালিকাভুক্ত করার জন্য মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে চিঠি দিয়ে আবেদন জানিয়েছেন তিনি।

এদিন তিনি আরও বলেন, ভিলেজ কমিটির নির্বাচনে বিজেপি, তিপ্রা মথা ও আইপিএফটি একত্রে মিলে লড়াই করা উচিত।

কারণ, একত্রে লড়াই করলে রাজ্যের উন্নয়ন সম্ভব হবে।

## সদ্যজাত শিশুর মৃত্যুতে শোকাহত পরিবার, স্বাস্থ্য পরিষেবা নিয়ে অসন্তুষ্ট

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর।।** চড়িলাম ব্লকের বিশ্রামগঞ্জ বাঁশতলী ভিলেজের পূর্ব জোটতলীর বুদ্ধ দেববর্মার স্ত্রী বাসনা দেববর্মার প্রসবের জন্য বুধবার ভোর সাড়ে তিনটে নাগাদ বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। কর্তব্যরত চিকিৎসকের কাছে বাসনা দেববর্মার সকল রিপোর্ট দেওয়া হলেও সেগুলো তারা খুলে দেখেন নি বলে অভিযোগ করেন বুদ্ধ দেববর্মা।

সিজারিয়ান সেকশনের মাধ্যমে বাসনা ছেলে সন্তান প্রসব করেন। কিন্তু অনেকক্ষণ অপেক্ষা করার পরও চিকিৎসকরা বাসনা দেববর্মা এবং স্বামী বুদ্ধ দেববর্মার কাছে সদ্যজাত শিশুটিকে নিয়ে আসেন নি। শিশুটির মা বাবা তখন অবধি জানতেন না তাদের শিশু কেমন আছে।

বুদ্ধ সংবাদ মাধ্যমের সম্মুখে এসে জানিয়েছেন, তাদের শিশু জীবিত☞ ৬ এর পাতায় দেখুন

# সেচের কাজে ব্যবহার হচ্ছে সোলার পাম্প

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর।।** কৃষকদের আয় দ্বিগুণ করা লক্ষ্যে রাজ্য সরকার প্রতিনিয়ত চেষ্টা করে যাচ্ছে। ফসলের উৎপাদন বাড়াতে উন্নত মানের বিজ,সার ব্যবহারের পাশাপাশি এক ফর্সলী জমি কে দুই ফসলি করার উদ্যোগ নেওয়া হয়েছে। শুধু তাই নয় জমিতে ফসল ফলানোর লক্ষ্যে আধুনিক যন্ত্র ব্যবহার করে জল সেচের ব্যবস্থাও করা হয়েছে। যে সমস্ত জায়গায় বিদ্যুৎ পৌঁছায়নি সেই সমস্ত এলাকাগুলিতে ফসল ফলানোর জন্য সোলার প াম্প দেওয়া হচ্ছে। শুধু তাই নয় জলের উৎস খুঁজে বের করার জন্য মাটি খননের কাজে বিভিন্ন যন্ত্রপাতি কেনার জন্য কৃষকদের ভর্তুকি মূল্যে অর্থ সাহায্য করছে রাজ্য সরকার। এছাড়া কেন্দ্র ও রাজ্য মিলে পিএম কুসুম প্রকল্পে সেচের জন্য খুব কম খরচে কৃষকদের সোলার পাম দিচ্ছে।

রাজ্যে এখন পর্যন্ত সেচের জন্য ৩৩৬৩ টি সোলার পাম্প প্রদান করা হয়েছে কৃষকদের মধ্যে। আরো ৫০০০ পাম প্রদানের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী কৃষান উর্জ সুরক্ষা উত্থান মহা অভিযান বা পিএম কুসুম প্রকল্পে সেচের জন্য রাজ্যে কৃষকদের সোলার পাম্প প্রদান করার কাজ শুরু হয়েছে বছর দুয়েক আগে। একথা জানিয়েছেন বিদ্যুৎ দপ্তরের অধীনে থাকা পুনর্নবীকরণ যোগ্য শক্তি উন্নয়ন সংস্থার জয়েন ডাইরেক্টর দেবব্রত শুক্ল দাস। তিনি বলেন এই প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে গ্রামীণ এলাকার কৃষকদের আর্থিক মান উন্নয়ন। এই পাম্প ব্যবহারের মধ্য দিয়ে বিদ্যুৎ সাশ্রয়ের পাশাপাশি কৃষকদের ফসল ও আয় দ্বিগুণ হচ্ছে।

রাজ্যে তার ভালো সারা ও মিলেছে। তিনি আরো বলেন যে সমস্ত এলাকায় এখনো বিদ্যুৎ পৌঁছায়নি বিশেষ করে পশ্চাৎ পদ বারোটি ব্লক এলাকায় কৃষকদের মধ্যে এই পাম্প বিতরণ করা হয়েছে। এছাড়াও রাজ্যের আটান্নটি ব্লকেও এই ধরনের পাম্প দেওয়া হয়েছে। প্রতিটি পাম্পের জন্য খরচ হয়েছে এক লাখ আশি হাজার টাকা। তবে বেনি ফিসারিরা দিয়েছেন মাত্র ১৫ হাজার টাকা। বাকি টাকা ব্যয় করেছে কেন্দ্র ও রাজ্য সরকার।

এছাড়া জলের উৎস খুঁজে পেতে ৭০ মিটার বোরিং এর জন্য আনুষাঙ্গিক খরচ বাবদ প্রতি কৃষকে( যারা এই প াম্প নিয়েছেন) এক লাখ বিশ হাজার টাকা ভর্তুকিতে অর্থ সাহায্য করেছে রাজ্য সরকার। সেচের কাজে রাজ্য সরকারের অগ্রণী ভূমিকা কৃষি কাজে আগ্রহ বেড়েছে কৃষকদের। এখন কৃষকরা দুই ফসল ও তিন ফসল ধান উৎপাদনে করছে বলে জানিয়েছেন তিনি।

জাগরণ আগরতলা, ২ নভেম্বর,২০২৪ ইং
১৬ কার্ত্তিক শনিবার ১৪৩১ বঙ্গাব্দ

## সংখ্যালঘুদের উপর হামলা বৃদ্ধিতে উদ্বেগ

মহম্মদ ইউনুসের নেতৃত্বে তদারকি সরকার গঠনের পর বাংলাদেশে সংখ্যালঘুদের উপর হামলা বাড়িয়াছে। এই অবস্থায় আক্রান্তরাও একত্রিত
হইতে শুরু করিয়াছে। তারই বহিঃপ্রকাশ ঘটিয়াছে ইসকনের অন্যতম সংগঠক চিন্ময়কৃষ্ণ দাস ব্রহ্মচারীর বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবি ঘিরিয়া। সড়ক থেকে শুরু করিয়া সোশ্যাল মিডিয়ায় সরব
হইয়াছে হিন্দুরা। বৃহস্পতিবার বিকেলে চট্টগ্রামের চেরাগী পাহাড়ের মোড়ে মামলা প্রত্যাহারের দাবিতে বিক্ষোভ প্রদর্শন করেন হিন্দু ধর্মাবলম্বীরা। তাহাতে যোগ দিয়িয়ালেন কয়েক হাজার মানুষ। একই দাবিতে সোশ্যাল মিডিয়াতেও জোরদার প্রচার শুরু
হইয়াছে। ‘সেভ বাংলাদেশি হিন্দুস’ নামে একটি ফেসবুক পেজে হুঁশিয়ারি দিয়া বলা হইয়াছে, ‘২৪ ঘন্টার মধ্যে মামলা প্রত্যাহার না করা হইলে মামলাকারীর বাড়ি ঘেরাও করা হইবে।’

ঘটনার সূত্রপাত ৫ আগস্ট। গণ অভ্যুত্থানের পর ওইদিন চট্টগ্রামের নিউ মার্কেট মোড়ে একটি জাতীয় পতাকা উত্তোলন করে ছাত্র-জনতা। অভিযোগ, ২৫ অক্টোবর ইসকনের সমাবেশের দিন ওই জাতীয় পতাকার উপরে সংস্থার গেরুয়া পতাকা ওড়ানো হয়। সেই ছবি ছড়াইয়া পড়িয়াছে সোশ্যাল মিডিয়ায়। বুধবার রাতে ফিরোজ খান নামে এক ব্যক্তি চট্টগ্রামের কোতয়ালি থানায় ইসকনের অন্যতম সংগঠক চিন্ময়কৃষ্ণ দাস ব্রহ্মচারী, চট্টগ্রামের হিন্দু জাগরণ মঞ্চের সমন্বায়ক অজয় দত্ত সহ ১৯ জনের বিরুদ্ধে দেশদ্রোহিতা আইনে মামলা দায়ের করেন। এই ঘটনায় এখনও পর্যন্ত রাজেশ চৌধুরী ও হৃদয় দাস নামে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে।

সম্প্রতি বাংলাদেশে ইসকন মন্দিরে হামলার ঘটনায় উল্লেখযোগ্য সহিংসতা ও উত্তেজনার সৃষ্টি হইয়াছে। অনেক হিন্দু মন্দির এবং পূজামণ্ডপে হামলা চালানো হইয়াছে। মূলত নোয়াখালী এবং কুমিল্লার কিছু স্থানে এ ধরনের আক্রমণের খবর পাওয়া গিয়াছে। নোয়াখালীর চৌমুহনীতে ইসকন মন্দিরে প্রায় ৫০০ জনের একটি দল প্রবেশ করিয়া ভাঙচুর ও অগ্নিসংযোগ করিয়াছে, এবং এক ভক্তের মৃত্যু হয় বলিয়া জানা যায়। নোয়াখালীর ঘটনার পর স্থানীয় মানুষজন রাস্তায় নামিয়া প্রতিবাদ করেন, এবং বাংলাদেশ সরকারের কাছে নিরাপত্তার দাবি জানান।

এ ঘটনার সূত্রপাত হয় কুমিল্লায় একটি দুর্গাপূজা মণ্ডপে পবিত্র কুরানের অবমাননার অভিযোগের জের ধরিয়া। এই গুজব ছড়াইয়া পড়িবার পর বাংলাদেশের বিভিন্ন স্থানে সহিংস হামলা সংঘটিত হয়, যাহার ফলে বেশ কয়েকজন নিহত হন এবং বিভিন্ন মন্দির ভাঙচুর করা হয়। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখিতে কঠোর ব্যবস্থা নেয় এবং অনেক এলাকায় নিরাপত্তা জোরদার করা হইয়াছে। এ ঘটনাগুলি বাংলাদেশের সাম্প্রদায়িক সহাবস্থানের জন্য উদ্বেগজনক, এবং দেশ ও বিদেশের বিভিন্ন সংস্থা বাংলাদেশ সরকারকে সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত করিবার আহ্বান জানাইয়াছে। সাম্প্রতিক সময়ে বাংলাদেশ সরকার এই হামলাগুলির তদন্ত শুরু করিয়াছে এবং ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে আরও কড়া পদক্ষেপের আশ্বাস দিয়াছে।

এ নিয়া বিভিন্ন সামাজিক মাধ্যমেও তীব্র প্রতিক্রিয়া দেখা যায়, যেখানে অনেকেই এই ঘটনাকে জাতীয় প্রতীককে অসম্মান করিবার মতো কাজ হিসাবে চিহ্নিত করিয়াছেন। বর্তমানে এ বিষয়ে স্থানীয় প্রশাসন কঠোর মনোভাব দেখাইতেছে এবং ঘটনাটি তদন্ত করা হইতেছে।

## সদ্যোজাত শিশুর মৃত্যু, বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের পরিষেবা নিয়ে অসন্তুষ্ট দম্পতি

বিশালগড় (ত্রিপুরা), ১ নভেম্বর (হি.স.) : সদ্যোজাত শিশুর মৃত্যুতে শোকাহত গোটা পরিবার। স্বাস্থ্য পরিষেবা নিয়ে অসন্তাষ প্রকাশ করলেন মৃত শিশুর মা বাবা। ঘটনা সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে।

জানা গিয়েছে, চড়িলাম ব্লকের বিশ্রামগঞ্জ বাঁশতলি ভিলেজের পূর্ব জোটতলির বুদ্ধ দেববর্মার স্ত্রী বাসনা দেববর্মাকে বুধবার ভোর সাড়ে তিনটায় বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়েছিল। পরবর্তী সময় ওই মহিলা ছেলে সন্তান প্রসব করেন। কিন্তু বাসনা দেববর্মা এবং তার স্বামী বুদ্ধ দেববর্মা জানতেন না তার শিশু কেমন আছে।

হঠাৎ বৃহস্পতিবার সকাল ছয়টায় বিশ্রামগঞ্জ হাসপাতাল থেকে শিশু এবং তার মাকে রেফার করা হয় আইজিএম হাসপাতালে। তখনও তারা জানেন না শিশুটি জীবিত কি মৃত। আইজিএম হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক শিশুকে মৃত বলে ঘোষণা করেন। এখন তারা বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের পরিষেবা নিয়ে প্রশ্ন তুলছেন।

## বয়স ভাঁড়ানোর অভিযোগ বিতর্কে হেমন্ত সোরেন

নয়াদিল্লি, ১ নভেম্বর (হি.স.): ভোটমুখী ঝাড়খণ্ডে চর্চায় মুখ্যমন্ত্রীর বয়স। মনোনয়নে বয়স ভাঁড়ানোর অভিযোগ হেমন্ত সোরেনের বিরুদ্ধে। অভিযোগ, ৫ বছরে মুখ্যমন্ত্রীর বয়স বেড়েছে ৭ বছর। বারহেত বিধানসভা আসন থেকে মনোনয়ন জমা দিয়েছেন ঝাড়খণ্ডের বিদায়ী মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন। বিজেপির দা হবি, ২০১৯ সালে হেমন্তর মনোনয়নে ৪২ বছর বয়স ছিল। ২০২৪ এর হলফনামায় বয়স হয়ে গিয়েছে ৪৯। ৫ বছরের ব্যবধানে ৭ বছর বয়সের ফারাক। হেমন্তর মনোনয়নে ভুল দেখিয়ে তা বাতিলের দাবি তুলছে গেরুয়া শিবির।

শুক্রবার, বিজেপি মুখপাত্র শেহজাদ পুনাওয়ালা বলেন, জেএমএম শাসিত ঝাড়খণ্ড সরকার অনেক দুর্নীতি করেছে। এখন হলফনামায়ও দুর্নীতি করছে। এই ‘হলফনামা দুর্নীতি’-ই দেখায় যে জেএমএম সরকার কীভাবে জনগণকে লুট করেছে।

### শিলিগুড়িতে আগুনে পুড়ে ছাই তিনটি গুদাম

শিলিগুড়ি, ১ নভেম্বর (হি.স.): শুক্রবার সকালে শিলিগুড়ির বাগড়াকোর্ট পুরাতন বাজারে অগ্নিকাণ্ডের ঘটনায় তিনটি গুদাম পুড়ে ছাই হয়ে গেছে। এ ঘটনায় কোনো হতাহতের খবর নেই। সূত্রের খবর, সকালে পেঁয়াজ-রসুনের গুদাম থেকে কালো ধোঁয়া আসতে দেখেন স্থানীয় লোকজন। এরপরই দমকলে খবর দেওয়া হয়। খবর পেয়ে দমকল সার্ভিসের একটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে ঘণ্টার পর ঘণ্টা চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনে। আগুনে প্রায় তিনটি গুদাম পুড়ে ছাই হয়ে গেছে। দমকল দফতর সূত্রে জানা গিয়েছে, আতশবাজির স্ফুলিঙ্গ নাকি শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে তা তদন্তের পরই জানা যাবে।

## এরিক টেন হাগের উত্তরসূরি পেয়ে গেল রেড ডেভিলরা

ম্যানচেস্টার, ১ নভেম্বর( হি.স.): এরিক টেন হাগের উত্তরসূরি পেয়ে গেল রেড ডেভিলরা অর্থাৎ ম্যানচেস্টার ইউনাইটেড। কোচ হচ্ছেন রুবেন আমোরিমের।২০২৭ সালের জুন পর্যন্ত তাঁর সঙ্গে চুক্তি হয়েছে ম্যান ইউনাইটেডের। স্পোর্টিং লিসবনের বর্তমান ম্যানেজার নভেম্বর মাসের ২৩ তারিখে রেড ডেভিলদের দায়িত্ব নেবেন। ততদিন পর্যন্ত ব্রুনোদের কোচিং করাবেন ভ্যান নিস্টেলরুই-ই।

# যে পাঁচটি পেশার চাহিদা বাড়ছে

# সফল হতে যে সব দক্ষতার প্রয়োজন

ওলেগ কার্পিয়াক

বিশ্বে চাকরির বাজার আগের চেয়ে অনেক দ্রুত বদলে যাচ্ছে এবং এখনকার অনেক চাকরির অস্তিত্ব শিগগিরই অদৃশ্য হয়ে যাবে।

এই পরিবর্তনের পেছনে প্রধান দুটি কারণের কথা ওয়ার্ল ইকোনমিক ফোরামের সাম্প্রতিক সমীক্ষায় উঠে এসেছে।

কারণ দুটি হল নতুন প্রযুক্তির উত্থান বা অটোমেশন এবং সবুজ ও টেঁকসই অর্থনীতির দিকে এগিয়ে যাওয়া। বিগ ডেটা, ক্লাউড কম্পিউটিং এবং কৃত্রিম বুদ্ধিমত্তার মতো নতুন নতুন প্রযুক্তির দ্রুত অগ্রগতি শ্রমবাজারে আমূল পরিবর্তন আনবে বলে ধারণা করা হচ্ছে। ভাল খবর হল, নতুন প্রযুক্তি সার্বিক অর্থনৈতিক উন্নয়নে সাহায্য করবে। এতে একদিকে যেমন অনেক কর্মসংস্থানের খাত তৈরি হবে তেমন অনেক কর্মসংস্থান ধ্বংসও হয়ে যাবে।

সর্বোপরি, যখন একটি প্রতিষ্ঠান অল্প কর্মসংস্থানে বেশি অর্জন করতে পারে, তখন সেটা স্বাভাবিকভাবেই বেশি প্রসারিত হয়। ওয়ার্ল ইকোনমিক ফোরামের গবেষকরা বলছেন, আগামী পাঁচ বছরে বর্তমান চাকরির বাজার প্রায় এক-চতুর্থাংশ বদলে যাবে।

সুতরাং একটি ক্রমবর্ধমান প্রতিযোগিতামূলক চাকরির বাজারে সফল হতে প্রতিনিয়ত নতুন দক্ষতা শিখে সক্ষমতা বাড়ানোর কোনও বিকল্প নেই।

প্রধান দক্ষতা কারিগরি জ্ঞান হল এমন এক প্রধান দক্ষতা যা নতুন চাকরির প্রতিযোগিতামূলক বাজারে টিঁকে থাকার জন্য অবশ্যই অর্জন করতে হবে। এর অর্থ এই নয় যে প্রত্যেকেরই প্রোগ্রামিং ভাষা জানতে হবে বা মেশিন লার্নিং এর আদ্যোপান্ত সব বুঝতে হবে।

কিন্তু ভবিষ্যতে ”স্টেম” চাকরির চাহিদা আরও বেশি হবে বলে আশা করা হচ্ছে। ইংরেজি বর্ণমালার চারটি অক্ষর এস, টি, ই, এম - অর্থাৎ ‘স্টেম’ এর পূর্ণ অর্থ হল সায়েন্স বা বিজ্ঞান, টেকনোলজি বা প্রযুক্তি, ইঞ্জিনিয়ারিং বা প্রকৌশল এবং ম্যাথম্যাটিকস বা গণিত।

স্টেম শব্দটি মূলত এই চারটি স্বতন্ত্র কিন্তু একে অপরের সাথে প্রযুক্তিগতভাবে সম্পর্কিত শাখাগুলোকে একত্রে বোঝাতে ব্যবহৃত হয়। সুতরাং আপনি যদি ভাবেন আপনার সন্তানের স্কুলে কোন বিষয়গুলোয় ফোকাস করা উচিত, তাহলে এর উত্তর হবে: গণিত, কম্পিউটার সায়েন্স, এবং ন্যাচারাল সায়েন্সেস। ন্যাচারাল সায়েন্সেসের আওতায় পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, জৈব রসায়ন, সমুদ্র বিজ্ঞান, জ্যোতির্বিদ্যা, ভূগোল, ভূ-বিজ্ঞান এই সব বিষয়গুলো অন্তর্ভুক্ত হবে। এক কথায় ভৌত জগতের সাথে সম্পর্কিত বিজ্ঞানের শাখাই হল ন্যাচারাল সায়েন্সেস।

এরপর যে বিষয়ে দক্ষতা অর্জনে মনোযোগ দিতে হবে তা হল অ্যানালিটিকাল থিংকিং বা বিশ্লেষণধর্মী চিন্তাভাবনা।

বিশ্লেষণধর্মী চিন্তাভাবনা বিকাশের জন্য, আপনাকে আপনার জ্ঞানার্জনের ক্ষমতাকে ঘষেমেজে উন্নত করতে হবে। যেন আপনার মন এবং মনন একটি বিষয়ের ভিন্ন ভিন্ন প্যাটার্ন বা বিভিন্ন ব্যাখ্যা লক্ষ্য করতে পারে। বিভিন্ন ঘটনা বা বিষয়বস্তু একটার সাথে আরেকটির সংযোগ স্থাপন করতে পারে এবং এমন এক সিদ্ধান্তে উপনীত হতে পারে যেখানে আবেগ বা ব্যক্তিগত পছন্দের কোনও প্রভাব নেই। এভাবে নিজের জ্ঞান আহরণের ক্ষমতাকে আরও শাণিত করতে হবে। এই সক্ষমতা অর্জনের জন্য কোনও একটি বিষয়ে মনোযোগ এবং একাগ্রতা ধরে রাখার অভ্যাস গড়ে তুলতে হবে। এজন্য মনকে প্রশিক্ষিত করা প্রয়োজন।

কারণ আজকাল বিভিন্ন গ্যাজেট, সামাজিক যোগাযোগ মাধ্যম, অনলাইন গেম এবং বিজ্ঞাপনের কারণে আমাদের মনোযোগ ধরে রাখাই বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

কেন না এসব বিষয়ে সংযুক্ত না থাকলে আমাদের মধ্যে হারিয়ে যাওয়ার ভয় সৃষ্টি হয়। যাকে অনেকে বলেন ”ফিয়ার অফ মিসিং আউট”। অ্যানালিটিকাল স্কিলস বা বিশ্লেষণধর্মী দক্ষতার মধ্যে রয়েছে কৌতূহল এবং প্রতিনিয়ত নিজেকে স্ব-শিক্ষিত করে তোলার বিষয়টি। এভাবে ক্রমাগত নিজেকে উন্নত করতে এবং শিখতে, আপনাকে একটি নির্দিষ্ট লক্ষ্যের দিকে ফোকাস ধরে রাখা আয়ত্ত করতে হবে।

উচ্চ স্তরের ইংরেজি ভাষা শেখাও অত্যন্ত মূল্যবান একটি দক্ষতা।

এছাড়া সৃজনশীলতাও বেশ জরুরি। বিজ্ঞান, প্রকৌশল, নকশা বা শিল্পে, যে ব্যক্তি প্রযুক্তিগত দক্ষতার সাথে সৃজনশীলতাকে এক করতে পারবেন তারাই পদোন্নতি পাওয়ার সুযোগ বেশি। কৃত্রিম বুদ্ধিমত্তার এই যুগে যোগাযোগ এবং সহানুভূতি অত্যন্ত মূল্যবান দুটি দক্ষতা। যন্ত্র যত দ্রুত বিকাশ লাভ করুক না কেন, মানুষের সব সময়েই আরেকজন মানুষের প্রয়োজন হবে এবং মানুষের প্রতি মানুষের মনোযোগ, সবাই মিলে কাজ করা, একজন আরেকজনের কথা মনোযোগ দিয়ে শোনা, গল্প করা, পাশে থাকা এবং সহানুভূতির মূল্য দিন দিন বাড়তেই থাকবে।


২০২০ সালে প্রকাশিত লিঙ্কড-ইনের একটি প্রতিবেদন অনুসারে, যোগাযোগ ইতিমধ্যেই আজকের চাকরির বাজারে সবচেয়ে চাহিদাসম্পন্ন দক্ষতা হয়ে উঠেছে।

“কর্মক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) এবং রোবটিক্সের ব্যবহার, রিমোট ওয়ার্কফোর্স বা দূরবর্তী চাকরিজীবীদের হার বেড়ে যাওয়া এবং প্রযুক্তির ক্রমবিকাশ হওয়ার সাথে সাথে আমরা সারা বিশ্বের মানুষের সাথে সংযোগ স্থাপন করতে পারছি।’ ’এতো মানুষের সাথে কথা বলতে বা তাদের কথা শুনতে জানা এবং তাদের সাথে সংযোগ তৈরি করার চেয়ে কখনই কোনও কিছু গুরুত্বপূর্ণ ছিল না”, বলেছেন প্রতিভা এবং কর্মক্ষেত্রে সংযোগ স্থাপন বিশেষজ্ঞ ড্যান নেগ্রোনি। ১. নতুন প্রযুক্তি এতে অবাক হওয়ার কিছু নেই যে তথ্য প্রযুক্তি এবং নতুন প্রযুক্তি অদূর ভবিষ্যতে সব চেয়ে প্রতিশ্রুতিশীল খাতগুলির মধ্যে একটি।

কৃত্রিম বুদ্ধিমত্তা বিকাশের পাশাপাশি মেশিন লার্নিং-দক্ষতা অনেক আকর্ষণীয় সব সুযোগ তৈরি করবে। এক্ষেত্রে সবচেয়ে প্রতিশ্রুতিশীল পেশাগুলোর মধ্যে একটি হল প্রম্পট ইঞ্জিনিয়ারিং। এরা মূলত যোগাযোগ বিশেষজ্ঞ যারা কৃত্রিম বুদ্ধিমত্তার মডেলগুলোর সাহায্যে এই যোগাযোগের কাজটি করে থাকে। তারা সঠিকভাবে গ্রাহকদের অনুরোধগুলো সঠিকভাবে প্রণয়ন করতে সাহায্য করে এবং কৃত্রিম বুদ্ধিমত্তা এবং মানুষের মধ্যে এক ধরনের মধ্যস্থতাকারী হিসাবে কাজ করে। এআই সম্পর্কিত অন্যান্য সম্ভাব্য চাকরির মধ্যে রয়েছে এথিসিস্ট বা নীতিবিদ, সিকিউরিটি ইঞ্জিনিয়ার বা নিরাপত্তা প্রকৌশলী এবং ডেভেলপার্স যারা মানুষ এবং যন্ত্রের মধ্যে সংযোগ স্থাপনের জন্য ইউজার ফ্রেন্ডলি ইন্টারফেস তৈরি করে। সাধারণভাবে যখন কৃত্রিম বুদ্ধিমত্তার প্রসঙ্গ আসে, তখন বিভিন্ন পেশার মানুষদের পরামর্শ দেওয়া হয় যে তারা যেন এই প্রযুক্তিকে তাদের প্রতিযোগী হিসেবে নয়, বরং একটি অংশীদার হিসেবে দেখে। এবং নতুন এই প্রযুক্তির সাথে কীভাবে তাল মিলিয়ে চলা যায় সে বিষয়ে জানার চেষ্টা করে। সম্ভাবনার আরেকটি ক্ষেত্র হল অ্যানালাইসিস অব বিগ ডেটা অর্থাৎ বড় বড় তথ্য উপাত্তের বিশ্লেষণ। নেটফ্লিক্সের মতো অনলাইন প্ল্যাটফর্ম থেকে শুরু করে হ্যাড্রন কোলাইডার বা কন্টোল সিস্টেমের মতো বিভিন্ন ধরনের বিশাল বিশাল তথ্য বিশ্লেষণের দক্ষতা অর্জন বেশ জরুরি।

সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞদের জন্য অবশ্যই কাজের কোনও অভাব হবে না, কারণ প্রতিনিয়ত সংবেদনশীল তথ্যের হার বাড়তেই থাকবে। সে জন্য নিরাপত্তার প্রয়োজনও বাড়বে।

এ কারণে আর্থিক প্রযুক্তি বিশেষজ্ঞ, বিজনেস অ্যানালিস্ট বা ব্যবসা বিশ্লেষক এবং ব্লকচেইন সিস্টেম ডেভেলপারদেরও প্রয়োজন হবে।



বিবিসি বাংলার খবর পেতে গুগল নিউজ চ্যানেল অনুসরণ করুন।

২. ”সবুজ” চাকরি

ওয়ার্ল ইকোনমিক ফোরামের ফিউচার অফ জবস রিপোর্ট ২০২৩ অনুসারে, সব ধরনের খাত এবং শিল্পে ”সবুজ” চাকরির চাহিদা দ্রুত বাড়ছে। প্রতিবেদনে বলা হয়েছে, ’সবুজ রূপান্তরের কারণে ২০৩০ সালের মধ্যে বিশ্বব্যাপী তিন কোটি কর্মসংস্থান তৈরি হতে পারে। এবং এই কর্মসংস্থান তৈরি হবে নবায়নযোগ্য জ্বালানি, অল্প শক্তি ব্যবহার করে বেশি উৎপাদন এবং কম নির্গমন প্রযুক্তি এই তিনটি খাতে।” সবুজ শক্তি এবং টেঁকসই উন্নয়নে নতুন চাকরির সুযোগের ক্ষেত্রে আপাতত যে সব দেশ সবচেয়ে বেশি এগিয়ে রয়েছে তাদের মধ্যে রয়েছে পশ্চিমা দেশ এবং জাপান। অবশ্য চীনও ক্রমশ এগিয়ে যাচ্ছে। এই কাজগুলো ব্যবসা, বিজ্ঞান, রাজনীতি বা সরাসরি পরিবেশের সাথে সম্পর্কিত হতে পারে। তারা মূলত ওই পেশায় থেকেই পুনরায় নবায়নযোগ্য শক্তির ব্যবহার বা শক্তির নতুন উৎসের সন্ধান এবং ব্যাটারির উন্নয়নে কাজ করতে পারে, বিপন্ন জীববৈচিত্র্য সংরক্ষণ করতে পারে, ব্যবসায়িক পরামর্শ দিতে পারে। উদাহরণস্বরূপ, তারা আইনি সহায়তা দিতে পারে, আইনের সাথে সংশ্লিষ্ট হতে পারে এবং পরিবেশ সুরক্ষা আইনে পরিবর্তন আনতে পারে।

এছাড়াও সামনের দিনগুলোয় স্মার্ট হোম প্ল্যানার, আর্কিটেক্ট (স্থাপত্য কৌশলী), ডিজাইনার এবং নির্মাতাদের প্রয়োজন হবে।

৩. স্বাস্থ্য পেশাজীবী

বিশ্বে মানুষের গড় আয়ু যত বাড়ছে ততই বাড়ছে বার্ধক্যে উপনীত জনসংখ্যার হার।

এই বয়স্ক মানুষদের যত্ন এবং চিকিতার প্রয়োজন ক্রমেই বাড়বে। অতএব, অদূর ভবিষ্যতে স্বাস্থ্যসেবা পেশাদারদের কাজের চাহিদা অনেক বেশি থাকবে। বিশেষ করে সেই সব স্বাস্থ্যসেবা পেশাদার প্রয়োজনীয়তা বেশি বাড়বে যারা রোগীদের শুধু ওষুধই নয় বরং নৈতিক সমর্থন দেওয়ারও দক্ষতা রাখেন।

চিকিৎসক এবং স্বাস্থ্যসেবা বিশেষজ্ঞদের ক্রমাগত শিখতে হবে।

তাদের ডায়াগনোসিস বা স্বাস্থ্য পরীক্ষার নতুন নতুন পদ্ধতি এবং চিকিতায় নতুন উদ্ভাবিত পদ্ধতির সাথে খাপ খাইয়ে নিতে হবে। কৃত্রিম বুদ্ধিমত্তাও এক্ষেত্রে সাহায্য করতে পারে।

এছাড়াও মানসিক রোগ বিশেষজ্ঞ বা সাইকোথেরাপিস্ট এবং পার্সোনাল ডেভেলপমেন্ট মেন্টরস বা বিভিন্ন ব্যক্তিগত উন্নয়ন পরামর্শদাতা বা আধ্যাত্মিক অনুশীলনের প্রশিক্ষকদের জন্যও কাজের ক্ষেত্রে তৈরি হবে।

৪. ”ম্যানুয়াল” কাজ

আগামী বছরগুলোয়, মেকানিক, মেরামতকারী, ইলেকট্রিশিয়ান বা বিল্ডারদের মতো ম্যানুয়াল চাকরিতে পেশাদারদের প্রয়োজন বাড়বে। কিছু ছোট ছোট সুনির্দিষ্ট কাজ রয়েছে যা বিভিন্ন পরিস্থিতিতে বেশ প্রয়োজন। এক্ষেত্রে মানুষের কোনও বিকল্প নেই। কিন্তু সব সময় সবার চেয়ে এগিয়ে থাকতে এবং সবার চাহিদার মধ্যে থাকার জন্য, এই বিশেষজ্ঞদের ক্রমাগত তাদের প্রযুক্তিগত জ্ঞান উন্নত করতে হবে এবং নতুন স্মার্ট টুলগুলো ব্যবহারে দক্ষতা অর্জন করতে হবে। কৃষিতে নতুন পেশার চাহিদাও বাড়বে বলে আশা করা হচ্ছে। বিশ্বের জনসংখ্যা বাড়ছে এবং প্রত্যেকের বেঁচে থাকার জন্য খাবারের প্রয়োজন।

তারপরও যদি তুলনা করা হয় কৃষক ও প্রকৌশলীর মধ্যে তাহলে এটা বলতেই হবে যে কৃষকদের চেয়ে দক্ষ প্রকৌশলীর চাহিদাই বেশি হবে। যে সব চাকরির অস্তিত্ব সংকটে এমন অনেক কাজ রয়েছে যা শিগগিরই শ্রমবাজার থেকে অদৃশ্য হতে শুরু করবে। এগুলো মূলত এসব সব কাজ যা এখন স্বয়ংক্রিয়ভাবে অর্থাৎ প্রযুক্তির সাহায্যে সহজেই করা যাবে।

নিচে এমন সম্ভাব্য সব কাজের একটি তালিকা করা রয়েছে যারা শিগগিরই শ্রম বাজার থেকে অদৃশ্য হয়ে যেতে পারে:

গ্রাহক পরিষেবা (ক্যাশিয়ার, বিক্রয়কর্মী, পরামর্শদাতা, ইত্যাদি)।

অফিস ব্যবস্থাপনা (দূরবর্তী কাজ বাড়ার কারণে)।

ডেটা এন্টি (পরিসংখ্যানবিদ, আর্থিক পেশাদার, টাইপিস্ট, প্রযুক্তিগত অনুবাদক)।

অ্যাকাউন্টিং। কারখানার শ্রমিক যারা পুনরাবৃত্তিমূলক কাজ করেন।

৫. গল্প বলা- আরেকটি পেশা, যার কথা খুব কমই উল্লেখ করা হয়েছে, কিন্তু নিঃসন্দেহে এই পেশাদারদের প্রয়োজন ভবিষ্যতে বাড়তে থাকবে, তা হল গল্পকার।

হাজার হাজার বছর আগে যেমন এই গল্পকারদের প্রয়োজন ছিল, তেমনি মানুষের অভিজ্ঞতার সাথে সম্পর্কিত যে কোনও সৃজনশীল কাজ অপরিহার্য হয়ে থাকবে।

আমাদের লেখক, কবি, পরিচালক, অভিনেতা, কৌতুক অভিনেতা, শিল্পী এবং সঙ্গীতজ্ঞদের প্রয়োজনীয়তা অব্যাহত থাকবে। এমনকি কৃত্রিম বুদ্ধিমত্তা এই খাতে নতুন চ্যালেঞ্জ তৈরি করলেও এই পেশাদারদের প্রয়োজনীয়তা কমবে না।

# জীবদ্দশায় স্বীকৃতি পাননি বাইসাইকেলের আবিষ্কারক

মানুষ গতি ভালবেসে পোষ মানায় বনের ঘোড়াকে। চাকা আবিষ্কারের পর পশুবাহিত শকট তার পথশ্রম কমালেও মেলেনি গতি, মেলেনি স্বাধীন যাত্রা। অতএব আবিষ্কার বাইসাইকেলের। চাকার গতি আর ভারসাম্যের মিশেলের এক চমকপ্রদ রসায়ন। গতির গানে মিশে গেল স্বাধীন উড়ানের সুর।

তবে মানবসভ্যতাকে সাইকেলের আবিষ্কারের জন্য অপেক্ষা করতে হয়েছিল শিল্পবিপ্লবের সময়, অর্থাৎ ঊনবিংশ শতকের প্রথম ভাগ পর্যন্ত। তখন মেশিন হয়ে উঠেছে সভ্যতার চালিকাশক্তি, আবিষ্কারকরা নিচ্ছেন উল্লেখযোগ্য ভূমিকা।

ইতিহাসের এ রকমই এক দিন ১৮১৭ সালের ১২ জুন। জার্মানির ম্যানহেম শহরের এক গুরুত্বপূর্ণ রাস্তায় প্রচুর মানুষের ভিড়। তাঁরা দেখতে এসেছেন এক নতুন আবিষ্কার। এমন এক নতুন যান, যা ঘোড়া বা কোনও বাহক পশু ছাড়াই মানুষের হাতে চলবে। সত্যি? এমন হয় নাকি? দেখার জন্যই জনসমাগম।

এলেন আবিষ্কারক ব্যারন কার্ল ভন ড্রেস। তাঁর বাহনের সামনে ও পিছনে দু’টি চাকা এক সরলরেখায় একটি কাঠের কাঠামোয় যুক্ত। কাঠামোর সামনে ত্রিভুজাকৃতি এক হ্যান্ডেল। আছে বসার আসন, স্যাডেল। আবার সামনে একটি রজ্জু যা পিছনের চাকায় যুক্ত, যা যানটির ব্রেক হিসেবে কাজ করে। কোনও প্যাডেল নেই। দুই পা মাটিতে ব্যবহার করে ভারসাম্য রেখে চালাতে হবে।

ড্রেস যানটি চালালেন। ম্যানহেম থেকে সোয়েটজিংগার পর্যন্ত। আট-ন’মাইল দূরত্ব যাত্রা করলেন এক ঘণ্টারও কম সময়ে। হেঁটে যাতায়াতের চেয়ে এক-চতুর্থাংশ সময়ে। যাত্রা শুরু হল পৃথিবীর প্রথম বাইসাইকেলের, যা আধুনিক বাইসাইকেলের আদিতম রূপ।

ব্যারন কার্ল ভন ড্রেস-এর জন্ম দক্ষিণ জার্মানির বাদেন-এর এক অভিজাত পরিবারে। তিনি বনবিভাগে কাজ করতেন, কিন্তু মগ্ন থাকতেন আবিষ্কারে। তিনি আবিষ্কার বা নির্মাণ করেছিলেন পিয়ানো-সুরকে রেকর্ড করার পদ্ধতি, বর্ণমালা নির্ণয় করার বাইনারি অ্যালগোরিদম, টাইপরাইটার ইত্যাদি। সময়ের দাবিই তাঁকে প্ররোচনা দিয়েছিল বাহক-প্রাণী ছাড়াই যানবাহন তৈরি করার। সেই সময় জার্মানিতে চলছিল প্রবল রাজনৈতিক টানাপড়েন ও অর্থনৈতিক সঙ্কট। গ্রেট ব্রিটেনের বিরুদ্ধে জারি করা অর্থনৈতিক অবরোধের আইন রাশিয়া না মানলে ১৮১২ সালে নেপোলিয়ন রাশিয়া আক্রমণ করেন। রাশিয়ার কৌশলে পিছু হঠে নেপোলিয়নের সৈন্যরা। রাশিয়া থেকে পশ্চাদপসরণের সময় ক্ষুধার্ত সৈন্যরা জার্মানি হয়ে যাওয়ার সময় লুঠ করে নিচ্ছিল শস্যভান্ডার।

তা ছাড়াও ১৮১৫ সালে হয় মাউন্ট টাম্বোরা আগ্নেয়গিরির ভয়ঙ্কর অগ্ন্যুৎপাত। তার ছাইয়ের মেঘে ইউরোপ ও উত্তর আমেরিকার পরিবেশ হল বিপর্যস্ত, নষ্ট হয়ে গেল ফসল। খাদ্যের অভাবে ঘোড়া বা গৃহপালিত জন্তুরা মরে যেতে লাগল বা ক্ষুধা নিবৃত্তির জন্য তাদের খেয়েও ফেলা হতে লাগল। এই পরিস্থিতিতেই কার্ল ভন ড্রেস আবিষ্কার করলেন প্রথম পশু-বাহকবিহীন যান বাইসাইকেল। তাঁর নামে অনুসারে প্রথমে এর নাম হয় “ড্রাইসিন”। আরও পরে এর নাম হয় “ভেলোসিপেড”। জার্মানিতে ড্রাইসিন-এর সফল প্রদর্শনীর পরে ড্রেস ভাবলেন বাণিজ্যিক ভাবনা। বাণিজ্যিক সাফল্যের জন্য ১৮১৮ সালের এপ্রিলে প্যারিসের লুক্সেমবার্গ গার্ডেনে আয়োজন করলেন এক দর্শনীয় প্রদর্শনীর। সুসজ্জিত অভিজাত পুরুষ, মহিলা ও শিশুদের উপস্থিতিতে আয়োজনটি উৎসবের চেহারা নিয়েছিল। প্রথম দিকে ড্রেস-এর আবিষ্কার সকলের দৃষ্টি আকর্ষণ করেছিল। যেমন অনেকে পার্কে বেড়ানোর জন্য এটি ব্যবহার করতেন। পার্কের বাইরে তা ভাড়াতেও পাওয়া যেত। কিন্তু বিভিন্ন কারণে এই চাহিদা বেশি দিন স্থায়ী হতে পারেনি। প্রথমত, তখন বেশির ভাগ রাস্তাই ছিল এবড়ো-খেবড়ো। আর ফুটপাতে চালালে তা ফুটপাতচারীদের পক্ষে বিরক্তিকর হয়ে উঠত। দ্বিতীয়ত, প্রথম প্রদর্শনীর পর সংবাদমাধ্যম আগ্রহ প্রকাশ করেছিল। ‘সন্ডার’স নিউজলেটার-এর ২৫ সেপ্টেম্বর ১৮১৭-র সংখ্যায় এই আবিষ্কারের বিস্তারিত বর্ণনা দেওয়া হয়েছিল। কিন্তু প্যারিসে বাণিজ্যিক প্রদর্শনীর পর জোটেনি সে রকম ইতিবাচক প্রতিক্রিয়া। “লিভারপুল মার্কারি” কাগজটি তার ২৪ এপ্রিল ১৮১৮ সংখ্যায় কিঞ্চিৎ আশাবাদ দেখালেও “জার্নাল দ্য প্যারিস” এই যানটিকে বাচ্চাদের খেলনা-ঘোড়ার সঙ্গে তুলনা করে বিস্তর নিন্দেমন্দ করেছিল।

বাইসাইকেলের প্রথম আবিষ্কারক হয়েছিলেন উপহাস ও ব্যঙ্গের শিকারও। ইতিহাসবিদ ডেভিড হ্যারিলদি উপহাস করে বলেছিলেন, “মুচিরা এটির প্রতি কৃতজ্ঞ থাকবে। কারণ জুতো ক্ষয় করে এটি মুচিদের ব্যবসার সুবিধে করে দেবে।” আর এক ইতিহাসবিদ অ্যান্ড্রু রিচি ব্যঙ্গ করে এটির নাম দিয়েছিলেন “ভোলসিপেড্রানিয়া ভাপোরিয়ানা” এবং বলেছিলেন, “এটির পেটেন্ট নিতে হবে পনেরো দিনে চোদ্দো মাইল যায় বলে।” এই আবিষ্কার ড্রেসকে ব্যবসায়িক সাফল্য দিতে পারেনি, কারণ সেই সময়ে “ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইট” বা পেটেন্ট-এর আইনকানুন তেমন পাকাপোক্ত হয়নি। ড্রেস পেটেন্ট-এর চেষ্টা করলেও তাঁর যানকে নকল করা থেকে ঠেকাতে পারেননি। ফ্রান্সের জনৈক ডেভিস জনসন-সহ অনেকেই তাঁর যানটি অনুকরণ করে ব্যবসা শুরু করেছিলেন। আক্ষেপের কথা, জীবদ্দশায় ড্রেস তাঁর আবিষ্কারের যথাযোগ্য স্বীকৃতি পাননি। শেষ জীবনে “যন্ত্র আবিষ্কারক” নয়, তিনি চর্চিত হয়েছিলেন এক “ব্যর্থ পাগলাটে উদ্ভাবক” হিসাবে।

ব্যক্তিজীবনে ড্রেস ছিলেন ভাগ্যবিড়ম্বিত। চোদ্দো বছর বয়সে মাতৃহারা হন। তখনকার রাজনৈতিক নির্যাতন এড়ানোর জন্য তাঁকে ব্রাজিলে পালাতে হয়েছিল। ত্যাগ করেছিলেন “ব্যারন” খেতাব। ১৮২৭-এ ফিরে এসে দেখেন তাঁর পিতা চরম অসুস্থ, মৃগীরোগে আক্রান্ত। তাঁর আত্মজীবনীকার লেসিং-এর বর্ণনা অনুযায়ী, ১৮৩০ সালে পিতৃবিয়োগের পর অবিবাহিত ড্রেস সুরার নেশাকে আঁকড়ে ধরেন। জার্মান রেভোলিউশনের ব্যর্থতার ভোগান্তিও নেমে আসে তাঁর উপর। বোনের প্রভাবে মৃত্যুদণ্ড থেকে বাঁচলেও তাঁর সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়। নিঃস্ব অবস্থায় ১৮৫১ সালের ১০ ডিসেম্বর মারা যান ড্রেস। তাঁর অবদানের স্বীকৃতি তো মেলেইনি, বরং তা মুছে ফেলারও চেষ্টা হয়।

কিন্তু মেঘ আড়াল করলেও সূর্য জেগে থাকে তার দীপ্তি নিয়ে। ঊনবিংশ শতকের শেষে বাইসাইকেল জনপ্রিয়তার তুঙ্গে উঠল। বাইসাইকেলের জনক ড্রেস- এর নামে ফলক স্থাপিত হল তাঁর কার্লশ্রুহে-র বাসস্থানে। ১৮৯১ সালে তাঁর সমাধি স্থানান্তরিত হল নতুন সমাধিস্থলে। সেখানে স্থাপিত হল তাঁর স্মৃতিস্তম্ভ। তাঁর আবিষ্কারের দ্বিশতবর্ষ পূর্তিতে ২০১৭ সালে তাঁর ছবিসহ একটি জার্মান ইউরো মুদ্রা প্রকাশিত হয়। তাঁর স্মরণে মুদ্রিত হয় একটি ডাকটিকিটও। বেঁচে থাকতে গভীর মনোকষ্টে প্রয়াত আবিষ্কারক এ সবের কোনও আভাসই পাননি।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

## ভিড়ের সময় যাত্রীদের ভ্রমণ সহজ করে তুলতে

# উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরও কয়েকটি উৎসব স্পেশাল ট্রেন



মালিগাঁও, ৩১ অক্টোবর, ২০২৪: ২০২৪-এর উৎসবের মরসুম চলার সময়ে যাত্রীদের ক্রমবর্ধমান ভিড় সামলাতে আরও আট জোড়া অতিরিক্ত উৎসব স্পেশাল ট্রেন পরিচালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই উৎসব স্পেশাল ট্রেনগুলির বিশদ বিবরণ নিম্নরূপ: ট্রেন নং. ০৫৭৪২ (নিউ জলপাইগুড়ি - গোমতিনগর) উৎসব স্পেশাল ০৩ থেকে ২৪ নভেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত নিউ জলপাইগুড়ি থেকে ০৮.০০ ঘণ্টায় রওনা দিয়ে পরের দিন ০৭.১৫ ঘণ্টায় গোমতিনগর পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ০৫৭৪১ (গোমতিনগর-নিউ জলপাইগুড়ি) উৎসব স্পেশাল ০৪ থেকে ২৫ নভেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত গোমতিনগর থেকে ০৯.২০ ঘণ্টায় রওনা দিয়ে পরের দিন ১০.৪৫ ঘণ্টায় নিউ জলপাইগুড়ি পৌঁছবে।

ট্রেন নং. ০৮৬২৬ (রাঁচি-পুর্নিয়া কোর্ট) উৎসব স্পেশাল ০৩ ও ১০ নভেম্বর, ২০২৪ তারিখে রাঁচি থেকে ১৮.০০ ঘণ্টায় রওনা দিয়ে পরের দিন ১১.০০ ঘণ্টায় পুর্নিয়া কোর্ট পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ০৮৬২৫ (পুর্নিয়া কোর্ট-রাঁচি) উৎসব স্পেশাল ০৪ ও ১১ নভেম্বর, ২০২৪ তারিখে পুর্নিয়া কোর্ট থেকে ১২.১০ ঘণ্টায় রওনা দিয়ে পরের দিন ০৫.৩০ ঘণ্টায় রাঁচি পৌঁছবে।

ট্রেন নং. ০৫৭৩৮ (কাটিহার-গোমতিনগর) উৎসব স্পেশাল ০৪ থেকে ২৫ নভেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত কাটিহার থেকে ১১.২৫ ঘণ্টায় রওনা দিয়ে পরের দিন ০৭.১৫ ঘণ্টায় গোমতিনগর পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ০৫৭৩৭ (গোমতিনগর-কাটিহার) উৎসব স্পেশাল ০৫ থেকে ২৬ নভেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত গোমতিনগর থেকে ০৯.৩০ ঘণ্টায় রওনা দিয়ে পরের দিন ০৫.০০ ঘণ্টায় কাটিহার পৌঁছবে।

ট্রেন নং. ০৮১৮১ (টাটা নগর জং.-কাটিহার) উৎসব স্পেশাল ০৪ ও ১১ নভেম্বর, ২০২৪ তারিখে টাটা নগর জংশন থেকে ২২.৪০ ঘণ্টায় রওনা দিয়ে পরের দিন ১৫.১৫ ঘণ্টায় কাটিহার পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ০৮১৮২ (কাটিহার-টাটা নগর জং.) উৎসব স্পেশাল ০৫ ও ১২ নভেম্বর, ২০২৪ তারিখে কাটিহার থেকে ১৯.৪০ ঘণ্টায় রওনা দিয়ে পরের দিন ১০.০০ ঘণ্টায় টাটা নগর জংশন পৌঁছবে।

ট্রেন নং. ০৫৬৪১ (গুয়াহাটি-গোমতিনগর) উৎসব স্পেশাল ০২ নভেম্বর, ২০২৪ তারিখে গুয়াহাটি থেকে ১৯.৪০ ঘণ্টায় রওনা দিয়ে তৃতীয় দিন ০১.৫০ ঘণ্টায় গোমতিনগর পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ০৫৬৪২ (গোমতিনগর-গুয়াহাটি) উৎসব স্পেশাল ০৪ নভেম্বর, ২০২৪ তারিখে গোমতিনগর থেকে ০৫.১৫ ঘণ্টায় রওনা দিয়ে পরের দিন ১২.০০ ঘণ্টায় গুয়াহাটি পৌঁছবে।

ট্রেন নং. ০৫৪০৮ (চন্ডিগড় -কাটিহার) উৎসব স্পেশাল ০৩ নভেম্বর, ২০২৪ তারিখে চন্ডিগড় থেকে ২২.০০ ঘণ্টায় রওনা দিয়ে তৃতীয় দিন ০৩.৪৫ ঘণ্টায় কাটিহার পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ০৫৪০৭ (কাটিহার -আমবালা ক্যান্ট.) উৎসব স্পেশাল ০১ ও ০৫ নভেম্বর, ২০২৪ তারিখে কাটিহার থেকে ০৭.০০ ঘণ্টায় রওনা দিয়ে পরের দিন ১৩.৪০ ঘণ্টায় আমবালা ক্যান্ট. পৌঁছবে। ট্রেনটি আন-রিজার্ভ হিসেবে চলবে।

ট্রেন নং. ০৭৬৯১ (আগরতলা — ধর্মনগর) উৎসব স্পেশাল আগরতলা থেকে ০৫:০০ ঘণ্টায় রওনা দিয়ে একই দিনে ০৮:৫০ ঘণ্টায় ধর্মনগর পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ০৭৬৯২ (ধর্মনগর — আগরতলা) উৎসব স্পেশাল ধর্মনগর থেকে ১০:৩০ ঘণ্টায় রওনা দিয়ে একই দিনে ১৪:০৫ ঘণ্টায় আগরতলা পৌঁছবে। ট্রেনটি ৩১ অক্টোবর থেকে ২ নভেম্বর, ২০২৪ পর্যন্ত প্রতিদিন চলবে।

ট্রেন নং. ০৭৬৯৮ (আগরতলা — সাব্রুম) উৎসব স্পেশাল আগরতলা থেকে ১৪:৩০ ঘণ্টায় রওনা দিয়ে একই দিনে ১৬:৫০ ঘন্টায় সাব্রুম পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ০৭৬৯৭ (সাব্রুম --- আগরতলা) উৎসব স্পেশাল সাব্রুম থেকে ১৭:২০ ঘন্টায় রওনা দিয়ে একই দিনে ১৯:৪৫ ঘন্টায় আগরতলা পৌঁছবে। ট্রেনটি ৩১ অক্টোবর থেকে ২ নভেম্বর, ২০২৪ পর্যন্ত প্রতিদিন চলবে।

এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি-এর ওয়েবসাইটে পাওয়া যাবে এবং বিভিন্ন সংবাদপত্র ও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের বিভিন্ন সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্মেও অধিসূচিত করা হয়েছে। যাত্রা করার পূর্বে এই বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।

## কাপড় শুকানোকে কেন্দ্র করে দুই প্রতিবেশীর বিবাদে চলল গুলি, রণক্ষেত্র কুলটি

কুলটি, ১নভেম্বর (হি. স.) : কাপড় শুকানোকে কেন্দ্র করে হাতাহাতি, চলল গুলি। রণক্ষেত্র আসানসোলের কুলটি থানার শীতলপুর এলাকা। বিবাদ চরমে উঠলে দুই প্রতিবেশী লাঠি নিয়ে একে অপরকে মারধর করেন বলে জানা যাচ্ছে। হাতও ভেঙে যায় একজনের।

শীতলপুরে ইসিএলের চার নম্বরে পাশাপাশি রয়েছে দু'টি আবাসন। একটি কালীচরণ রামের, অন্যটি সঞ্জীব শর্মার। স্থানীয় সূত্রে খবর, কালীচরণের পরিবার ভেজা কাপড় মেলায় শুরু হয় বিবাদ। প্রথমে কথা কাটাকাটি, তারপর হাতাহাতি, তারপর লাঠি নিয়ে চড়াও হয় একে অপরের উপর। এরইমধ্যে হাত ভেঙে যায় কালীচরণের। বাবাকে বাঁচাতে গিয়ে সঞ্জীব ও তাঁর ছেলে পিন্টু শর্মার আক্রমণের মুখে পড়ে কালীচরণের ছেলে আয়ূষ সোম। অভিযোগ, পেশায় পুরোহিত সঞ্জীব উত্তেজনার আবহে আচমকা বাড়ি থেকে বন্দুক বের করে আয়ূষকে লক্ষ্য করে গুলি চালিয়ে দেয়। স্থানীদের মোবাইলে তোলা ছবিতে সঞ্জীব শর্মার হাতে দেশি বন্দুকও দেখা যায়। এদিকে উত্তেজনার খবর ততক্ষণে চলে গিয়েছে পুলিশের কাছে। সঞ্জীব ও পিন্টুকে আটক করে থানায় নিয়ে যাওয়া হয়।

**PRESS NOTICE INVITING e-TENDER NO:-20/EE-BRG/PWD/2024-25 dated, /2024**

The Executive Engineer, Bishramganj Division, PWD(R&B), Bishramganj invites online percentage rate tender for the works namely:-

| Sl No | Name of work/ DNIeT No | Estimated cost (in Rupees) | Earnest money (in Rupees) | Time for Completion | Class of bidders |
|---|---|---|---|---|---|
| 1 | DNIe-T No. No.39/R/DNIeT/EE-BRG/PWD/2024-25 | 17,68,749.00 | 35,375.00 | 90 days | Appropriate class |
| | DNIe-T No .07/B/DNIeT/SE-IV/PWD(R&B)/2024-25 | 28,76,229.00 | 57,525.00 | 90 days | Appropriate class |
| | DNIe-T No.08/B/DNIeT/EE-BRG/PWD/2024-25 | 9,01,694.00 | 18,034.00 | 180 days | Appropriate class |

Last date and time of document downloading and bidding -28/11/2024 up to 15:00 hrs. Date and time of opening bid -29/11/2024 at 12.00 hrs.
Bid fee 1000.00 each (non-refundable).
All details are available in the website https://tripuratenders.gov.in.
Submission of tenders physically is not permitted.
ICA/C/2237/24

**For and on behalf of the Governor of Tripura**
**(Er. D. Karmakar)**
**Executive Engineer,**
**Bishramganj Division, PWD(R&B).**
**Bishramganj, Sepahijala, Tripura.**

**SHORT NOTICE INVITING TENDER NO. EE-IED/AGT/522024-25**

The Executive Engineer, Internal Electrification Division, Agartala, Tripura invites on behalf of the 'Governor of Tripura' sealed percentage rate tender(s) from Central & State Public Sector undertaking / Enterprise and eligible Contractors / Firms /Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/ CPWD/Railway / Other State PWD up to 3.00 P.M. on 08/11/2024 for the following work:-

| Sl No | Name of work | ESTIMATED COST | EARNEST MONEY | TIME OF COMPLETION | LAST DATE AND TIME FOR RECEIPT OF APPLICATION FOR ISSUE OF TENDER FORM | TIME AND DATE OF OPENING OF TENDER | PLACE OF SALE OF TENDER DOCUMENTS | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | DNIT No: EE-IED/AGT/105/2024-25 | ₹ 1,42,268.00 | ₹ 2,845.00 | 05 (five) days | Up to 16.00 Hrs on 07/11/2024 | At 15.30 Hrs on 08/11/2024 | Office of the Executive Engineer, Internal Electrification Division, Agartala: West Tripura | Appropriate Class |
| 2 | DNIT No: EE-IED/AGT/106/2024-25 | ₹ 1,96,114.00 | ₹ 3,922.00 | 05 (five) days | | | | |
| 3 | DNIT No: EE-IED/AGT/107/2024-25 | ₹ 1,00,963.00 | ₹ 2,019.00 | 05 (five) days | | | | |
| 4 | DNIT No: EE-IED/AGT/108/2024-25 | ₹ 1,63,128.00 | ₹ 3,263.00 | 05 (five) days | | | | |

Details of the PNIT can be seen at Internal Electrification Division, Agartala during office hour.
ICA/C/2228/24

**Executive Engineer,**
**nternal Electrification Division,**
**PWD (Buildings), Agartala, West Tripura**

**PNIT No. F. 25/EE/PWD(R&B)/KHW/ 2024-25 date: 28-10-2024**

The Executive Engineer, Khowai Division, PWD(R&B), Khowai, Tripura on behalf of the Governor of Tripura', invites online percentage rate e-tender for the following works:

| Sl. No. | Name of work/ DNIeT | Estimated Cost | Earnest Money | Time for completion |
|---|---|---|---|---|
| 1 | DNIeT No: 44/EE/PWD(R&B)/KHW/2024-25 | ₹ 24,23,553.00 | ₹ 48,471.00 | 90 ( Ninety) Days |
| 2 | DNIeT No: 45/EE/PWD(R&B)/KHW/2024-25 | ₹ 24,25,701.00 | ₹ 48,514.00 | 90 ( Ninety) Days |
| 3 | DNIeT No: 46/EE/PWD(R&B)/KHW/2024-25 | ₹ 24,26,778.00 | ₹ 48,536.00 | 90 ( Ninety) Days |
| 4 | DNIeT No: 47/EE/PWD(R&B)/KHW/2024-25 | ₹ 24,21,606.00 | ₹ 48,432.00 | 90 ( Ninety) Days |

Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in
ICA/C/2222/24

**Executive Eingeer**
**Khowai Division,**
**PWD(R&B) Khowai Tripura**

**PRESS NOTICE INVITING e-TENDER**

Chief Managing Director, Gomati Cooperative Milk Producers' Union Ltd, (GCMPUL) Indranagar, Agartala Dairy invites Online e-Tenders through e-Procurement Portal of Govt. of Tripura (https://tripuratenders.gov.in) for below mentioned DNIeT No.

| DNIeT No. | Procurement of | Last Date & Time for Submission of e-Bids |
|---|---|---|
| GMU/ E-Tender /COAL/2024-2025/01 | 300 MT Steam Coal | 18/11/2024 Upto 3:00 PM |

The requirements of the above mentioned ingredients may vary/changes/increase/ decrease/ stop according to purchaser's necessity/ Budgetary Provision of GCMPUL. Detailed tender notice, schedules and tender documents can be obtained from https://tripuratenders.gov.in
ICA/C / 2218/24

**(Bibhas Bhattacharya)**
**Chief Managing Director**

**PNIET No.: 25/EE/UDP-DIVN/UDP/2024-25, Dated. 28.10.2024**

The Executive Engineer, Udaipur Division, PWD(R&B), Udaipur, Gomati District, Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender in single bids system from the eligible Central & State public sector undertaking / enterprise and eligible Contractors/Firms/Private Ltd. Firm /Agencies of Appropriate Class registered with PWD/ TTAADC/MES/CPWD/ Railway/Gov't Organization of other State & Central for the following work:-

| Sl. No. | DNIT No. | Estimate Cost | Earnest Money | Time for Completion | Last Date & time for document downloading & bidding | Time & Date of opening of Bid |
|---|---|---|---|---|---|---|
| 1 | 74/NIT/SE-III/R/2024-25 | Rs. 42,55,387.18 | Rs. 85,108.00 | 60 Days | Up-to 03.00 PM on 11.11.2024 | At 04.00 PM on 12.11.2024, if possible. |
| 2 | 75/NIT/SE-III/R/2024-25 | Rs. 48,27,630.53 | Rs. 96,553.00 | 60 Days | | |
| 3 | 76/NIT/SE-III/R/2024-25 | Rs. 48,19,298.45 | Rs. 96,386.00 | 60 Days | | |
| 4 | 35/DNIT/EE/PWD/UDP/R/2024-25 | Rs. 17,65,712.27 | Rs. 35,314.00 | 60 Days | | |

Any subsequent corrigendum will be available in the website only.
Up-to 03.00 PM on 11.11.2024
At 04.00 PM on 12.11.2024, if possible.
All the above mentioned online activity should be done in the e-procurement portal http://tripuratenders.gov.in.
ICA/C/ 2249/24

**(Er. H. Majumder)**
**Executive Engineer**
**PWD(R&B), Udaipur Division**
**Gomati District, Tripura.**

## মিনাখায় পঞ্চায়েত প্রধানের বাড়িতে হামলা, ইট-বৃষ্টি ও গুলিচালনার অভিযোগ

মিনাখা, ১ নভেম্বর অক্টোবর(হি.স.): উত্তর ২৪ পরগনার মিনাখা বিধানসভার সোনাপুকুর শংকরপুর গ্রাম পঞ্চায়েতের ব্রাহ্মণচক এলাকায় পঞ্চায়েত প্রধান মল্লিকা মন্ডলের বাড়িতে গভীর রাতে হামলার অভিযোগ উঠেছে। অভিযোগ অনুযায়ী, মিনাখার বিধায়িকা ঊষারাণী মন্ডল ও তার স্বামী মৃত্যুঞ্জয় মন্ডলের নেতৃত্বে এই হামলা চালানো হয়। প্রধান মল্লিকা মন্ডল জানান, তাদের বাড়ির মূল গেটের তালা ভেঙে ভিতরে ঢুকে ইট-বৃষ্টি করা হয়, দুটি বাইক ভাঙচুর করা হয় এবং বেশ কয়েক রাউন্ড গুলি চালানো হয়।

হামলার কারণ হিসেবে মল্লিকা মন্ডল দাবি করেন, এলাকায় মেছো ঘেরি নিয়ে পূর্ব থেকে থাকা বিরোধের জেরেই এই আক্রমণ চালানো হয়েছে। বাড়ির মালিক শুভেন্দু মন্ডল এবং স্থানীয় বিজেপি নেতা পলাশ সরকারও এই ঘটনার তীব্র নিন্দা করেছেন এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

এই ঘটনায় এলাকায় আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়েছে। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করেছে এবং সমস্ত অভিযোগ খতিয়ে দেখছে।

## তিলোত্তমাদের নিরাপত্তায় ফ্রী ক্যারাটে প্রশিক্ষণ শিবির, উদ্যোগে ধনঞ্জয় চট্টোপাধ্যায় মামলা পুনর্বিচার মঞ্চ

কলকাতা, ১ নভেম্বর অক্টোবর(হি.স.): মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে ফ্রী ক্যারাটে প্রশিক্ষণ শিবির চালু করেছে 'ধনঞ্জয় চট্টোপাধ্যায় মামলা পুনর্বিচার মঞ্চ'। প্রাথমিকভাবে এই প্রশিক্ষণ স্কুল, কলেজ এবং বিভিন্ন ক্যারাটে অ্যাকাডেমিতে অনুষ্ঠিত হচ্ছে।

মঞ্চের কনভেনর ডক্টর চন্দ্রচূড় গোস্বামী জানান, নারীদের আত্মরক্ষা শিক্ষার এই প্রয়াস রাজনৈতিক উদ্দেশ্য নয়, বরং এটি একটি সামাজিক সমস্যার সমাধান হিসেবে দেখা হচ্ছে।চন্দ্রচূড় গোস্বামীর বক্তব্য, 'আমরা ডক্টর তিলোত্তমা ও অন্যান্য নির্যাতিতাদের বিচার চাইছি। তবে শুধুমাত্র দোষারোপের রাজনীতির মাধ্যমে নয়, মহিলাদের আত্মবিশ্বাস ও প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে তাদের নিরাপত্তা সুনিশ্চিত করার লক্ষ্যে আমাদের এই উদ্যোগ।'প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করছেন ক্যারাটে প্রশিক্ষক হ্যান্সি বিজয় সাও, সেন্সি অ্যাডভোকেট পারিজাত দাস এবং সমাজসেবী অনামিকা মণ্ডল। ইতিমধ্যেই কলকাতা পুলিশের 'তেজস্বিনী প্রজেক্ট' এবং কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের 'নেহেরু যুব কেন্দ্রের' সহযোগিতা চেয়ে আবেদন জানানো হয়েছে।ডক্টর গোস্বামী বলেন, 'আমরা মহিলাদের এমনভাবে প্রশিক্ষিত করতে চাই যাতে তারা নিজেরাই আত্মরক্ষায় সক্ষম হয় এবং আক্রমণকারীকে প্রতিরোধ করতে পারে। আমাদের মূল উদ্দেশ্য অপরাধহীন সমাজ ব্যবস্থা ও সুবিচার প্রতিষ্ঠা করা।'মঞ্চের এই উদ্যোগ রাজ্যের বিভিন্ন স্তরে প্রশংসা কুড়িয়েছে, এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে সহযোগিতার আহ্বান জানানো হয়েছে যাতে কলকাতায় আরও বেশি সংখ্যক মহিলা আত্মরক্ষার জন্য ক্যারাটে প্রশিক্ষণ নিতে পারেন।

**PNIT No.: 69/EE/CCD/PWD/2024-25, Dated, 30th October, 2024**

The Executive Engineer, Capital Complex Division, PWD(Buildings), Agartala, West Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following work:
1. Name of work: Mtc. of Govt. office building during the year 2024-25/SH:- Repairing/Maintenance of building portion in/c internal painting as well as external painting of different office building, Roof Grading, Water Supply, Sanitary installations and other allied works at different type of office building in the premises of Gurkhabasti, Agartala, West Tripura(Gr-II).
2. Estimated Cost: 9,70,831.00
3. Bid Fee: ?1,000.00
4. Last date & time for online Bidding: 12/11/2024 upto 3:00 PM
Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in
ICA/C/2243/24

**Executive Engineer**
**Capital Complex Division,**
**PWD(Buildings) Agartala, West Tripura**

**HIRING OF MANPOWER (CONTRACTUAL) FOR KHELO INDIA STATE CENTRE OF EXCELLENCE.**

With reference to the advertisement No. KISCE/2024/01 dated 04.10.2024 the last date for submission of application for the following vacant post for Khelo India State Centre of Excellence (KISCE), Badharghat, Agartala under Education (Youth Affairs & Sports) Department, Govt. of Tripura is hereby extended up to 7th November 2024.

| Sl. No. | Name of the Post | No. of Post | Remuneration (in Rs.) | Tenure |
|---|---|---|---|---|
| 1. | Head Coach – Athletics | 1 | 1,00,000/- per month | 1 Yr. |
| 2. | Strength & Conditioning Expert | 1 | 1,00,000/- per month | 1 Yr. |

The details of eligibility, qualification, terms & condition, necessary documents, application format, etc. are available in the official website - https://yas.tripura.gov.in. Interested candidates may apply in the prescribed format duly signed along with self-attested copies of all educational qualification, experience and other testimonials as required to support the candidature of the applicant to the Director, Youth Affairs & Sports, 4th Floor, Shiksha Bhawan, Office Lane, Agartala - 799001. The applications received after 7.11.2024 (4:30 PM) shall not be entertained.
https://yas.tripura.gov.in
ICA/D/176/24

**Director**
**Youth Affairs & Sports Govt. of Tripura**

**NOTICE**

In exercise of the power conferred by sub-section (3) of section 9 of the Maneuvers, Field Firing and Artillery Practice Act, 1938 (Act V of 1938),
the State Government is pleased to give notice of its intention to issue a Notification under sub- section (2) of section 9 of the authorizing carrying out of Firing Range of 5th Bn. TSR at Shantinagar, Duluma under Amarpur sub-Division commencing from the date to be notified from the expiry of 2(two) months from the date of first publication of the notice.
Claims or objection, if any in this regard may be submitted to the District Magistrate & Collector, Gomati District, and office of the SDM, Amarpur sub-Division, within two months from the date of publication of the notice.

**SCHEDULE**

| Name of Mauja | Khatian | Plot No. | Classification | Area of land |
|---|---|---|---|---|
| Pachim Duluma | 1/32(Jute land) | 427/1443 | Tilla | 4.5 acres |

ICA/D/1179/24

**By order of the Governor**
**Signed by Samarendra Debbarma**
**Date: 01/10-2024 14:26:48**
**Under Secretary to the Government of Tripura**

**NOTICE INVITING E-TENDER**

E-Tender are hereby invited for supply of stationery articles, for the use of office of the District Magistrate and Collector, North Tripura District, Dharmanagar upto 31st December,2025 (details in e-tender portal). The tender will be received through e-tendering from 4th November 2024 at 11.00 AM to 25th November 2024 upto 03.00 PM from the bidders and will be opened on 25th November at 3.30 PM, if possible
Details on website https://tripuratenders.gov.in
https://northtripura.nic.in
ICA/C/2253/24

**Senior Deputy Magistrate (Head of Office)**
**Office of the DM & Collector North Tripura, Dharmanagar**

PRESS NOTICE INVITING RFP: PNIT No. e-PT-2/CE/RD/2024-25 dated 29.10.2024 and DNIT no. F.13(1)CE/RD/UID(OPR)/23-24 DATE :29.10.2024.The Executive Engineer I, O/o the Chief Engineer, RD Department, Phone-0381-2300125, on behalf of the Governor of Tripura, invites RFP (both Technical and Financial bid) for Outsourcing of manpower for 96 nos (Maximum) Aadhaar Enrolment Operators cum Supervisors to carry out Aadhaar Enrollment/ updates in the Aadhaar update centres Centres (PAECs) run by R.D Department in Tripura from eligible bidders up to 08.11.2024 (3.00 PM).
(1) Eligibility: Registered manpower service provider like institution/company/ consulting firm/Society/ entrepreneur/Proprietor in India since last 5 (five) years. (2) EMD: Rs. 1,00,000.00 (3) RFP fee: Rs. 1000.00 [non refundable] (4) Bidding process: Online through tripuratenders.gov.in. For detail, please log on to www.tripuratenders.gov.in/ tripura.gov.in/ rural.tripura.gov.in or visit the office of the tendering authority.
ICA/C-2233/24

**Sd/-**
**Executive Engineer - I**
**Office of the Chief Engineer RD Department,**
**Gurkhabasti, Agartala**

## সাগরদিঘীতে পিতৃস্মৃতিতেই অ্যাম্বুলেন্স প্রদান কংগ্রেস বিধায়ক বাইরন বিশ্বাসের

মুর্শিদাবাদ, ১ নভেম্বর (হি. স.) : সাগরদিঘীতে মানব কল্যাণে ও পিতৃস্মৃতিতে অ্যাম্বুলেন্স প্রদান করলেন কংগ্রেস বিধায়ক বাইরন বিশ্বাস। বিশিষ্ট সমাজসেবী ও শিল্পপতি মরহুম জনাব বাবর আলি বিশ্বাসের স্মৃতি জাগরুক রাখতেই তাঁর ছেলে তথা কংগ্রেস বিধায়ক, সাগরদিঘীতে এক স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করে। শীতবস্ত্র প্রদান করা হয়েছে। এই প্রসঙ্গে বিধায়ক জানান, বাবা''র স্মৃতিতেই রয়েছে জীত চ্যারিটেবল সোসাইটি। বহরমপুরের তৃণমূল কংগ্রেস সাংসদ ও ক্রিকেটার ইউসুফ পাঠান। উপস্থিত ছিলেন বিদ্যুৎ দফতরের প্রতিমন্ত্রী মহম্মদ আখরুজ্জামান বিধায়ক মদন মিত্র ছাড়াও দলের একাধিক সাংসদ ও বিধায়ক। এছাড়াও মুর্শিদাবাদ ভারত সেবাশ্রম সঙ্ঘের সন্ন্যাসী কার্তিক মহারাজ, আদ্যাপীঠের মুরাল ভাই, ইসলাম ধর্মগুরু জনাব জয়নুদ্দীন মাওলানা সহ খানকা শরিফের বড় হুজুর ও ইমাম এবং মোয়াজ্জেমরা। প্রায় ১৫০০ ইউনিট রক্ত সংগ্রহ করা হয়েছে। প্রসঙ্গত কংগ্রেস এর টিকিটে জিতে খাতায় কলমেই দলের বিধায়ক রয়েছেন তিনি। অদলবদল করেন যদিও শাসকদল তৃণমূল কংগ্রেসে।

# কাজের সন্ধান

## সরকার পরিচালিত প্রজেক্ট মিশনে ৩৭ জন কুক, অ্যাসিস্ট্যান্ট, কো-অর্ডিনেটর নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ত্রিপুরা সরকারের অধীনে বিভিন্ন দপ্তরে, বিশেষ করে বিভিন্ন মিশনে কুক, অ্যাসিস্ট্যান্ট, একাউন্ট্যান্ট, এডমিন, জুনিয়র ইঞ্জিনিয়ার, কো-অর্ডিনেটর, কম্পিউটার অপারেটর ইত্যাদি পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। নিয়োগ হবে অনুমোদিত সোসাইটি 'সফেদ'-এর মাধ্যমে। শূন্যপদ ঃ ৩৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম মান পাশ থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ অনুর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ নভেম্বর, লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে। যদিও এই নিয়োগের পুরো দায়িত্ব 'সফেদ' অর্থাৎ সোসাইটি ফর এন্টারপ্রেনারশীপ ডেভেলপমেন্ট-এর হাতে। বিজ্ঞপ্তি নম্বরঃ নং এসইডি/ ৫ স্টোর / এডিভিটি/ ৮(২২)/ ২০২০/ পি-১/ ৬০২৬ তারিখ ১৮-১০-২০২৪ সেহামূলে 'সফেদ'-এর মেম্বার সেক্রেটারি কর্তৃক প্রদত্ত বিজ্ঞপ্তিতে এই শূন্যপদের কথা জানিয়ে দরখাস্ত আহ্বান করা হয়েছে। মোট কথা, ত্রিপুরা সরকারের অধীনে বিভিন্ন দপ্তরে, বিশেষ করে বিভিন্ন মিশনে কুক, অ্যাসিস্ট্যান্ট, একাউন্ট্যান্ট, এডমিন, জুনিয়র ইঞ্জিনিয়ার, কো-অর্ডিনেটর, কম্পিউটার অপারেটর ইত্যাদি পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম মান পাশ থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ অনুর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ নভেম্বর, লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে। উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা এবং আবশ্যকীয় অভিজ্ঞতার পাশাপাশি, ৮-১১-২০২৪ তারিখের হিসেবে নির্দিষ্ট বয়সের সীমারেখায় থাকলে অনলাইনে দরখাস্ত জমা করতে পারেন, এঁদের নির্দিষ্ট ওয়েবসাইটে লগ্ অন করে।

প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা, ইন্টারভিউ ইত্যাদির মাধ্যমে, পুরোপুরি মেরিট ভিত্তিতে। পরীক্ষার দিনক্ষণ ও স্থান স্থির হয়নি। নির্ধারিত সময়ে এঁদের ওয়েবসাইটে অথবা কল লেটারে সমস্ত কিছু জানানো হবে। এসএমএস-এ কল লেটারের কথা জানানো হলে তা ডাউনলোড করে নিলেই সমস্ত তথ্য জেনে নেওয়া যাবে। দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের নিজস্ব ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে প্রয়োজনে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

আবেদন করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে ৮ নভেম্বরের মধ্যে। অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ৮ নভেম্বর। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তৈরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটো, প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। প্রয়োজনে সেগুলো আপলোড করতে হবে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন নির্দিষ্ট সময় পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্ট অর্থাৎ ইউপিআই/ নেট ব্যাঙ্কিং-এ পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন প্রসেসিং ফি বাবদ নির্দিষ্ট ফি জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের ২ কপি প্রিন্ট-আউট নিয়ে নেবেন। কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন।

শূন্যপদগুলি হল — আইটেম নং - ১ ঃ কুক, শূন্যপদ ২টি, ১টি পদ অসংরক্ষিত, অপরটি এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত। আইটেম নং - ২ ঃ অ্যাসিস্ট্যান্ট কুক, শূন্যপদ ২টি, ১টি পদ অসংরক্ষিত, অপরটি এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত। আইটেম নং - ৩ ঃ অফিস অ্যাসিস্ট্যান্ট, শূন্যপদ ১টি, পদটি অসংরক্ষিত। আইটেম নং - ৪ ঃ একাউন্ট্যান্ট, শূন্যপদ ১টি, পদটি অসংরক্ষিত। আইটেম নং - ৪ ঃ একাউন্ট্যান্ট-টু, শূন্যপদ ১টি, পদটি অসংরক্ষিত। এছাড়া, একাউন্ট অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র অর্কিটেক্ট, এমআইএ স্পেশালিস্ট, সেন্টার এডমিনিস্ট্রেটর, কেইস ওয়ার্কার, সাইকো-সোশ্যাল কাউন্সেলর, অফিস অ্যাসিস্ট্যান্ট, এমপিএস, জুনিয়র ইঞ্জিনিয়ার, ট্রেনিং কো-অর্ডিনেটর, টেকনিক্যাল অফিসার, ফিনান্স অফিসার, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, কম্পিউটার অপারেটব ইত্যাদি সহ সব ক'টি পদের ক্ষেত্রেই নিয়োগ হবে পুরোপুরি চুক্তিভিত্তিক, ১১ মাসের জন্য। প্রতিটি পদের ক্ষেত্রে শূন্যপদের বিভাজন, নিয়োগকারী দপ্তর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের সীমারেখা এবং মূল মাইনে ভিন্নতর। সমস্ত কিছুই দেখে নিতে হবে এঁদের ওয়েবসাইটে লগ্ অন করে অথবা প্রকাশিত বিজ্ঞাপন থেকে।

## ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে অ্যাসিস্ট্যান্ট, নন্-টিচিং স্টাফ ও প্রফেসর পদে প্রচুর সংখ্যক চাকরি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** ত্রিপুরা ইউনিভার্সিটিতে অ্যাসিস্ট্যান্ট, নন-টিচিং স্টাফ, প্রফেসরপদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, ইউজিসি কোয়ালিফাইড, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত এবং বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ নভেম্বর, লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট, সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ঃ টিইউ/ আরইজি/ এডিভিটি/ এনটি/ ০১/ ২০২৪, তারিখ ৪ অক্টোবর, ২০২৪। বিশ্ববিদ্যালয় থেকে আরও দুইটি বিজ্ঞপ্তির মাধ্যমে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর এবং প্রফেসর পদে নিয়োগের জন্যও অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে।

সব কটি ক্ষেত্রেই দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে ১০ নভেম্বরের মধ্যে। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। পরীক্ষার নির্ধারিত ফি পাঠাবেন ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। নেফট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী অথবা যে-কোনও মহিলা প্রার্থীদের ক্ষেত্রে এই এগ্জাম ফি-তে কিছুটা ছাড় রয়েছে। এদেঁর বিজ্ঞপ্তিতে এবিষয়ে বিস্তারিত দেখে নেবেন। তবে ই-মেইল আইডি তৈরি করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, অনলাইনে দরখাস্ত ফিল-আপ, পরীক্ষার ফি জমা দেওয়া, ব্যাঙ্কের কমিশন, প্রিন্ট আউট বের করে রাখা, এডমিট কার্ড ডাউনলোড করা ইত্যাদির যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে দরখাস্তের প্রয়োজনীয় নিয়মনির্দেশ সাইটেই পাবেন, তবে অনলাইনে দরখাস্ত করতে হবে ১০ নভেম্বরের মধ্যে। অর্থাৎ শেষ তারিখ ১০ নভেম্বর। অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্ত সাবমিট হয়ে গেলে রেজিস্ট্রেশন কপির প্রিন্ট আউট এক কপি নির্দিষ্ট ঠিকানায় পাঠানোর পর আরও এক কপি নিজের কাজে রাখবেন। যোগ্য প্রার্থীদের কললেটার, পরীক্ষার এক সপ্তাহ আগে, এঁদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিতে পারবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড, প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। সরকারি চাকুরিরত প্রার্থীদের অবশ্যই নিয়ম মেনে দরখাস্ত পাঠাতে হবে।

শূন্যপদগুলো হলো — ক্রমিক নং (১) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), শূন্যপদ ১টি। ক্রমিক নং (২) ঃ পদের নাম - সেকশন অফিসার, শূন্যপদ ২টি। ক্রমিক নং (৩) ঃ পদের নাম - প্রাইভেট সেক্রেটারি, শূন্যপদ ১টি। ক্রমিক নং (৪) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট, শূন্যপদ ১টি। ক্রমিক নং (৫) ঃ পদের নাম - ম্যানেজার, শূন্যপদ ১টি। ক্রমিক নং (৬) ঃ পদের নাম - পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট, শূন্যপদ ১টি। ক্রমিক নং (৭) ঃ পদের নাম - ফার্মাসিস্ট, শূন্যপদ ১টি। ক্রমিক নং (৮) ঃ পদের নাম - স্টেনোগ্রাফার, শূন্যপদ ১টি। ক্রমিক নং (৯) ঃ পদের নাম - কিচেন এটেন্ড্যান্ট, শূন্যপদ ১টি। অপর বিজ্ঞপ্তি অনুযায়ী অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ঃ শূন্যপদ ১১টি। প্রফেসর ঃ শূন্যপদ ৪০টি।

প্রতিটি পদের ক্ষেত্রে শূন্যপদের বিভাজন, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের সীমারেখা এবং বেতনের স্তর ও ক্রম ভিন্নতর। সমস্ত কিছুই দেখে নিতে হবে এঁদের ওয়েবসাইট থেকে প্রকাশিত দু'টো বিজ্ঞাপন থেকে। একজন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন, তবে তা অবশ্যই করতে হবে পৃথক পৃথক আবেদনপত্রের মাধ্যমে। প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (এইমস)**
শূন্যপদ ঃ ১৫২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ পিজি, এমডি, মেডিকেল কোয়ালিফাইড,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ নভেম্বর,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এডমিন অফিসার (রাষ্ট্রীয় বীমা),**
শূন্যপদ ঃ ২০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি, সিএ পাশ,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ নভেম্বর,
কম্পিউটার ভিত্তিকপরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তবে তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **কনস্টেবল ড্রাইভার (আইটিবিপি),**
শূন্যপদ ঃ ৫৪৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর,
বাছাইকৃতদের র‍্যালি ও পরীক্ষার কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (রেল মন্ত্রক),**
শূন্যপদ ঃ ২৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেনি পাশ, মাধ্যমিক ও আইটিআই পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ট্রেড এপ্রেন্টিস (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ৮০৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, উচ্চমাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **নন-এক্সিকিউটিভ (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ৩৩৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ নভেম্বর,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ২১০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউ ২৫-৩০ নভেম্বর, কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **হ্যান্ডিম্যান, হ্যান্ডিওমেন (এয়ারপোর্ট অথরিটি, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ১৪২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **কুক, অ্যাসিস্ট্যান্ট, একাউন্ট্যান্ট, এডমিন, জুনিয়র ইঞ্জিনিয়ার, কো-অর্ডিনেটর, কম্পিউটার অপারেটর ইত্যাদি (ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ৩৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম মান পাশ থেকে ডিগ্রি পাশ,
বয়স ঃ অনুর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ নভেম্বর,
লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **জুনিয়র অফিসার, ট্রেনি (কেন্দ্রীয় নিগম),**
শূন্যপদ ঃ ১৫৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ১৮-৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ নভেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউ এবং পরীক্ষার কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট, নন-টিচিং স্টাফ, প্রফেসর (ত্রিপুরা ইউনিভার্সিটি)**
শূন্যপদ ঃ ৬১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রিপাশ, ইউজিসি কোয়ালিফাইড,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত এবং বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ নভেম্বর,
লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট, সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট (রাষ্ট্রীয় বীমা),**
শূন্যপদ ঃ ৫০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিবিএ, বিসিএ, বিই, বিটেক ... যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি বা স্নাতক পাশ,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ নভেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ ৩০ নভেম্বর, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ১১৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ নভেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটার ডাউনলোড করে জেনে নিতে হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ট্রেনি (পাওয়ার গ্রিড),**
শূন্যপদ ঃ ৮০২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ নভেম্বর,
পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **লোক্যাল ব্যাঙ্ক অফিসার (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক)**
শূন্যপদ ঃ ১৫০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিবিএ, বিসিএ, বিই, বিটেক ... যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি বা স্নাতক পাশ,
বয়স ঃ ২০-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ নভেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ ও বিস্তারিত কল লেটারে জানানো হবে।

## কম্পিউটার ভিত্তিক পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় বীমায় ৫০০ অফিসার নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড সহ সারা দেশে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে ৫০০ জন নিয়োগ হচ্ছে ন্যাশনাল ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেডে। এককথায়, জাতীয় বীমা অর্থাৎ এন.আই.সি.এল-এ এডমিনিস্ট্রেটিভ অফিসার পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ৫০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিটেক/ বিবিএ ... যে-কোনও গ্র্যাজুয়েট, পিজি বা সিএ পাশ এবং অধিক নম্বরে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ নভেম্বর, কম্পিউটারভিত্তিক পরীক্ষা ফেইজ-ওয়ান তারিখ ৩০ নভেম্বর। কেন্দ্র-আগরতলা সহ সারা দেশে। বিস্তারিত কল লেটারে জানানো হবে।

এন আই সি এল বা ন্যাশনাল ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেডে চাকরি করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ১-১০-২০২৪-এর হিসেবে ২১ থেকে ৩০-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। এসসি/এসটিদের জন্য ৩৫ বছর, ওবিসিদের জন্য ৩৩ বছর এবং প্রতিবন্ধী প্রার্থীদের ৪০ বছর, অর্থাৎ যাঁরা বয়সের ক্ষেত্রে বরাবর ছাড় পেয়ে আসছেন, তাঁরা এক্ষেত্রেও যথারীতি বয়সের ছাড় পাবেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে পদ সংরক্ষণ থাকবে দৃষ্টিহীন, কম দৃষ্টি-সংক্রান্ত, শ্রবণ-সংক্রান্ত ও চলতে-ফিরতে না পারা সংক্রান্ত প্রতিবন্ধীরাও (পিডব্লুডি) যথারীতি আবেদন করতে পারেন। শূন্যপদগুলির মধ্যে তফশিলি জাতিভুক্ত, তফশিলি উপজাতিভুক্ত এবং ওবিসি'র জন্য যেমন সংরক্ষিত পদ রয়েছে, তেমনি অসংরক্ষিত রয়েছে প্রচুর সংখ্যক পদ। এর মধ্যে আবার শারীরিক প্রতিবন্ধীদের জন্যও সংরক্ষিত কিছু শূন্যপদ। শূন্যপদের বিশদ বিভাজন এই রকম — মোট ৫০০টি শূন্যপদের মধ্যে এসসি-দের জন্য ৪৩টি, এসটিদের জন্য ৩৩টি, ওবিসিদের জন্য ১১৩টি, ইডব্লিওএস প্রার্থীদের জন্য ৪১টি এবং অসংরক্ষিত ২৭০টি। এর মধ্যে আবার ৭৩টি পদ রয়েছে শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য। এক্স-সার্ভিসম্যানদের জন্য পদ সংরক্ষিত রয়েছে ৮৫টি। এ বিষয়ে আরো বিস্তারিত দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েব সাইটে এঁদের বিজ্ঞপ্তিতে। যোগ্যতা - বিএ/বিকম/বিএসসি/ বিই/ বিসিএ ... ইত্যাদি যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা পোস্ট গ্র্যাজুয়েট পাশ। সিএ বা অধিক নম্বরে অগ্রাধিকার থাকবে। এসসি/ এসটি / শারীরিকপ্রতিবন্ধীপ্রার্থীদের নম্বরের ক্ষেত্রে আবার কিছু ছাড় রয়েছে।

দরখাস্ত করবেন কেবল অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে, ১১ নভেম্বরের মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ১১ নভেম্বর। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই, লেফ্ট থাম্ব ইমপ্রেশন, ডিক্লারেশন এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে ফি পেমেন্ট চালান পাবেন প্রিন্ট-আউট নেবার জন্য। এর পর আর কোনও রদবদল করতে পারবেন না। তখনই চালানের প্রিন্ট-আউট নিয়ে পূরণ করে একদিন পরে অর্থাৎ ব্যাঙ্কের সেদিন বাদে ২য় বা ৩য় বা ৪র্থ কাজের দিন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের যে-কোনও শাখায় গিয়ে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্দিষ্ট টাকা জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। টাকা জমার দুদিন পর দরখাস্ত গ্রহণের স্বীকৃতি পত্র আপনি পাবেন আপনার মেলবক্স/ এসএমএসে। তবে চালানের মাধ্যমে ফি জমার পন্থায় না গিয়ে নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়কারী। এককথায়, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। নেফট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার 'ই-রিসিপ্ট' ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।**

* এইমস-এ **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ পিজি, এমডি, মেডিকেল কোয়ালিফাইড, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ নভেম্বর, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* রাষ্ট্রীয় বীমায় **এডমিনিস্ট্রেটিভ অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি, সিএ পাশ, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ নভেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তবে তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* আইটিবিপি-তে **কনস্টেবল ড্রাইভার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৪৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর, বাছাইকৃতদের র‍্যালি ও পরীক্ষার কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রেল মন্ত্রকের অধীনে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেনি পাশ, মাধ্যমিক ও আইটিআই পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **ট্রেড এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮০৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর, মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* কর্পোরেট সেক্টরে **নন-এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৩৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ নভেম্বর, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২১০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর, মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউ ২৫-৩০ নভেম্বর, কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যে এয়ারপোর্ট অথরিটিতে **হ্যান্ডিম্যান, হ্যান্ডিওমেন** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর, মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* রাজ্যে সরকারি বিভিন্ন দপ্তরে **কুক, অ্যাসিস্ট্যান্ট, একাউন্ট্যান্ট, এডমিন, জুনিয়র ইঞ্জিনিয়ার, কো-অর্ডিনেটর, কম্পিউটার অপারেটর ইত্যাদি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম মান পাশ থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ অনুর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ নভেম্বর, লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

* কেন্দ্রীয় নিগমে **জুনিয়র অফিসার, ট্রেনি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ১৮-৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ নভেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউ এবং পরীক্ষার কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* ত্রিপুরা ইউনিভার্সিটিতে **অ্যাসিস্ট্যান্ট, নন-টিচিং স্টাফ, প্রফেসর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, ইউজিসি কোয়ালিফাইড, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত এবং বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ নভেম্বর, লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট, সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রাষ্ট্রীয় বীমায় **অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিবিএ, বিসিএ, বিই, বিটেক ... যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি বা স্নাতক পাশ, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ নভেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ ৩০ নভেম্বর, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১১৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ নভেম্বর, বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটার ডাউনলোড করে জেনে নিতে হবে।

* পাওয়ার গ্রিডে **ট্রেনি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮০২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ নভেম্বর, পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **লোক্যাল ব্যাঙ্ক অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিবিএ, বিসিএ, বিই, বিটেক ... যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি বা স্নাতক পাশ, বয়স ঃ ২০-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ নভেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ ও বিস্তারিত কল লেটারে জানানো হবে।

### যাত্রীদের অতিরিক্ত ভিড় হ্রাস করতে ও আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে

# উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরও কয়েকটি উৎসব স্পেশাল ট্রেন



মালিগাঁও, ০১ নভেম্বর, ২০২৪: এই উৎসবের মরসুমে যাত্রীদের অতিরিক্ত ভিড় হ্রাস করতে ও আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে আরও চারটি উৎসব স্পেশাল ট্রেন পরিচালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই ট্রেনগুলি নিউ কোচবিহার-শিয়ালদহ, কাটিহার-উধনা, কাটিহার-অমৃতসর ও কলকাতা-সহরসার মধ্যে চলাচল করবে।

স্পেশাল ট্রেনগুলির বিবরণ নিম্নরূপ:

ট্রেন নং. ০৫৪৭৪ (নিউ কোচবিহার-শিয়ালদহ) একমুখী স্পেশাল ০১ নভেম্বর, ২০২৪ তারিখের ২১.৩০ ঘণ্টায় নিউ কোচবিহার থেকে রওনা দিয়ে পরের দিন ১০.০০ ঘণ্টায় শিয়ালদহ পৌঁছবে।

ট্রেন নং. ০৯০৪৭ (উধনা-কাটিহার) স্পেশাল ০১ নভেম্বর, ২০২৪ তারিখের ০০.২০ ঘণ্টায় উধনা থেকে রওনা দিয়ে পরের দিন ১৪.০০ ঘণ্টায় কাটিহার পৌঁছবে। ফেরত যাত্রার সময় ট্রেন নং. ০৯০৪৮ (কাটিহার-উজ্জয়িনী) স্পেশাল ০২ নভেম্বর, ২০২৪ তারিখের ১৭.০০ ঘণ্টায় কাটিহার থেকে রওনা দিয়ে পরের দিন ২৩.৩০ ঘণ্টায় উজ্জয়িনী পৌঁছবে।

ট্রেন নং. ০৪৬৬৪ (অমৃতসর-কাটিহার) স্পেশাল ০২ নভেম্বর, ২০২৪ তারিখের ১৩.২৫ ঘণ্টায় অমৃতসর থেকে রওনা দিয়ে তৃতীয় দিন ০৩.০০ ঘণ্টায় কাটিহার পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ০৪৬৬৩ (কাটিহার-অমৃতসর) স্পেশাল ০৪ নভেম্বর, ২০২৪ তারিখের ০৬.০০ ঘণ্টায় কাটিহার থেকে রওনা দিয়ে পরের দিন ২০.০০ ঘণ্টায় অমৃতসর পৌঁছবে।

ট্রেন নং. ০৩১১৭ (কলকাতা-সহরসা) স্পেশাল ০২ নভেম্বর, ২০২৪ তারিখের ০৮.৫০ ঘণ্টায় কলকাতা থেকে রওনা দিয়ে একই দিনের ২২.০০ ঘণ্টায় সহরসা পৌঁছবে। ফেরত যাত্রার সময় ট্রেন নং. ০৩১১৮ (সহরসা-কলকাতা) স্পেশাল ০৩ নভেম্বর, ২০২৪ তারিখের ০১.০০ ঘণ্টায় সহরসা থেকে রওনা দিয়ে একই দিনের ১৫.৩০ ঘণ্টায় কলকাতা পৌঁছবে।

এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি-এর ওয়েবসাইটে পাওয়া যাবে এবং বিভিন্ন সংবাদপত্র ও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের বিভিন্ন সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্মেও অধিসূচিত করা হয়েছে। যাত্রা করার পূর্বে এই বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।

# আলিপুরদুয়ার থেকে কোচবিহার রুটে মহিলা স্পেশাল বাস চালু ১৪ নভেম্বর

শিলিগুড়ি, ১ নভেম্বর (হি. স.) : পুজোর মরশুম শেষ হতেই পরিষেবা চালু করার ব্যাপারে উদ্যোগ নেবে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম (এনবিএসটিসি)। আপাতত পরীক্ষামূলকভাবে আলিপুরদুয়ার থেকে কোচবিহার রুটে লেডিস স্পেশাল বাস চালানোর পরিকল্পনা নিগমের। তবে এই পরিকল্পনায় আপাতত শিলিগুড়ি নেই।

এনবিএসটিসি'র ম্যানেজিং ডিরেক্টর দীপঙ্কর পিপলাইয়ের বক্তব্য, 'নভেম্বরের ১৪ তারিখ থেকে পরীক্ষামূলকভাবে আলিপুরদুয়ার-কোচবিহার রুটে লেডিস স্পেশাল বাস চালু করার পরিকল্পনা হয়েছে। তবে সম্পূর্ণ পরিকল্পনা গরে না ওঠায় এখনই শিলিগুড়ি থেকে পরিষেবা চালু করা যাচ্ছে না।'

আর জি কর কাণ্ডের আবহে গত ১২ সেপ্টেম্বর শিলিগুড়ি স্টেট গেস্ট হাউসে নিগমের বোর্ড মিটিং হয়। সেই মিটিংয়ে একাধিক সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। চেয়ারম্যান পার্থপ্রতিম রায় লেডিস স্পেশাল বাস চালু করার কথা বলার পর থেকে বাড়তি আকর্ষণ তৈরি হয় সাধারণ মানুষের মধ্যে। রুটের কথাও ঘোষণা করেছিলেন চেয়ারম্যান। পার্থপ্রতিম সেইসময় জানিয়েছিলেন, পুজোর আগে শিলিগুড়ি-জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার-কোচবিহার রুটে এই বাস পরিষেবা চালু হবে। তবে ঘোষণার পর থেকে নিগমের অন্দরে একাধিক প্রশ্ন ওঠে।

লেডিস স্পেশাল বাসের বিশেষত্ব এখানে মহিলা কনডাক্টর থাকবেন। নিগমে মহিলা কর্মী থাকলেও দীর্ঘদিন ধরে নিয়োগ না হওয়ায় সেই সংখ্যাটা বর্তমানে কমে এসেছে। দীর্ঘদিন ধরে মহিলা কর্মীরা নিগমের অন্দরে কাজ করেছেন। বাইরে কাজ করার জন্য তাঁদের প্রশিক্ষণ দিতে হবে। তাতে যে বেশ কিছুটা সময় লাগবে, তা স্বীকার করেছেন নিগমের কর্তারা। অতএব পুজোর মরশুমে পরিষেবা যে চালু করা যাবে না, তা দিনের আলোর মতো পরিষ্কার।

## বাজিবাজারের শেষদিনে মন্দা ব্যবসা, আক্ষেপ আতসবাজির ব্যবসায়ীদের

কলকাতা, ১ নভেম্বর (হি. স.) বাজিবাজারের শেষদিনে মন্দা ব্যবসার আক্ষেপ। গত বছর ৮ হাজার কোটি টাকার ব্যবসা করা সম্ভব হয়েছিল। এবছর ওই টার্গেট দ্বিগুণ ছিল। কমপক্ষে ১৫ হাজার কোটি টাকা। এ পর্যন্ত হিসেব না হলে ও অন্তত ১২হাজার কোটি টাকায় গিয়ে পৌঁছবে বলে ধারণা ব্যবসায়ীদের। সারা বাংলা আতসবাজি ব্যবসায়ী সমিতির চেয়ারম্যান বাবলা রায় এ প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, প্রথমত, ঘূর্ণিঝড়ের প্রভাব এবং দ্বিতীয়ত তিনদিন পর মেলা শুরু হয়েছে। এর পরিপ্রেক্ষিতেই ব্যবসাতে এবছর মন্দা রয়েছে। ১২৫ ডেসিবেল এর নিচে এমন আতসবাজি বেচাকেনা হচ্ছে। উল্লেখ্য, ৬৯ু তামিলনাড়ু থেকে আমদানি করা হয়ে থাকে। বাংলার উৎপাদন ২০ু রয়েছে। শিবকাশি, হরিয়ানা, গুজরাট, উত্তরপ্রদেশ বিহার থেকেও তো আতসবাজি এ রাজ্যে নিয়মিত সরবরাহ হয়। তবে, বাংলাতে সবুজবাজি তৈরি হয়। তুবড়ি, রঙ মশাল, ইলেকট্রিক ওয়্যার ও চরকি তো রয়েছেই। গত বছর এ সব কিনতে খরিদ্দারদের ৬০০ টাকা খরচ হলে এবছর তা বেড়ে হয়েছে ৭০০ টাকার মতো। তবে, মনে রাখা দরকার কালি পটকার চেন ও দোদমা বন্ধ। চকলেট বোমা পাওয়া যাচ্ছে ১২৫ ডেসিবেল এর নিচে। রকেট ও মিলছে।

## কলকাতায় বাজির শব্দে বায়ু ও শব্দদূষণ বেড়েছে, পরিস্থিতি উদ্বেগজনক

কলকাতা, ১ নভেম্বর অক্টোবর(হি.স.): সুপ্রিম কোর্টের নিষেধাজ্ঞা ও প্রশাসনের কড়া নজরদারি সত্ত্বেও, বৃহস্পতিবার কলকাতা শহরে গভীর রাত পর্যন্ত চলা বাজির শব্দে বায়ু ও শব্দদূষণ ব্যাপক মাত্রায় বৃদ্ধি পেয়েছে। শহরের বেশ কিছু পূজা মণ্ডপ, ক্লাব এবং অলিগলিতে সেল, চটপটি, কালিফটকা ও চকলেট বোমের মতো উচ্চশব্দের বাজি ফাটানো হয়, যা নাগরিকদের বিরক্তির কারণ হয়েছে।

পরিবেশ ভবনের তথ্যে জানা যায়, অত্যধিক বাজি ফাটানোর কারণে গতকাল শহরের বায়ুমানে বেশ কিছুটা অবনতি হয়েছে। কলকাতা শহরের ছয়টি অঞ্চল এবং বিধাননগরে থাকা এয়ার কোয়ালিটি মনিটরিং সিস্টেমের রিপোর্ট অনুযায়ী, গতকাল রাতে শহরের এয়ার কোয়ালিটি ইনডেক্স (একিউআই) ১০০ থেকে ১৫০-এর মধ্যে ছিল, যা স্বাভাবিকের তুলনায় অনেকটাই বেশি। শব্দদূষণের ক্ষেত্রেও সমস্যা গুরুতর আকার নিয়েছে। শহরের কিছু স্থানে শব্দের মাত্রা ৭৫ ডেসিবেলের গণ্ডি ছাড়িয়ে ৮০ থেকে ১০৪ ডেসিবেল পর্যন্ত পৌঁছায়। বাগবাজার ও টালিগঞ্জ এলাকায় ৮০.৪ ডেসিবেল, কসবা এলাকায় ৮৭ ডেসিবেলের শব্দমাত্রা রেকর্ড করা হয়। যদিও আজ পরিস্থিতি কিছুটা স্বাভাবিক, তবে এই প্রবণতা চলতে থাকলে পরিবেশ দূষণ আরও বাড়তে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছে পরিবেশ ভবন। কলকাতার নাগরিকদের সুবিধার্থে এবং পরিবেশ রক্ষায় প্রশাসনের তরফে নিষেধাজ্ঞা মানার অনুরোধ জানানো হয়েছে।

## ফুলবাড়িতে ড্রেন থেকে ১২ ফুট লম্বা অজগর উদ্ধার

রাজগঞ্জ, ১ নভেম্বরঃ (হি.স.) : শিলিগুড়ি সংলগ্ন ফুলবাড়ি ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের পূর্বধনতলা গ্রামে ১২ ফুট লম্বা অজগর সাপ উদ্ধার।শুক্রবার দুপুরে ড্রেন থেকে সাপটি উদ্ধার হয়। জানা গিয়েছে, এদিন পূর্ব ধনতলার বাসিন্দারা রাস্তার পাশে একটি ড্রেনে আজগর সাপটিকে দেখতে পান। স্থানীয়রা সাপটিকে উদ্ধার করে বস্তাবন্দী করে রাখে। এরপর খবর দেওয়া হয় আমবাড়ি রেঞ্জের বনকর্মীদের।ঘটনাস্থলে বনকর্মীরা পৌঁছে সাপটিকে উদ্ধার করে নিয়ে যায়।সাপটিকে প্রাথমিক চিকিৎসার পর জঙ্গলে ছেড়ে দেওয়া হবে বলে জানা গিয়েছে।

## বর্ধমানে ছাত্রীকে শ্লীলতাহানির অভিযোগে কোচিং শিক্ষক গ্রেফতার, এলাকায় উত্তেজনা

বর্ধমান, ১ নভেম্বর অক্টোবর(হি.স.): পূর্ব বর্ধমান জেলার বর্ধমান শহরের পাড়াপুকুর এলাকার একটি কোচিং সেন্টারের শিক্ষকের বিরুদ্ধে এক ছাত্রীকে শ্লীলতাহানির অভিযোগ উঠেছে। অভিযোগের ভিত্তিতে বর্ধমান মহিলা থানার পুলিশ ওই কোচিং সেন্টারের শিক্ষক সুব্রত দত্তকে গ্রেফতার করেছে। এই ঘটনায় শুক্রবার এলাকায় ব্যাপক উত্তেজনার সৃষ্টি হয়েছে।

জানা গেছে, পাড়াপুকুর এলাকায় অবস্থিত 'গ্রেট ওয়ে ফিউচার' নামে কোচিং সেন্টারে বিভিন্ন শ্রেণির ছাত্রছাত্রীরা পড়াশোনা করতে আসে। এই কোচিং সেন্টারেরই শিক্ষক সুব্রত দত্তের বিরুদ্ধে অভিযোগ ওঠে যে, তিনি একাদশ শ্রেণির এক ছাত্রীর শ্লীলতাহানি করেছেন।

ওই ছাত্রীর পরিবারের পক্ষ থেকে বর্ধমান মহিলা থানায় অভিযোগ দায়ের করা হলে, অভিযোগের ভিত্তিতে পুলিশ অভিযুক্ত শিক্ষক সুব্রত দত্তকে গ্রেফতার করে। ঘটনাটি সামনে আসার পর এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত শুরু হয়েছে।

## ট্রাকের ধাক্কা মোটরসাইকেল আরোহী দম্পতিকে , মৃত্যু মহিলার

রোহতক, ১ নভেম্বর (হি. স.) : হরিয়ানার কালানৌর থানার অন্তর্গত লাহলি গ্রামের কাছে একটি ট্রাক মোটরসাইকেল আরোহী এক দম্পতিকে ধাক্কা দেয়, যার কারণে ঘটনাস্থলেই মহিলার মৃত্যু হয়, এবং যুবক গুরুতর আহত হয়, যাকে চিকিৎসার জন্য পিজিআইতে ভর্তি করা হয়েছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে খোঁজ খবর নেয়। পুলিশ জানিয়েছে, ভিওয়ানির খড়ক খুর্দ গ্রামের বাসিন্দা অজয় জানান, গরনাবথি গ্রামের বাসিন্দা মীনাক্ষীর সঙ্গে তাঁর বিয়ে হয়েছিল। স্ত্রীকে নিয়ে মোটরসাইকেলে করে শ্বশুরবাড়িতে আসেন তিনি। সন্ধ্যায় স্ত্রীকে নিয়ে বাড়ি ফেরার পথে লাহলী গ্রামের ব্রেকারের কাছে মোটরসাইকেলের গতি কমিয়ে আনলে পেছন থেকে আসা একটি ট্রাক চালক বেপরোয়াভাবে গাড়ি চালিয়ে মোটরসাইকেলটিকে ধাক্কা দেয়। এরপর মোটরসাইকেলটি রাস্তার পাশে পড়ে যায় এবং মীনাক্ষী ট্রাকের চাকায় পিষ্ট হয়, যার কারণে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। ঘটনার পর ঘটনাস্থলে বিপুল সংখ্যক মানুষ জড়ো হলে ট্রাক চালক সেখান থেকে পালিয়ে যায়। পুলিশ মৃতদেহটি নিজেদের হেফাজতে নিয়ে ময়নাতদন্তের জন্য পাঠায়। এই ব্যাপারে অজয়ের অভিযোগের ভিত্তিতে পুলিশ ট্রাক চালকের বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা রুজু করে তদন্ত শুরু করেছে।

## শিলিগুড়িতে গাড়ি ও বাইকের সংঘর্ষে মৃত্যু যুবকের, আহত আরও এক

শিলিগুড়ি, ১ নভেম্বর (হি. স.) : শিলিগুড়ির খড়িবাড়ির কল্যাণপুরে গাড়ি ও বাইকের সংঘর্ষে মৃত্যু হল এক যুবকের। অন্যদিকে একজন আহত হয়েছেন। শুক্রবার ঘটনাটি ঘটেছে। মৃতের নাম মুনুরাজ তিরকি (৩০)। তিনি বিহারের কিষাণগঞ্জের বাসিন্দা ছিলেন। স্থানীয় সূত্রে খবর, সকালে একটি গাড়ি খড়িবাড়ি যাচ্ছিল। এরপর কল্যাণপুরে একটি গাড়ি ও বাইকের সংঘর্ষ হয়। এ ঘটনায় বাইক চালক আহত হয়েছেন। ঘটনাস্থলেই বাইকের পিছনে বসা যুবকের মৃত্যু হয়। পরে আহত যুবককে উদ্ধার করে খড়িবাড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হয়, সেখানে যুবকের চিকিৎসা চলছে। খড়িবাড়ি থানার পুলিশ গাড়ি ও বাইক বাজেয়াপ্ত করে গোটা ঘটনার তদন্ত শুরু করেছে।

## প্রয়াত অর্থনীতিবিদ বিবেক দেবরায়, শোকপ্রকাশ প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ১ নভেম্বর (হি.স.): প্রয়াত বিশিষ্ট অর্থনীতিবিদ ও অনুবাদক বিবেক দেবরায়। তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমলে ভারত সরকারের গুরুত্বপূর্ণ পদ সামলেছেন তিনি। কাজ করেছেন প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান হিসাবে। তাঁর প্রয়াণে শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

প্রধানমন্ত্রী বলছেন, বিবেক দেবরায় প্রাজ্ঞ ব্যক্তিত্ব, অর্থনীতি, ইতিহাস, সংস্কৃতি, রাজনীতি আধ্যাত্মিকতা-সহ বহু ক্ষেত্রে প্রগাঢ় জ্ঞানের অধিকারী ছিলেন। ভারতের জ্ঞানচর্চায় তাঁর অবদান অনস্বীকার্য। তিনি এও বলেন, ডঃ দেবরায়কে বহু বছর ধরে চিনতাম। আমি সবসময় তাঁর অন্তর্দৃষ্টি এবং একাডেমিক আলোচনার জন্য তাঁর আবেগ মনে রাখব। তাঁর মৃত্যুতে শোকাহত। তাঁর পরিবার পরিজনদের প্রতি সমবেদনা।

## নতুন প্রতিরক্ষা সচিব রাজেশ কুমার সিং, গ্রহণ করলেন দায়িত্বভার

নয়াদিল্লি, ১ নভেম্বর (হি.স.): প্রতিরক্ষা সচিব গিরিধর আরমানে বৃহস্পতিবার অবসর নিয়েছেন। তাঁর জায়গায় শুক্রবার নয়াদিল্লির সাউথ ব্লকে দায়িত্ব নিয়েছেন আইএএস রাজেশ কুমার সিং। তিনি কেরল ক্যাডারের ১৯৮৯ ব্যাচের আইএএস অফিসার। তিনি এতদিন অফিসার অন স্পেশাল ডিউটি (প্রতিরক্ষা সচিব) হিসাবে দায়িত্ব পালন করছিলেন।

রাজেশ কুমার সিং দিল্লিতে শহীদদের স্মৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, মাতৃভূমির সেবায় সর্বোচ্চ আত্মত্যাগকারী বীর সৈনিকদের কাছে দেশ চির ঋণী হয়ে থাকবে। সাহসী সৈন্যদের অসাধারণ সাহসিকতা এবং আত্মত্যাগ ভারতকে একটি নিরাপদ ও সমৃদ্ধ জাতি হিসেবে গড়ে তোলার জন্য আমাদের শক্তি ও অনুপ্রেরণার উৎস। এর আগে, রাজেশ কুমার সিং একাধিক দফতরের সচিবের মতো অনেক গুরুত্বপূর্ণ পদে ছিলেন।

# এক অনন্য সাধারণ ভাই ফোঁটার সাক্ষী উত্তর কলকাতা , প্রয়াস ঝর্ণা

কলকাতা, ১ নভেম্বর (হি. স.) : 'ভাইয়ের কপালে দিলাম ফোঁটা। যম দুয়ারে পড়লো কাঁটা। যমুনা দেয় যমকে ফোঁটা। আমি দিই আমার ভাইকে ফোঁটা। যমুনার হাতে ফোঁটা খেয়ে যম হল চিরজীবী' -। '

আমার হাতে ফোঁটা পেয়ে প্রতিটি অবলা জীব হোক দীর্ঘজীবী'। এইমন্ত্রোচ্চোরণ একটু অন্যরকম লাগে বৈকি ! আসলে অন্য একরকমের ভাই ফোঁটার সাক্ষী উত্তর কলকাতাবাসী। ভাই ফোঁটার আগেই পথের অবলা জীবদের ভাই ফোঁটা দিলেন কবি , সাহিত্যিক, গীতিকার ঝর্ণা ভট্টাচার্য্য। কিন্তু এমনতর ভাই ফোঁটার কারণ জিজ্ঞাসা করতেই তিনি বলেন - 'স্কন্দপুরাণে লেখা আছে যে এই দিনে যমরাজকে প্রসন্ন করলে উপাসক কাঙ্খিত ফল লাভ করেন।

আমার যমরাজের কাছে প্রার্থনা আসন্ন কালী পুজো দীপাবলিতে এই অবলা জীবদের যেন কোনও বড় ক্ষতি না হয়। এরা সমাজের ভারসাম্য বজায় রেখেছে বারবার ভুলে যাই আমরা। তাই কালীপুজোর সময় তাদের জন্য যমরাজের কাছে এই প্রার্থনা। '

পথের সারমেয় ও মার্জার দুই কূল মিলিয়ে ৫০ জনের খাবারের ব্যবস্থা করা হয় এবং শব্দবাজি, আতসবাজিতে যাতে পশুপাখিদের যে কি পরিমাণ ক্ষতি হয় সেই জন্য সচেতনতামূলক লিফলেটও বিলি করেছেন ঝর্ণা। এদিকে, থালায় - ধান, দূর্বা, চন্দন, প্রদীপ আর শঙ্খধ্বনি সহযোগে হল এক অন্য ভাবনার ভাই ফোঁটা। যেখানে বোনের প্রার্থনা তার অবলা ভাইয়েরা যেন এই আলোর উৎসবে সুস্থভাবে তাদের জীবন বাঁচিয়ে রাখতে পারে। লোকশ্রুতি, এই ভাইফোঁটার উৎপত্তি মৃত্যুর দেবতা যমরাজের সূত্রেই আগত ধরাধামে। এই বিশেষ তিথিতে যমরাজ তাঁর বোন যমুনার থেকে ফোঁটা নিয়েছিলেন। ঝর্ণাদেবীর এমন প্রার্থনায় অবলা জীব সম্প্রদায় যেন সুস্থতার সঙ্গেই আগামীদিনে জীবনযাপন করতে পারে এই আশাতেই ফের দিন গোনা।

# গুজরাটের সবচেয়ে বড় বর্জ্য থেকে শক্তি প্ল্যান্টের উদ্বোধন করলেন অমিত শাহ

আহমেদাবাদ, ১ নভেম্বর (হি.স.): শুক্রবার গুজরাটের বৃহত্তম ওয়েস্ট টু এনার্জি (বর্জ্য থেকে শক্তি) প্ল্যান্টের উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এই প্ল্যান্টটি পরিচালনা করবে জিন্দাল আরবান ওয়েস্ট ম্যানেজমেন্ট কোম্পানি এবং এটি থেকে উৎপন্ন বিদ্যুৎ গুজরাট এনার্জি ডেভেলপমেন্ট কর্পোরেশনের কাছে বিক্রি করা হবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আহমেদাবাদের পিরানা রোডে অবস্থিত আহমেদাবাদ মিউনিসিপ্যাল কর্পোরেশনের (এএমসি) পাবলিক প্রাইভেট পার্টনারশিপের অধীনে ৩৭৫ কোটি টাকার ওয়েস্ট টু এনার্জি প্ল্যান্টের উদ্বোধন করেন এদিন। এএমসি স্থায়ী সমিতির চেয়ারম্যান দেবাং দানি বলেছেন যে এএমসি পিরানা ডাম্পিং সাইটে ঘরে ঘরে আবর্জনা সংগ্রহ করে আবর্জনা আলাদা করা হয় এবং প্রক্রিয়াজাত করা হয়। জিন্দাল আরবান ওয়েস্ট ম্যানেজমেন্ট কোম্পানি প্লান্টে প্রতি ঘণ্টায় ১৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা হবে অর্থাৎ দৈনিক ৩৬০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হবে।

# একসঙ্গে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ১২০ জন পরীক্ষার্থীর খাতা উধাও

কলকাতা, ১ নভেম্বর (হি.স.) : কলকাতা বিশ্ববিদ্যালয়ে হারিয়ে গিয়েছে পরীক্ষার্থীদের খাতা। একসঙ্গে ১২০ জন পরীক্ষার্থীর খাতা উধাও হয়ে গিয়েছে বলে সূত্রের খবর। তিনজন পরীক্ষকের কাছে ছিল সেই খাতা। কীভাবে তাঁদের কাছ থেকে শতাধিক উত্তরপত্র হারিয়ে গেল, তা নিয়ে উঠেছে প্রশ্ন। এবার কীভাবে ওই পরীক্ষার্থীদের মূল্যায়ন হবে, তা নিয়ে আতান্তরে পড়েছে বিশ্ববিদ্যালয়।

স্নাতকোত্তর (এমএ)-র প্রথম বর্ষের ১২০ জন পরীক্ষার্থীর উত্তরপত্র উধাও হয়ে গিয়েছে। জানা গিয়েছে, ৩ জন পরীক্ষকের কাছে ছিল খাতাগুলি। তার মধ্যে একজন কোঅর্ডিনেটরের কাছে খাতা জমা দিয়েছিলেন। সেখান থেকে খাতা হারিয়ে গিয়েছে। আর বাকি দুজনের কাছ থেকেও হারিয়ে গিয়েছে খাতা। বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ যে কলেজে ঘটনাটি ঘটেছে, সেই কলেজ কর্তৃপক্ষকেই মূল্যায়নের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার কথা বলা হয়েছে।

জানা যাচ্ছে, প্রাথমিকভাবে দুটি প্রস্তাব দেওয়া হচ্ছে কর্তৃপক্ষের তরফে। এক, অন্য বিষয়ে সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে অথবা ফের পরীক্ষা নেওয়া হবে। তিন পরীক্ষকের বিরুদ্ধে কঠোর পদক্ষেপের কথা ভাবছে কলকাতা বিশ্ববিদ্যালয়। তাঁদের সার্ভিস বুকে এই কথা উল্লেখ করা হবে বলে সূত্রের খবর।

## পাটুলিতে বল ভেবে খেলতে গিয়ে বোমা ফেটে জখম তিন কিশোর

পাটুলি, ১ নভেম্বর (হি.স.) : পাটুলি থানা থেকে ১০০ মিটার দূরে একটি খেলার মাঠে বল ভেবে খেলতে গিয়ে বোমা ফেটে জখম তিন কিশোর। শুক্রবার ঘটনাটি ঘটে। জখম কিশোরদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার মধ্যে এক কিশোরের অবস্থা গুরুতর হওয়ায় তাকে এমআর বাঙুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

স্থানীয় বাসিন্দারা বলছেন, এদিন সকালে পাটুলি থানা থেকে ১০০ মিটার দূরে একটি খেলার মাঠে খেলছিল ৩ কিশোর। বল ভেবে তারা একটি বোমা তুলে নেয়। তখন বোমাটি ফেটে যায়। জখম হয় তিন কিশোর। ঘটনার পর জায়গাটি ঘিরে দেয় পাটুলি থানার পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে তারা। পুলিশ কুকুর দিয়ে মাঠে তল্লাশি চালানো হয়। এসেছে বম্ব স্কোয়াডও।

# ঢাকায় আওয়ামী লীগের সহযোগী জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয়ে আগুন-ভাঙচুর



ঢাকা থেকে মনির হোসেন।। রাজধানী ঢাকার কাকরাইলে আওয়ামী লীগের সহযোগী জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্য্যালয়ে আগুন ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। ফ্যাসিবাদবিরোধী ছাত্র-শ্রমিক-জনতার ব্যানারে কয়েক শতাধিক মানুষ এই কর্মকাণ্ড ঘটিয়েছে। ফায়ার সার্ভিস একটি দল ঘটনাস্থলে উপস্থিত হয়ে আগুন নিভিয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার দিকে এ ঘটনা ঘটে।

ঘটনাস্থলে উপস্থিত ঢাকার তিতুমীর কলেজের শিক্ষার্থী নেওয়াজ খান বাপ্পী বলেন, আমরা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে একটি মিছিল নিয়ে এসেছিলাম। কিন্তু মিছিল পাটির কার্য্যালয়ের সামনে আসতেই আমাদের ওপর আক্রমণ করা হয়। এতে অসংখ্য নেতাকর্মী আহত হন।

তিনি আরও বলেন, হামলার শিকার হয়ে পরবর্তীতে আমরা আবার জড়ো হয়ে সন্ত্রাসীদের প্রতিহত করতে এখানে আসি। তারপর সন্ত্রাসী আমাদের দিকে বন্দুক তাক করলে বিক্ষুব্ধ ছাত্র-জনতা তাদের লক্ষ্য করে ইটপাটকেল ছুঁড়ে।

মুঠোফোনে জানতে চাইলে জাতীয় পার্টির মহাসচিব মুজিবুল হক চুন্নু বলেন, আজকের এ অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি নিয়ে আমরা দলীয় মিটিংয়ে বসেছি। মিটিং শেষে আমরা প্রতিক্রিয়া জানাব।

এদিকে, মিছিলে হামলার প্রতিবাদে ঢাকার বিজয় নগরে জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্য্যালয়ের সামনে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা।

বৃহস্পতিবার রাত ৯টার দিকে মিছিল নিয়ে জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্য্যালয়ের সামনে যান বৈষম্যবিরোধী আন্দোলনের শিক্ষার্থীরা। এরপর সেখানে সংক্ষিপ্ত সমাবেশ করে তারা পুনরায় মিছিল নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দিকে যান।

এর আগে রাত সাড়ে ৮টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্য্য থেকে মিছিল শুরু করেন তারা। এরপর জাপা কার্য্যালয়ের সামনে পৌঁছে শিক্ষার্থীরা 'জাতীয় পার্টির কালো হাত-ভেঙে দাও গুড়িয়ে দাও', হৈ হৈ রৈ রৈজাতীয় পার্টি গেলি কই', 'জিএম কাদেরের চামড়াতুলো দেবো আমরা' ইত্যাদি স্লোগান দেন।

## আরও চারটি উৎসব স্পেশাল ট্রেন চালাবে এনএফ রেলওয়ে

গুয়াহাটি, ১ নভেম্বর (হি.স.) : চলতি উৎসব মরশুমে যাত্রীদের অতিরিক্ত ভিড় হ্রাস করতে ও আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে আরও চারটি উৎসব স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই ট্রেনগুলি নিউ কোচবিহার-শিয়ালদহ, কাটিহার-উধনা, কাটিহার-অমৃতসর ও কলকাতা-সহরসার মধ্যে চলাচল করবে। আজ শুক্রবার এক প্রেস বার্তায় উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা এ খবর দিয়ে প্রস্তাবিত স্পেশাল ট্রেনগুলির বিস্তারিত জানিয়েছেন। প্রেস বার্তা আনুযায়ী ট্রেন নম্বর ০৫৪৭৪ নিউ কোচবিহার-শিয়ালদহ একমুখী স্পেশাল ১ নভেম্বর ২১.৩০ ঘণ্টায় নিউ কোচবিহার থেকে রওয়ানা দিয়ে পরের দিন ১০.০০ ঘণ্টায় শিয়ালদহ পৌঁছবে।

ট্রেন নম্বর ০৯০৪৭ উধনা-কাটিহার স্পেশাল ১ নভেম্বর ০০.২০ ঘণ্টায় উধনা থেকে রওয়ানা দিয়ে পরের দিন ১৪.০০ ঘণ্টায় কাটিহার পৌঁছবে। ফেরত যাত্রার সময় ট্রেন নম্বর ০৯০৪৮ কাটিহার-উজ্জয়িনী স্পেশাল ২ নভেম্বর ১৭.০০ ঘণ্টায় কাটিহার থেকে রওয়ানা দিয়ে পরের দিন ২৩.৩০ ঘণ্টায় উজ্জয়িনী পৌঁছবে।

ট্রেন নম্বর ০৪৬৬৪ অমৃতসর-কাটিহার স্পেশাল ২ নভেম্বর ১৩.২৫ ঘণ্টায় অমৃতসর থেকে রওয়ানা দিয়ে তৃতীয় দিন ০৩.০০ ঘণ্টায় কাটিহার পৌঁছবে। একইভাবে ট্রেন নম্বর ০৪৬৬৩ কাটিহার-অমৃতসর স্পেশাল ৪ নভেম্বর ০৬.০০ ঘণ্টায় কাটিহার থেকে রওয়ানা দিয়ে পরের দিন ২০.০০ ঘণ্টায় অমৃতসর পৌঁছবে। ট্রেন নম্বর ০৩১১৭ কলকাতা-সহরসা স্পেশাল ২ নভেম্বর ০৮.৫০ ঘণ্টায় কলকাতা থেকে রওয়ানা দিয়ে একই দিন ২২.০০ ঘণ্টায় সহরসা পৌঁছবে। ফেরত যাত্রার সময় ট্রেন নম্বর ০৩১১৮ সহরসা-কলকাতা স্পেশাল ৩ নভেম্বর ০১.০০ ঘণ্টায় সহরসা থেকে রওয়ানা দিয়ে একই দিন ১৫.৩০ ঘণ্টায় কলকাতা পৌঁছবে।

এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি-র ওয়েবসাইটে পাওয়া যাবে এবং বিভিন্ন সংবাদপত্র ও উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের বিভিন্ন সোশাল মিডিয়া প্ল্যাটফর্মেও অধিসূচিত করা হয়েছে। যাত্রা করার আগে এই বিবরণগুলি দেখে নিতে যাত্রীদের প্রতি অনুরোধ জানিয়েছেন উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা।

## রানাঘাটের স্কুল শিক্ষক সুব্রত ঘোষের গরিচেন শৃঙ্গ জয়ে নজির: প্রথম অসামরিক বাঙালি হিসেবে চূড়ায় পৌঁছলেন

রানাঘাট, ১ নভেম্বর (হি.স.) : নদিয়ার রানাঘাটের বাসিন্দা ও পেশায় স্কুল শিক্ষক সুব্রত ঘোষ সম্প্রতি গরিচেন শৃঙ্গ জয়ের মাধ্যমে নতুন ইতিহাস গড়েছেন। তিনি প্রথম অসামরিক বাঙালি হিসেবে প্রায় ৬,৫৩০ মিটার উঁচু অরুণাচলের দুর্গম গরিচেন শৃঙ্গের চূড়ায় পৌঁছেছেন। তার এই সাফল্যে শুধু রানাঘাট নয়, গোটা জেলা ও রাজ্য গর্বিত। সুব্রতবাবুর এই সাফল্য ইতিমধ্যেই প্রশংসা কুড়িয়েছে সর্বত্র। উত্তর ২৪ পরগনার কাপাসহাটি মিলন বিথী বিদ্যালয়ের শিক্ষক সুব্রত ঘোষ পাহাড় আরোহনের প্রতি প্রবল আকর্ষণ থেকেই এবার গরিচেন শৃঙ্গে পা রাখেন। এর আগে তিনি পাঁচ-ছয়টি শৃঙ্গ জয় করে অভিজ্ঞতার ঝুলি ভরেছেন। ১৯ অক্টোবর তিনি এই শৃঙ্গ আরোহণ শুরু করেন এবং প্রায় ৪০০ মিটার 'রোপ ক্লাইম্বিং' করার পর ২০ অক্টোবর রাতে চূড়ান্ত সামিটের উদ্দেশ্যে রওনা দেন। অবশেষে ২১ অক্টোবর ভোর ৬টা ২৫ মিনিটে তিন শেরপা সহ অভিযাত্রীদের সঙ্গে গরিচেন শৃঙ্গে পৌঁছন। এবারের অভিযানে মোট পাঁচজন শৃঙ্গ স্পর্শ করলেও, প্রথম অসামরিক বাঙালি হিসেবে গরিচেন শৃঙ্গে পা রাখেন সুব্রত ঘোষ। তার দিদি সুমিত্রা দেবনাথও অভিযাত্রী দলে ছিলেন, তবে তিনি মূল শৃঙ্গে পৌঁছতে না পারলেও ভাই সুব্রত ও তার দলের এই ঐতিহাসিক অর্জনের সাক্ষী ছিলেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## উলুবেড়িয়ায় বাজির আগুনে বাড়ির ভিতরে ভয়াবহ অগ্নিকাণ্ড, মৃত তিন শিশু

উলুবেড়িয়া, ১ নভেম্বর অক্টোবর(হি.স.) : উলুবেড়িয়া পুরসভার ২৭ নম্বর ওয়ার্ডের বানীতলায় বাড়ির ভিতরে বাজি পোড়ানোর সময় ভয়াবহ অগ্নিকাণ্ডে প্রাণ হারাল তিন শিশু। শুক্রবার সন্ধ্যায় বাড়ির ভিতরে ফুলঝুড়ি পোড়ানোর সময় হঠাৎ আগুন লেগে মুহূর্তের মধ্যে তা সারা ঘরে ছড়িয়ে পড়ে। ঘটনায় দুই নাবালক ও এক নাবালিকা আগুনে পুড়ে মারা যায়। অগ্নিকাণ্ডের খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় উলুবেড়িয়া থানার পুলিশ ও দমকলের দুটি ইঞ্জিন। তবে বাড়ির ভিতরে দ্রুত ছড়িয়ে পড়া আগুনের কারণে শিশুদের উদ্ধার করা সম্ভব হয়নি। দমকল বাহিনী আগুন নিয়ন্ত্রণে আনলেও, এই মর্মান্তিক ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে এলাকায়।

## ইন্দিরা গান্ধীর আত্মবলিদান দিবসে শ্রদ্ধা নিবেদন পশ্চিমবঙ্গ কংগ্রেসের

কলকাতা, ১ নভেম্বর (হি.স.): ভারতরত্ন প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর আত্মবলিদান দিবস উপলক্ষে পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের উদ্যোগে একটি শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠান অনুষ্ঠিত হয় বিড়লা তারামণ্ডলের সামনে। অনুষ্ঠানে ইন্দিরা গান্ধীর মূর্তির পাদদেশে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের সভাপতি শুভঙ্কর সরকারসহ অন্যান্য কংগ্রেস নেতৃত্ব। এই অনুষ্ঠানে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মেয়রের দৃষ্টি আকর্ষণ করে জানান, ইন্দিরা গান্ধীর মূর্তিটি সঠিকভাবে মেরামত করার প্রয়োজনীয়তা রয়েছে। তাঁর নেতৃত্বে কংগ্রেস দলের সদস্যরা প্রয়াত বিশ্বনেত্রীর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে অনুষ্ঠানটি পালন করেন।

## লাইনচ্যুত মালগাড়ি : লামডিং-বদরপুর পাহাড় লাইনে বাতিল ও আংশিক বাতিল বেশ কয়েকটি ট্রেন

হাফলং (অসম), ১ নভেম্বর (হি.স.) : লামডিং-বদরপুর পাহাড় লাইনে মুপার কাছে ৫২/৫ কিলোমিটারে দু-নম্বর টানেলের ভিতরে গতকাল বৃহস্পতিবার বিকালে পণ্যবোঝাই ট্রেন লাইনচ্যুত হওয়ার জেরে এই রুটে বেশ কয়েকটি ট্রেন বাতিল এবং আংশিক বাতিল করেছেন উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে কর্তৃপক্ষ। আজ শুক্রবার রাতে এই প্রতিবেদন লেখা পর্যন্ত লামডিং-বদরপুর পাহাড় লাইনে ট্রেন চলাচল সচল হয়ে ওঠেনি। এদিকে দুর্ঘটনাস্থলে রেলের শীর্ষ আধিকারিকরা উপস্থিত হয়ে রেলপথ সারাইয়ের কাজ তদারকি করছেন। কিন্তু টানেলের ভিতরে পণ্যবোঝাই ট্রেন লাইনচ্যুত হওয়ায় রেলপথ সারাইয়ের কাজে বেগ পেতে হচ্ছে রেলকর্মীদের। তবে উত্তরপূর্ব সীমান্ত সূত্রে জানা গিয়েছে, আজ (শুক্রবার) রাত কিংবা শনিবার সকালের মধ্যে পাহাড় লাইনে রেল চলাচল সচল হওয়ার সম্ভাবনা রয়েছে। এদিকে পাহাড় লাইনে পণ্যবাহী ট্রেন দুর্ঘটনার জেরে ১ এবং ২ নভেম্বর উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে কর্তৃপক্ষ কয়েকটি ট্রেন বাতিল ও আংশিক বাতিল করেছেন। বাতিলকৃত ট্রেনগুলি যথাক্রমে ০৫৬২৭ নম্বর গুয়াহাটি-আগরতলা স্পেশাল, ১৫৬১৭ নম্বর গুয়াহাটি-দুল্লভছড়া এক্সপ্রেস, ১৫৬১১ নম্বর রঙিয়া-শিলচর এক্সপ্রেস, ১৫৬১২ নম্বর শিলচর-রঙিয়া এক্সপ্রেস, ১৫৬১৫ নম্বর গুয়াহাটি-শিলচর এক্সপ্রেস, ১৫৬১৬ নম্বর শিলচর-গুয়াহাটি এক্সপ্রেস, ১৪৬১৯ নম্বর আগরতলা-ফিরজপুর ক্যান্ট, ০৭০২৯ নম্বর আগরতলা-সিকেন্দ্রাবাদ সুপারফাস্ট এক্সপ্রেস, ১৩১৭৬ / ১৩১৭৫ শিলচর-শিয়ালদহ-শিলচর, ১৫৮৮৭ নম্বর গুয়াহাটি-বদরপুর ট্যুরিস্ট স্পেশাল। তাছাড়া আংশিক যাত্রা বাতিলকৃত ট্রেনগুলি যথাক্রমে ১২৫০৩ নম্বর বেঙ্গালুরু-আগরতলা হামসফর এক্সপ্রেস গুয়াহাটি থেকে আগরতলা পর্যন্ত যাত্রা বাতিল করা হয়েছে। এছাড়া ১৩১৭৩ নম্বর আগরতলা-সাব্রুম কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস লামডিং থেকে আগরতলার মধ্যে আংশিক যাত্রা বাতিল করেছে এনএফ রেলওয়ে। ২০৫০২ নম্বর আনন্দবিহার-আগরতলা তেজস এক্সপ্রেসের যাত্রা আংশিকভাবে বাতিল করা হয়েছে গুয়াহাটি ও আগরতলার মধ্যে। ১২৫০৭ নম্বর তিরুবন্তপুরম-শিলচর ট্রেনের আংশিক যাত্রা গুয়াহাটি থেকে শিলচরের মধ্যে বাতিল থাকবে। ০১৬৬৫ নম্বর রানি কমলাবতি-আগরতলা এক্সপ্রেসেরও আংশিক যাত্রা বাতিল করা হয়েছে। গুয়াহাটি ও আগরতলার মধ্যে ১৪০৩৮ নম্বর নিউদিল্লি-শিলচর সম্পর্কক্রান্তি এক্সপ্রেস ট্রেনটির যাত্রা আংশিক বাতিল করা হয়েছে গুয়াহাটি ও শিলচরের মধ্যে। ১৩১৭৪ নম্বর সাব্রুম-আগরতলা কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের আংশিক যাত্রা বাতিল করা হয়েছে সাব্রুম থেকে লামডিং পর্যন্ত।

## বড় দুর্ঘটনা থেকে অল্পের জন্য রক্ষা শান্তিনিকেতন এক্সপ্রেসের

বর্ধমান, ১ নভেম্বর (হি.স.):পূর্ব বর্ধমান ও হুগলির সীমান্তবর্তী ঝাপানডাঙ্গা স্টেশনের কাছে অল্পের জন্য বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল শান্তিনিকেতন এক্সপ্রেস। সিগন্যাল বিভ্রাটের কারণে দাঁড়িয়ে থাকা একটি মালগাড়ির পেছনে চলে আসে শান্তিনিকেতন এক্সপ্রেস, তবে চালকের দ্রুত সিদ্ধান্তের কারণে সম্ভাব্য বিপর্যয় এড়ানো সম্ভব হয়। রেল সূত্রে জানা যায়, গুরাপ ও ঝাপানডাঙ্গা স্টেশনের মধ্যবর্তী স্থানে একটি মালগাড়ির ইঞ্জিন বিকল হয়ে পড়ে, ফলে সেটি ট্র্যাকে থেমে থাকে। সেই সময় সিগন্যাল গ্রিন থাকায় হাওড়া থেকে শান্তিনিকেতন এক্সপ্রেস ওই একই লাইনে প্রবেশ করে। ড্রাইভার দক্ষতার সঙ্গে মালগাড়ি দেখতে পেয়ে ব্রেক কষে শান্তিনিকেতন এক্সপ্রেস থামিয়ে দেন। তার এই তৎপরতার জন্যই দুর্ঘটনার হাত থেকে অল্পের জন্য রক্ষা পায় ট্রেনটি এবং এতে থাকা বহু যাত্রী। প্রত্যক্ষদর্শীদের মতে, সিগন্যাল বিভ্রাটই এই ঘটনার জন্য দায়ী। প্রশ্ন উঠছে, মালগাড়িটি যেখানে বিকল অবস্থায় দাঁড়িয়ে ছিল, সেখানে কীভাবে সিগন্যাল গ্রিন ছিল?

## দুঃসাহসিক চুরি

● প্রথম পাতার পর

একটি টিভি নিয়ে পালিয়েছে চোরের দল। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে শান্তির বাজার থানার পুলিশ।

## স্বাস্থ্য পরিষেবা নিয়ে অসন্তুষ্ট

● প্রথম পাতার পর

নাকি মৃত সেটা তাদের বলা হয়নি। অনেকক্ষণ অপেক্ষা করানোর পর বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে বৃহস্পতিবার সকাল ছয়টায় শিশু এবং মাকে আইজিএম হাসপাতালে স্থানান্তর করা হয়। আইজিএম হাসপাতালে যাওয়ার পর কর্তব্যরত চিকিৎসক শিশুকে মৃত বলে ঘোষণা করেন। এই ঘটনার পরিপ্রেক্ষিতে বুদ্ধ দেববর্মা ও স্ত্রী বাসনা দেববর্মার বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের পরিষেবা নিয়ে প্রশ্ন তুলছেন।

## অগ্রাধিকার ঃ মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

অরুণোদয় সাহা, জেলা পুলিশ সুপার নমিত পাঠক প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন মাতাবাড়ি উৎসব ও মেলা কমিটির চেয়ারম্যান বিধায়ক অভিষেক দেবরায়। তিনি আগত সকল পুণ্যার্থী, দর্শণার্থীদের সুষ্ঠু ও সুন্দরভাবে এই মেলা উপভোগ করার জন্য আবেদন জানান। তিনি বলেন, রাজ্যের বিভিন্ন জায়গায় এলইডি স্ক্রিনের মাধ্যমে মন্দিরে মায়ের পূজার্চনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হচ্ছে। উল্লেখ্য, অনুষ্ঠানে অতিথিগণ দীপাবলি উৎসবের উপর স্বরণিকার আবরণও উন্মোচন করেন। অনুষ্ঠান মঞ্চে মাতাবাড়ি উৎসব ও মেলা কমিটির চেয়ারম্যান বিধায়ক অভিষেক দেবরায় ১ লক্ষ টাকা, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ত্রিপুরা বিভূষণ ড. অরুণোদয় সাহা ৬ লক্ষ টাকা, সমাজসেবী সুকান্ত সাহা ৫০ হাজার টাকা এবং এগ্রি ইঞ্জিনিয়ারিং উইংস-এর পক্ষ থেকে ৫০ হাজার টাকার চেক ত্রিপুরাসুন্দরী টেম্পল ট্রাস্টে দান হিসেবে ত্রিপুরাসুন্দরী টেম্পল ট্রাস্টের চেয়ারম্যান মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার হাতে তুলে দেওয়া হয়। অনুষ্ঠান শেষে অতিথিগণ মেলায় বিভিন্ন দপ্তরের সরকারি প্রদর্শনী মণ্ডপগুলি ফিতা কেটে দর্শণার্থীদের জন্য উন্মুক্ত করে দেন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা।

## রামগড়ে শর্ট সার্কিটের জেরে মোবাইল টাওয়ারে আগুন

রামগড়, ১ নভেম্বর (হি. স.) : ঝাড়খন্ডের রামগড় শহরের বানজারি মন্দিরের কাছে একটি আবাসিক এলাকায় একটি মোবাইল টাওয়ারে আগুন লাগে। শুক্রবার সন্ধ্যায় টাওয়ারে আকস্মিক আগুন দেখে লোকজনের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। সঙ্গে সঙ্গে দমকল বিভাগে জানানো হয়। দমকল ব্রিগেড আগুন নেভানোর চেষ্টা করছে। তথ্যমতে, শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে বলে জানা গেছে। কেউ কেউ বলছেন, বাজি ফোটাতে গিয়ে মোবাইল টাওয়ারে স্পার্ক থেকে আগুন ধরে যায়।

## ঝাড়গ্রাম বেঙ্গল আর্চারি একাদেমির ১৮ টি পদক জয়, রাজ্য স্কুল গেমসে জয়জয়কার

কলকাতা, ১ নভেম্বর (হি. স.) : বেঙ্গল আর্চারি একাডেমি, ঝাড়গ্রামের শিরোপা দখল। ৬৮ তম রাজ্য স্কুল গেমস - ২০২৪ প্রতিযোগিতায় অসাধারণ প্রতিভা এবং কঠোর পরিশ্রমের মাধ্যমেই ১৮টি পদক অর্জন করেছে। এর মধ্যে - ৪টি সোনা, ৮টি রূপো এবং ৬টি ব্রোঞ্জ পদক। এছাড়াও বেঙ্গল আর্চারি একাডেমি, ঝাড়গ্রাম সামগ্রিক দল হিসেবে চ্যাম্পিয়নশিপ ট্রফি, পুরুষ দল চ্যাম্পিয়নশিপ ট্রফি ও মহিলা দল চ্যাম্পিয়নশিপ ট্রফি জিতেছে। এদিকে, আগামী ১১ থেকে ১৬ নভেম্বর নাদিয়াদ, গুজরাতে ৬৮তম জাতীয় স্কুল গেমস অনুষ্ঠিত হবে। তীরন্দাজি প্রতিযোগিতায় পশ্চিমবঙ্গ থেকে অংশগ্রহণকারী মোট ৪৮ জন প্রতিযোগীর মধ্যেই ২৩ জন রাজ্য সরকার পরিচালিত সংশ্লিষ্ট একাডেমির ছাত্রছাত্রী - সায়ন সামন্ত, মোঃ কামরান, রাজু সরকার, অভিজিৎ সরদার, অঞ্জলি কুমারী, অন্বেষা মন্ডল, পৌলমী বোনু, অরূপ কুজুর, আশু মিনজ, রঞ্জিত খালকো, সজিয়া কুরেশি, বিদিশা রায়, পিউ রায়, করণ রায়, কাশিরাম হাঁসদা, রঞ্জনা কুমারী, মোঃ রেহান খান, অভিনা রায়, সঞ্জিত মারডি, তাপস মাহাতো, অনিমেষ রায়, জ্যোৎস্না হাঁসদা, রেখা মাহাতো। অন্যদিকে,এ রাজ্যের ক্রীড়ামন্ত্রী শ্রী অরূপ বিশ্বাস এই সাফল্যের জন্য প্রতিযোগী কোচ, সাপোর্ট স্টাফ সহ বেঙ্গল আর্চারি একাডেমির সকল কর্মকর্তাদের অভিনন্দন জানিয়েছেন। একই সঙ্গে তাঁর আশা, জাতীয় স্কুল গেমসেও একাডেমির ছাত্র-ছাত্রীরা বাংলার মুখ উজ্জ্বল করবে।

## নতুন পল্লী রক্ষাকালী মন্দির কমিটির উদ্যোগে শ্যামা মায়ের পূজা

আগরতলা, ৩১ অক্টোবর: প্রত্যেক বছরের ন্যায় এ বছরও লিচুবাগানস্থিত নতুন পল্লী রক্ষাকালী মন্দির কমিটির উদ্যোগে শ্যামা মায়ের পুজো আয়োজন করা হয়েছে। জানা গিয়েছে, এ বছর ভিন্ন ধরনের চিন্তাভাবনা নিয়ে করছে নতুন পল্লী রক্ষাকালি মন্দির কমিটি। এবছর কমিটির সদস্যরা কালী মায়ের সাতটি রূপ বিভিন্নভাবে ফুটিয়ে তুলেছেন। ২০২২ সালেও মায়ের ৫১ টি রূপ ফুটিয়ে তুলেছিলেন তাঁরা। তখনও প্রচুর পরিমাণে দর্শণার্থীর ভিড় ছিলেন নতুন পল্লী এলাকায়। এবছর শ্যামা মায়ের সাতটি বিভিন্ন রূপ ফুটিয়ে তুলেছেন তাঁরা। তাঁরা আশা প্রকাশ করেন এ বছরও রাজ্যের বিভিন্ন জায়গা থেকে দর্শনার্থীরা ভিড় হবে

## জমি বিবাদে সংঘর্ষ, ভাঙচুর ও অগ্নিসংযোগে উত্তপ্ত উনশানী গড়ফা

হাওড়া, ১ নভেম্বর (হি.স.): জমি নিয়ে বিবাদের জেরে ফের উত্তপ্ত হাওড়ার জগাছা থানার উনশানী গড়ফা এলাকা। একটি ফাঁকা জমি নিয়ে দীর্ঘদিন ধরে চলা বিরোধ এদিন সহিংস রূপ নেয়। স্থানীয় একটি ক্লাব ওই জমির মালিকানা দাবি করলেও, পাশের এক বাসিন্দা জমিটি তার নিজের বলে দাবি করেন। উভয় পক্ষের এই জমি-দাবি নিয়ে আদালতে মামলা চলমান থাকলেও, সম্প্রতি ক্লাব কর্তৃপক্ষ সেখানে নতুন করে নির্মাণ কাজ শুরু করে, যা পরিস্থিতিকে আরও উত্তপ্ত করে তোলে।

নির্মাণ কাজে বাধা দিতে গেলে শুরু হয় উত্তেজনা। কথাকাটাকাটির মধ্যেই দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বাঁধে, এবং ইট-বৃষ্টির পাশাপাশি বেশ কয়েকটি বাড়ি ও গাড়ি ভাঙচুরের অভিযোগ ওঠে। স্থানীয় কয়েকটি দোকানেও আগুন লাগিয়ে দেওয়া হয় বলে জানা গেছে। সংঘর্ষে দু'পক্ষের বেশ কয়েকজন আহত হয়েছেন এবং গুরুতর আহত অবস্থায় তিনজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সংঘর্ষের খবর পেয়ে ঘটনাস্থলে বিশাল পুলিশ বাহিনী পৌঁছায় এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এলাকায় উত্তেজনা রয়ে গেছে, এবং আরও কোনও অপ্রীতিকর ঘটনা এড়াতে পুলিশি টহল বাড়ানো হয়েছে।

## অভয়া হত্যা মামলায় বিচার না পাওয়ার ৮৪তম দিনে জুনিয়র ডাক্তারদের আন্দোলন, ৫ নভেম্বর চোখ সুপ্রিম বিচারের দিকে

কলকাতা, ১ নভেম্বর (হি.স.) : অভয়া হত্যা মামলায় বিচার না পাওয়ার ৮৪তম দিনেও জুনিয়র ডাক্তাররা একত্রিত হয়ে সাংবাদিক সম্মেলনের আয়োজন করেছেন। তাদের দাবি, ঘটনার দীর্ঘ সময় পার হয়ে গেলেও এখনো বিচারপ্রক্রিয়ায় কাঙ্ক্ষিত অগ্রগতি দেখা যায়নি। বিচার না পাওয়ার প্রতিবাদে সমাজের বিভিন্ন স্তরের মানুষ গলি থেকে রাজপথে বারবার আন্দোলন করেছেন, তবে প্রশাসনের নির্লিপ্ততায় পরিস্থিতি এখনো অপরিবর্তিত। গত ৩০ অক্টোবর সিজিও কমপ্লেক্সে এক বিক্ষোভ কর্মসূচিতে অংশ নেওয়া সাধারণ মানুষ ও বিভিন্ন সামাজিক সংগঠনের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন জুনিয়র ডাক্তাররা। তারা উল্লেখ করেন, ৯ আগস্টের ঘটনার পর অভয়ার মৃত্যু ও পরবর্তী প্রক্রিয়াগুলি যথাযথ ভাবে পরিচালিত হয়নি। মৃতদেহ হস্তান্তর নিয়ে পুলিশের ভূমিকা প্রশ্নবিদ্ধ হয়েছে, এবং কলকাতা পুলিশের কিছু কার্যকলাপকে তারা ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা হিসেবে চিহ্নিত করেছেন। সিবিআই ইতিমধ্যে প্রথম চার্জশিট দাখিল করেছে, যেখানে তদন্ত প্রক্রিয়ায় অসংখ্য প্রশ্নের সৃষ্টি হয়েছে। অভয়ার পরিবারের অভিযোগ, তাদের তিন ঘণ্টা ধরে বসিয়ে রাখা হয়েছিল, এবং মৃতদেহ যথাসময়ে তাদের দেওয়া হয়নি। এর ফলে, পুলিশের বিরুদ্ধে অভিযোগ আরও প্রবল হয়েছে যে, তারা তদন্তে প্রকৃত সত্য উদঘাটনে ব্যর্থ হয়েছে। জুনিয়র ডাক্তারদের মতে, মেডিকেল কলেজগুলিতে বিদ্যমান থ্রেট কালচার ও তার প্রতি প্রশাসনের নমনীয়তা দায়ী। মন্ত্রী ও মুখ্যমন্ত্রী এই সমস্যার সমাধানে যথেষ্ট পদক্ষেপ নেননি বলেও তাদের অভিযোগ। আগামী ৯ নভেম্বর অভয়ার মৃত্যুর ৯০তম দিন পূর্ণ হবে। এ উপলক্ষে সমস্ত মেডিকেল কলেজে 'অভয়া গ্যালারি' প্রদর্শিত হবে এবং আর জি করে রক্তদান শিবির আয়োজন করা হয়েছে। এছাড়া, জনতার দরবারে বিচার দাবিতে কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত মহামিছিলের আহ্বান জানানো হয়েছে। সাধারণ মানুষকে এই আন্দোলনে শামিল হওয়ার জন্য আহ্বান জানানো হয়েছে। ৪ নভেম্বর শিয়ালদহ কোর্ট এবং ৫ নভেম্বর সুপ্রিম কোর্টে এই মামলার শুনানি রয়েছে। সারা দেশের মানুষ এই শুনানির দিকে তাকিয়ে আছেন, কারণ অভয়ার পরিবারের মতো তারাও ন্যায়বিচার প্রাপ্তির প্রত্যাশা করছেন।

## উদ্ধার, ধৃত এক

● প্রথম পাতার পর

করা হয়েছে। তাতে ১১ জনকে গ্রেফতার করা হয়েছে। পাশাপাশি, এক মাসে ৬৩ কেজি গাঁজা এবং ১৯২ টি এসকফের বোতল পুলিশ বাজেয়াপ্ত করে।

## স্বামীকে গণধোলাই

● প্রথম পাতার পর

ঢলে পড়েন দুই সন্তানের জননী। তাতে উত্তেজিত মৃতার পরিবারের সদস্যরা জিবি হাসপাতাল চত্বরে স্বামীকে উত্তম মধ্যম দিয়েছেন।

## ফটিকরায়ে মন্ত্রী সুধাংশু দাসের হাত ধরে কালি মন্ডপ উদ্বোধন

**নিজস্ব প্রতিনিধি, ফটিকরায়, ১ নভেম্বর:** ঊনকোটি জেলার ফটিকরায়ের রাজনগরের এলবিবি ক্লাবে উদ্বোধন হলো কালীপুজো ও মন্ডপের। মন্ত্রী সুধাংশু আনুষ্ঠানিকভাবে কালীপুজো ও মন্ডপের উদ্বোধন করেন।

অমাবশ্যার পূন্য তিথিতে এক আনন্দঘন অনুষ্ঠানের মধ্য দিয়ে বৃহস্পতিবার রাতে ঊনকোটি জেলার ফটিকরায় রাজনগরের এলবিবি ক্লাবে উদ্বোধন হলো কালী পূজো মণ্ডপের। মন্ত্রী তথা এলাকার বিধায়ক সুধাংশু দাসের হাত ধরে প্রদীপ প্রজ্বলন ও ফিতে কাটার মধ্যদিয়ে উদ্বোধন হয় এই পূজো মণ্ডপের।

উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, ক্লাব সভাপতি ইষতোষ ভট্টাচার্য সহ অন্যান্য অতিথীরা। ক্লাবের ৩৯ তম পূজোর আয়োজনে কোলকাতা বেলুড় মঠের অনুকরনে। প্রায় বারো লক্ষ টাকা বাজেট নিয়ে গড়ে উঠেছে ক্লাবের পূজো মণ্ডপ। উদ্বোধনী সন্ধ্যা থেকেই পূজো দেখতে মণ্ডপমূখী হয়েছেন দর্শনার্থীরা। অনুষ্ঠানে আলোচনা রাখতে গিয়ে দীপাবলি অনুষ্ঠানের তাৎপর্য তুলে ধরেন মন্ত্রী সুধাংশু দাস। গ্রামীন এলাকায় এধরনের বড়ো মাপের পূজোর আয়োজন করায় ক্লাব কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান মন্ত্রী। যুব সমাজকে নেশা থেকে বিরত থাকার বার্তাও এদিন দেন সুধাংশু দাস।

## মধুপুর থানায় কালি পূজার উদ্বোধন করলেন বিধায়িকা অন্তরা সরকার দেব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর:** মধুপুর থানায় শ্যামা মায়ের আরাধনায় শুভ লগ্নে প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে শুভ উদ্বোধন করেন কমলাসাগর বিধানসভার বিধায়িকা অন্তরা সরকার দেব। উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলা বিজেপির সভাপতি গৌরাঙ্গ ভৌমিক, কমলাসাগর মন্ডল সভাপতি চিত্তরঞ্জন দেবনাথ, মধুপুর থানার ওসি দেবজিৎ চ্যাটার্জি সহ অন্যান্য।

মধুপুর থানার শ্যামা পূজার উদ্বোধনী অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে বিধায়িকা বলেন নিজেদের মধ্যে যে অপশক্তি আছে তাকে দমন করে আগামী দিন শান্তি-শৃঙ্খলা ভাবে চলতে পারি তা যেন শ্যামা মায়ের কাছে আরাধনা করি। তাছাড়া মধুপুর থানার যেভাবে সুন্দর করে শ্যামা মায়ের আরাধনের প্রতি হয়েছেন তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

মধুপুর থানা ওসি আলোচনা করতে গিয়ে উল্লেখ করেন ভারত তথা ত্রিপুরাকে অপশক্তি থেকে দূরে রাখতে সকলে মিলে অক্লান্ত করতে হবে।ভারত বিরোধী যে অপশক্তি তৈরি হয়েছে তাকে দমন করতে হবে। আলোচনা করতে গিয়ে বাংলাদেশের যে বৈষম্য নীতি তাও তুলে ধরেন। পরবর্তী সময়ে মধুপুর থানা থেকে সাংবাদিকদের সংবর্ধনা জ্ঞাপন করেন এবং তৎসঙ্গে দুস্থদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। তবে মধুপুর থানায় এলাকার জনগণের উপস্থিত ছিল লক্ষণীয়।

## জীবনদ্বীপ সামাজিক সংস্থার উদ্যোগে চাবাগানে বিভিন্ন সামগ্রী বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর:** দীপাবলি উৎসব উপলক্ষে জীবনদ্বীপ সামাজিক সংস্থার উদ্যোগে মেখলী পাড়া চা বাগানে ছোট ছোট শিশুদের মধ্যে বিভিন্ন খাদ্য সামগ্রী, খেলার সামগ্রী, জামা কাপড় সহ মোমবাতি বিতরণ করা হয়েছে।

আলোর উৎসব সকলেই উপভোগ করুক আনন্দের সাথে সেই প্রত্যাশা নিয়েই তাদের এই আয়োজন। আগামীদিনেও জীবনদ্বীপ সামাজিক সংস্থা এভাবেই পৌঁছে যেতে চায় কিছু না কিছু উপহার নিয়ে সমাজে পিছিয়ে পড়া ছোট ছোট ভাই বোনদের কাছে।

## সীমান্তে প্রদীপ জ্বালিয়ে নিরাপত্তারক্ষীদের সঙ্গে দীপাবলি উৎসব পালন করলেন প্রাক্তন সাংসদ প্রতিমা ভৌমিক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর:** প্রতিবছরের ন্যায় এবছরও আখাউড়া চেকপোষ্টে সীমান্ত সুরক্ষা বাহিনীদের সঙ্গে দীপাবলীর আনন্দ ভাগ করে নিলেন প্রাক্তন সাংসদ প্রতিমা ভৌমিক। এদিন আখাউড়া চেকপোস্টের ভারত বাংলাদেশ সীমান্তে প্রদীপ জ্বালিয়ে উৎসব পালন করেন তিনি।

প্রাক্তন সাংসদ প্রতিমা ভৌমিক বলেন, ২০০৬ সাল থেকে তিনি সীমান্ত সুরক্ষা বাহিনীদের সঙ্গে দীপাবলি এবং রাখি বন্ধন উৎসব পালন করে আসছেন।। সীমান্ত সুরক্ষা বাহিনীর জওয়ানেরা বাড়িঘর আপনজন ছেড়ে আমাদের সুরক্ষায় নিজেদের নিয়োজিত রেখেছেন। তাই তাদেরও যেন এই আনন্দঘন উৎসবে কোন ধরনের মন খারাপ না হয় সেই কারণেই তিনি প্রতিবছর তাদের সঙ্গে আনন্দ ভাগ করতে আসেন।

এই দীপাবলি উৎসবে সারা রাজ্যবাসী সহ দেশবাসীর সুস্থতা কামনা করেছেন তিনি।

## সীমান্তে সীমা প্রহরীদের সাথে দীপাবলি উদযাপনে বিএসএফ - এর আইজি

আগরতলা, ১ নভেম্বর: গতকাল পশ্চিম ত্রিপুরা জেলার অধীনে বিওপি ভাগলপুর এবং বিওপি মোহনপুর এলাকা পরিদর্শন করেন বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি এস প্যাটেল পীযূষ পুরুষোত্তম দাস। এদিন তিনি সীমান্তে মোতায়েন জওয়ানদের মনোবল বৃদ্ধি করেন।

পাশাপাশি, এদিন আইজি সমস্ত সীমান্তবাসী এবং তাদের পরিবারেরদের দীপাবলির শুভেচ্ছা জানিয়েছেন। এদিন তিনি দেশের নিরাপত্তায় বিএসএফ জওয়ানদের অক্লান্ত পরিশ্রমের প্রশংসা করেন। পাশাপাশি, বিএসএফ জওয়ানদের সুস্বাস্থ্য বজায় রাখার উপর জোর দেন।তাঁকে বিওপি মোহনপুর এবং বিওপি ভাগলপুরে বিএসএফ সেক্টর হেডকোয়াটারের ডিআইজি পরমজিৎ সিং নাগরা, ১০৪ নং ব্যাটেলিয়ানের কমান্ড্যান্ট নীরজ জামওয়াল এবং ৪২ নং ব্যাটেলিয়ানের কমান্ড্যান্ট অজয় কুমার অভ্যর্থনা জানিয়েছেন।

## উত্তরের বারাসতকে টেক্কা দিতে দক্ষিণ বারাসতের জোরাপুল যুব গোষ্ঠীর 'অরণ্য কন্যা' থিম

দক্ষিণ বারাসত, ১ নভেম্বর (হি. স.) : কালীপুজো মানেই উত্তর ২৪ পরগনার বারাসতের জাঁকজমকপূর্ণ থিমের পুজো, যা শহরবাসী এবং দূর-দূরান্তের দর্শনার্থীদের আকর্ষণ করে প্রতি বছর। কিন্তু উত্তরের বারাসতকে টেক্কা দিতে এবারও কোনও অংশে পিছিয়ে নেই দক্ষিণ বারাসত। এ অঞ্চলের জোরাপুল যুব গোষ্ঠী তাদের 'শ্যামা পূজা'য় নিয়ে এসেছে বিশেষ থিম — 'অরণ্য কন্যা, ' যা হীরক জয়ন্তী বর্ষ উপলক্ষে তাদের ভাবনার কেন্দ্রবিন্দু।দক্ষিণ বারাসতের জোরাপুল যুব গোষ্ঠীর পুজো বিগত বেশ কয়েক বছর ধরেই এলাকাবাসীর মধ্যে বিশেষ জনপ্রিয়তা লাভ করেছে। এবছর তাদের মণ্ডপে প্রাকৃতিক দৃশ্যের পরিবেশে প্রতিমাকে উপস্থাপন করতে সম্পূর্ণ নতুন মাত্রা যুক্ত করা হয়েছে। নবদ্বীপ থেকে আগত শিল্পীরা তৈরি করেছেন মণ্ডপের কাঠামো, যা পূর্ণ হয়েছে গাছ, হাতি পালকি, এবং অরণ্যের আদলে সাজানো বর্ণিল স্থাপত্যে। চন্দননগরের বিখ্যাত আলোকসজ্জা মণ্ডপকে আলোকিত করে এক মনোমুগ্ধকর পরিবেশ সৃষ্টি করেছে। প্রতিমার রূপ এবং মণ্ডপের প্রতিটি উপাদান একত্রে দর্শনার্থীদের মন কাড়ার জন্য সুনিপুণভাবে প্রস্তুত করা হয়েছে।ক্লাবের এক সদস্য জানান, 'আমাদের পুজোতে প্রতি বছরই কিছু না কিছু নতুনত্ব রাখার চেষ্টা করি। এই বিশেষ 'অরণ্য কন্যা' থিম দর্শকদের মন ছুঁয়ে যাবে বলে আমরা আশাবাদী। গত বছরের তুলনায় এ বছর আরও বেশি দর্শনার্থী আমাদের পুজো দেখার জন্য আসবেন বলে আশা করছি।'বারাসত অঞ্চলের কালীপুজোর খ্যাতি রাজ্যের গণ্ডি পেরিয়ে জাতীয় স্তরে পৌঁছেছে। এবার দক্ষিণ বারাসতের এই জোরাপুল যুব গোষ্ঠীর 'অরণ্য কন্যা' থিমও সেই মাপের পুজো হিসেবে আলাদা পরিচিতি পাবে বলে আশাবাদী স্থানীয় বাসিন্দারা।

8th-6th page -2022 darpan print.pmd 1
11/2/2024, 1:12 AM

# বীরেন্দ্র ক্লাবের প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। রাজ্যের ঐতিহ্যবাহী ক্লাব বীরেন্দ্র ক্লাবের ১২৯ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। আগামী ৩ নভেম্বর বীরেন্দ্র ক্লাবের ১২৯ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে বেশ কিছু কর্মসূচি রূপায়ণের উদ্যোগ নেওয়া হয়েছে। ওই দিন সকাল আটটায় ক্লাবের পতাকা উত্তোলন করবেন ক্লাব সভাপতি নির্মল চক্রবর্তী। মুখ্যমন্ত্রীর ত্রান তহবিলে ২৯ হাজার টাকা প্রদান করা হবে। বিকাল তিনটায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে এক প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হবে। ত্রিপুরার ফুটবল অ্যাসোসিয়েশন একাদশ বনাম বীরেন্দ্র ক্লাব একাদশ-এর মধ্যে এই প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হবে। এতে টিএফএ-এর পেট্রন রতন সাহা, ক্লাব ফোরামের সম্পাদক দেবাশীষ ভট্টাচার্য্য প্রমূখ উপস্থিত থাকবেন।




এছাড়া, সকল ক্রীড়া সংস্থার শুভানুধ্যায়ীদের এতে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হচ্ছে। ক্লাবে ১০ নভেম্বর সকাল ৮ টায় শিশুদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হবে।

পরবর্তী সময়ে শিশু মহলে সুরক্ষিত অনাথ শিশুদের মধ্যে বস্ত্র দান করা হবে। আজ বিকেল পাঁচটায় বীরেন্দ্র ক্লাব গৃহে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ক্লাবের সভাপতি নির্মল চক্রবর্তী ও সম্পাদক দেবপ্রসাদ দত্ত এ বিষয়ে বিস্তারিত জানান। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে কোষাধ্যক্ষ সঞ্জিৎ সাহা, কার্যকরী সদস্য অঞ্চল সেনগুপ্ত নন্দলাল দাস প্রমূখ উপস্থিত ছিলেন।

# টি সি এ-র বার্ষিক সাধারণ সভায় ক্রিকেট পরিকাঠামোর প্রভূত প্রতিশ্রুতি



ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম নিয়ে সপ্তাহ খানেকের মধ্যে একটি সবুজ সংকেত পাওয়া যেতে পারে। চূড়ান্ত সময়সীমা উল্লেখ করে চিঠি দেওয়া হয়েছে। টিসিএ এখন যথাযথ উত্তরের অপেক্ষায়। নির্ধারিত সময় ১৫ দিন অতিক্রান্ত প্রায়।

ত্রিপুরায় আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামের অবশিষ্ট কাজ, যত তাড়াতাড়ি সম্ভব পুনরায় শুরু করা হবে। টিআইটি স্টেডিয়ামে জাতীয় ও আন্তর্জাতিক ক্রিকেট খেলার স্বপ্ন অচিরেই সার্থক হবে। এর জন্য বিশেষ করে পুরানো চুক্তি অনুযায়ী যিনি এই কাজের দায়িত্বে রয়েছেন, উনাকে আইনসম্মত উপায়ে চূড়ান্ত সময়সীমা বেঁধে দিয়ে চিঠি দেওয়া হয়েছে। সেই সময় অতিক্রান্ত হতে আর চার-পাঁচ দিন বাকি। পরবর্তী সময়ে নতুনভাবে টেন্ডার ডাকার মধ্য দিয়ে অবশিষ্ট কাজ সম্পন্ন করে, প্রস্তাবিত আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম ক্রিকেটপ্রেমীদের হাতে তুলে দেওয়া হবে। বুধবার, ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভায় এই বিষয়ে সর্বসম্মতিক্রমে গঠনমূলক সিদ্ধান্ত গৃহীত হয়।

বৃহস্পতিবার বিকেল চারটায় ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সদর কার্য্যালয়ে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে টিসিএ সচিব সুব্রত দে এ বিষয়ে বিস্তারিত সাংবাদিকদের জানান। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে সভাপতি তপন লোধ, সহ-সভাপতি উপানন্দ দেববর্মা, কোষাধ্যক্ষ বাসুদেব চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন। তৃণমূল স্তর থেকে ক্রিকেটার তুলে আনার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি রূপায়ণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রত্যন্ত এলাকা বা অঞ্চলে সুপ্ত প্রতিভাগুলোকে খুঁজে বের করে কোচের মাধ্যমে ক্রিকেট প্রশিক্ষণের ব্যবস্থা করলে আগামী দিনে প্রচুর ক্রিকেটার বেরিয়ে আসবে এবং তাদের থেকে প্রতিভা অন্বেষণের মাধ্যমে সুগঠিত রাজ্য দল গঠন করা যাবে। এছাড়া, সব কটি সাব ডিভিশনে ক্রিকেট খেলার উপযুক্ত পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় হোস্টেল, মাঠ ইত্যাদির বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। তিনটি সাব ডিভিশনে ৪০ আসন বিশিষ্ট হোস্টেল এবং এমবিবি স্টেডিয়ামে থ্রি-স্টার, অত্যাধুনিক সুবিধা যুক্ত রেস্ট হাউস গঠন করার পরিকল্পনা গৃহীত হয়েছে। ইতোমধ্যে এ বিষয়ে যথাযথ কার্য্যক্রম শুরু করা হবে বলে টিসিএ-এর সচিব জানান।

## মোহনপুর যোগা দল গঠনের ট্রায়াল আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জাতীয় যোগা ফেডারেশন প্রতিযোগিতাকে সামনে রেখে ত্রিপুরা যোগা অ্যাসোসিয়েশন রাজ্যভিত্তিক যোগাসন দল গঠনের লক্ষ্যে আগামী ৩ নভেম্বর পশ্চিম জেলার যোগা দল গঠন করতে যাচ্ছে আগরতলার এগিয়ে চল সংঘে। এদিকে এই প্রতিযোগিতায় অংশ নিতে মোহনপুর মহকুমার যোগা দল গঠন করা হবে আগামীকাল। সকাল ১০ টা থেকে গান্ধীগ্রামস্থিত বিবেকানন্দ সৎসঙ্গে সকল যোগা খেলোয়ারদের উপস্থিত থাকতে বলা হচ্ছে। মোহনপুর মহকুমা যোগা দল গঠন উপলক্ষে আয়োজিত নির্বাচনী শিবিরে রাজ্য যোগা এসোসিয়েশন এবং জেলা যোগা অ্যাসোসিয়েশনের কর্মকর্তা বৃন্দ উপস্থিত থাকবেন বলে মোহনপুর যোগা এসোসিয়েশনের সম্পাদক এক বিবৃতিতে জানিয়েছেন।

## ইসিবির কেন্দ্রীয় চুক্তি ঘোষণা, ইংল্যান্ডের স্টোকস, বাটলার স্বাক্ষর করেছেন দুই বছরের চুক্তিতে

লন্ডন, ১ নভেম্বর (হি.স.): ইংল্যান্ড এবং ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি), বৃহস্পতিবার রাতে, ইংল্যান্ড পুরুষদের আন্তর্জাতিক ক্রিকেটের জন্য হালনাগাদ কেন্দ্রীয় চুক্তি তালিকা ঘোষণা করেছে।

মোট ২৯ জন খেলোয়াড়ের কেন্দ্রীয় চুক্তি রয়েছে - ৭টি দুই বছরের কেন্দ্রীয় চুক্তি, ১৯ ইংল্যান্ডের বার্ষিক কেন্দ্রীয় চুক্তি, এবং ৩টি ইংল্যান্ড উন্নয়ন চুক্তি।

ইংল্যান্ডের অধিনায়ক বেন স্টোকস এবং জস বাটলার উভয়েই এক্সটেনশন স্বাক্ষর করেছেন এবং এখন দুই বছরের চুক্তিতে চুক্তিবদ্ধ হয়েছেন। টেস্ট অধিনায়ক স্টোকস এর আগে এক বছরের চুক্তিতে ছিলেন এবং সাদা বলের অধিনায়ক বাটলার দুই বছরের চুক্তিতে ছিলেন। গত বছর চালু হওয়া নতুন বহু বছরের ব্যবস্থার অধীনে পাঁচজন খেলোয়াড় প্রথমবারের মতো ইংল্যান্ডের কেন্দ্রীয় চুক্তিতে স্বাক্ষর করেছেন। জেমি স্মিথ (সারে) দুই বছরের চুক্তিতে স্বাক্ষর করেছেন এবং উইল জ্যাকস (সারে), শোয়েব বশির (সোমারসেট), ফিল সল্ট (ল্যাঙ্কাশায়ার) এবং অলি স্টোন (নটিংহামশায়ার) এক বছরের চুক্তিতে স্বাক্ষর করেছেন। ইতিমধ্যে চুক্তিবদ্ধ আরও তিনজন খেলোয়াড় গাস অ্যাটকিনসন (সারে) এর সাথে দুই বছরের চুক্তিতে স্বাক্ষর করেছেন এবং জ্যাক লিচ (সোমারসেট) এবং রিস টপলি (সারে) আরও এক বছরের চুক্তিতে সম্মত হয়েছেন। ইংল্যান্ড পুরুষ ক্রিকেটের ব্যবস্থাপনা পরিচালক, রব কী, এক বিবৃতিতে বলেছেন, '

# সন্তোষ ট্রফি ফুটবলের রাজ্য শিবিরে ৩৭ জন

ক্রীড়া প্রতিনিধি আগরতলা।। এবার কড়া নোটিশ দিলেন টিএফএ-র সচিব। অনুপস্থিত থাকলে আগামী ফুটবল সেশনে খেলতে দেওয়া হবে না বলেও জানানো হয়েছে। ৭৮ তম জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপ তথা সন্তোষ ট্রফি ফুটবলের ডি গ্রুপের ম্যাচগুলি এবার অনুষ্ঠিত হবে আগরতলায়। টুর্নামেন্টের এই গ্রুপে রয়েছে ত্রিপুরা, মিজোরাম, মনিপুর ও সিকিম। আগামী ১৫ নভেম্বর থেকে আগরতলায় অনুষ্ঠিত হবে টুর্নামেন্টের গ্রুপ লীগের ম্যাচগুলি। তাই স্বাগতিক ত্রিপুরা দলের চূড়ান্ত রাজ্য দল গঠনের লক্ষ্যে আয়োজিত শিবিরে সংশোধন আকারে ডাক পেল ৩৭ জন ফুটবলার। আগামী ৫ নভেম্বরের মধ্যে উমাকান্ত মিনি স্টেডিয়ামে ডাক পাওয়া ফুটবলারদের রিপোর্ট করার জন্য টিএফএ সচিব কড়া নোটিশ দিয়েছেন। রিপোর্ট করতে হবে টেকনিক্যাল কো-অর্ডিনেটর ডি কে প্রধানের কাছে। ফুটবলাররা হলেন বুদ্ধ দেববর্মা, অমিত জমাতিয়া, সুরজিৎ জমাতিয়া, অলক জমাতিয়া, সাবাত জমাতিয়া, সিয়াম পুইয়া, কুমার সাতনম ঘোষ, অনন্ত বিজয় জমাতিয়া, ভোলামনি জমাতিয়া, শিবা দেববর্মা, মঙ্গল সিং দেববর্মা, বাদল দেববর্মা, বিরু দেববর্মা, আচাই ফুঙ জমাতিয়া, স্টিফেন পল ডারলং, রাজ চন্দ্র জমাতিয়া, অপজিৎ ত্রিপুরা, রজনীকান্তি ত্রিপুরা, রাজীব সাধন জমাতিয়া, লিয়ান মুইয়া ডার্লিং, ভক্ত সাধন জমাতিয়া, প্রীতম হোসেন, বয়ার জমাতিয়া, পহর জমাতিয়া, সঞ্জয় জমাতিয়া, বিপ্লব দেববর্মা, সুকান্ত জমাতিয়া, জাবেত ডার্লং, এলটন ডার্লং, অমিত জমাতিয়া, নাইসা জমাতিয়া, মনীষ দেববর্মা, বিশ্বজিৎ দেববর্মা, ভানলাল কিমা, হায়ুঙ জমাতিয়া, অনিকেত জমাতিয়া, পারভেজ ভূঁইয়া।

# শনিবার ভিক্টর ট্রাম্পারের জন্মদিন

কলকাতা, ১ নভেম্বর (হি.স.): ভিক্টর থমাস ট্রাম্পার। তিনি ছিলেন একজন অস্ট্রেলিয়ান ক্রিকেটার, যিনি ক্রিকেটের স্বর্ণযুগের সবচেয়ে স্টাইলিশ এবং বহুমুখী ব্যাটসম্যান হিসেবে পরিচিত।

ভিক্টর থমাস ট্রাম্পার (জন্ম ২ নভেম্বর, ১৮৭৭), ছিলেন একজন অস্ট্রেলিয়ান ক্রিকেটার যিনি একজন অসামান্য ব্যাটসম্যান হিসাবে, কঠিন পরিস্থিতিতে ভাল পারফর্ম করার ক্ষমতার জন্য সবচেয়ে বেশি স্মরণীয়। তিনি ১৮৯৯ থেকে ১৯১১ সাল পর্যন্ত ৪৮টি টেস্ট ম্যাচ খেলেছেন। রান করেছেন ৩১৬৩। রয়েছে আটটি সেঞ্চুরি ও ১৩ টি হাফ সেঞ্চুরি। প্রথম শ্রেণী ক্রিকেটে করেছেন ১৬৯৩৯ রান।তবে তিনি বেশিরভাগই বোলারের অনুকূল পিচগুলিতেকরেছিলেন। ব্রাইটস রোগে আক্রান্ত হওয়ার পর তার স্বাস্থ্যের অবনতি ঘটে তার মৃত্যু হয় ২৮ জুন ১৯১৫ তে।স্বীকৃতি:**ট্রাম্পার ১৯০৩ সালে উইজডেন ক্রিকেটার অফ দ্য ইয়ার নির্বাচিত হন।**তিনি ১৯১৪ সালে নিউ সাউথ ওয়েলস রাগবি লীগের আজীবন সদস্যপদ লাভ করেন।**উইজডেন ক্রিকেটার্স অ্যালমান্যাকের ১৯৬৩ সংস্করণে, ট্রাম্পারকে নেভিল কার্ডাস উইজডেন সেঞ্চুরির ছয় জায়ান্টদের একজন হিসাবে নির্বাচিত করেছিলেন। এটি একটি বিশেষ স্মারক নির্বাচন ছিল উইজডেন এর ১০০তম সংস্করণের জন্য। নির্বাচিত অন্য পাঁচজন খেলোয়াড় হলেন সিডনি বার্নস , ডন ব্র্যাডম্যান , ডব্লিউজি গ্রেস , জ্যাক হবস এবং টম রিচার্ডসন ।

**১৯৮১ সালে অস্ট্রেলিয়া পোস্ট দ্বারা জারি করা একটি ডাকটিকিটে টনি রাফটির একটি কার্টুন চিত্র চিত্রিত করে তাকে সম্মানিত করা হয়েছিল।

**১৯৯৬ সালে তিনি অস্ট্রেলিয়ান ক্রিকেট হল অফ ফেমের দশজন অভিষিক্তদের মধ্যে একজন হন , অন্যরা হলেন ফ্রেড স্পফোর্থ , জন ব্ল্যাকহ্যাম , ক্ল্যারি গ্রিমেট , বিল পন্সফোর্ড , স্যার ডোনাল্ড ব্র্যাডম্যান , বিল ও"রিলি , কিথ মিলার , রে লিন্ডওয়াল এবং ডেনিস লিলি।

**সিডনি ক্রিকেট গ্রাউন্ড ট্রাস্ট ১২ জুন২০০৮-এ ঘোষণা করেছিল যে এসসিজি -তে পুরানো পাহাড়ের উপর নতুন গ্র্যান্ডস্ট্যান্ডের নাম ট্রাম্পারের সম্মানে রাখা হবে।

**২ নভেম্বর ২০০৮-এ এসসিজি ট্রাস্ট প্রথম "ভিক্টর ট্রাম্পার ডে"-এর আয়োজন করে, একটি ক্রীড়া ও সাংস্কৃতিক পূর্ববর্তী অনুষ্ঠানের আয়োজন করে সিডনির স্কুল শিক্ষক ডেভিড স্ট্রেঞ্জ ট্রাম্পারের জন্মের ১৩১তম বার্ষিকীতে তার জীবনকে সম্মান জানাতে। প্রাক্তন আন্তর্জাতিক এবং গ্রেগ ম্যাথুস , স্টুয়ার্ট ম্যাকগিল , গ্রেগ পেজ , মিক মোলয় এবং টিম ফারিস সহ সেলিব্রিটিরা স্ল্যাটেড প্যাড, সসেজ গ্লাভস এবং ১৯০৭ সালে স্কাল ক্যাপ পরতেন ক্রিকেটের স্বর্ণযুগকে পুনরায় তৈরি করতে এবং ট্রাম্পারের নামে দাতব্যের জন্য অর্থ সংগ্রহ করতে।

**৩০ সেপ্টেম্বর ২০০৯-এ, ভিক্টর ট্রাম্পার আইসিসি ক্রিকেট হল অফ ফেমের ক্রমবর্ধমান শ্রেণীর অংশ হিসাবে ঘোষিত পাঁচটি নতুন সদস্যের একজন ছিলেন। ৪ জানুয়ারি ২০১০ তারিখে, তিনি আনুষ্ঠানিকভাবে হল অফ ফেমে অন্তর্ভুক্ত হন।

**প্যাডিংটন, নিউ সাউথ ওয়েলসের ট্রাম্পার পার্ক ওভাল তার সম্মানে নামকরণ করা হয়েছে, যেমন চ্যাটসউড ওভালের ট্রাম্পার প্যাভিলিয়ন।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# বিশ্ববিদ্যালয় মহিলা ফুটবলে জয় দিয়ে শুরু করল ত্রিপুরা

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। পূর্বাঞ্চলীয় আন্ত বিশ্ববিদ্যালয় মহিলা ফুটবল টুর্নামেন্টে চমৎকারভাবেই নিজেদের লড়াই শুরু করল ত্রিপুরা। শুক্রবার থেকে মেঘালয়ের শুরু হয় এই টুর্নামেন্ট। টুর্নামেন্টের পুল ডি গ্রুপে এদিন দুপুরে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের মুখোমুখি হয় মহাত্মা গান্ধী কাশি বিদ্যাপীঠ বেনারস। তীব্র উত্তেজনাপূর্ণ আর জমজমাট লড়াইয়ের মধ্য দিয়ে অনুষ্ঠিত দুই দলের ম্যাচে শেষ পর্যন্ত মহাত্মা গান্ধী কাশি বিদ্যাপীঠকে ১-০ গোলের ব্যবধানে পরাজিত করে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়। প্রথমার্ধের লড়াইয়ে উভয় দল একাধিক গোলের সুযোগ পেলেও কাজে লাগাতে ব্যর্থ।ফলে প্রথমার্ধের খেলা গোলশূন্যভাবেই শেষ হয় এদিন।

বিরতির পর দ্বিতীয়ার্ধের ১৪ মিনিটের মাথায় ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অধিনায়িকা রূপশ্রী দেববর্মা প্রায় ৪০ গজ দূর থেকে কাশি বিদ্যাপীঠের আগুয়ান গোলকিপারকে লক্ষ্য করে গোলকিপারের মাথার উপর দিয়ে শর্ট করে একমাত্র গোলটি করে। যা ম্যাচের অবশিষ্ট সময়ে প্রতিশোধ করতে ব্যর্থ হয় প্রতিপক্ষরা। ফলে ন্যূনতম গোলে প্রতিপক্ষকে হারিয়ে টুর্নামেন্টে নিজেদের অভিযান শুরু করতে সক্ষম হয় ত্রিপুরা বিশ্ববিদ্যালয়।আক্রমণ প্রতি আক্রমণে খেলাটি একটি উপভোগ্য ম্যাচে পরিণত হয়। ত্রিপুরা দলের লেফট উইঙ্গার মৌসুমী ওরাং প্রথমার্ধের ২৮ মিনিটে সুন্দর ডজ করে পরপর দুজনকে কাটিয়ে একমাত্র গোলকিপার কে পেয়েও বল গোলে রাখতে পারেনি, যা দিনের সহজ তম সুযোগ হাতছাড়া হয় ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের। আগামীকাল ত্রিপুরা বিশ্ববিদ্যালয় নাগাল্যান্ড বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে খেলতে নামবে। আজ সকাল সাড়ে দশটায় প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়।

## বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপে ভারতের মানসী আহওয়ালাত ব্রোঞ্জ জিতেছেন

নয়াদিল্লি, ১ নভেম্বর (হি.স.): মহিলাদের ৫৯ কেজিতে বিশ্ব চ্যাম্পিয়নশিপে প্রতিদ্বন্দ্বিতা করেন ভারতের মানসী, যিনি কোচ মনদীপের অধীনে স্যার ছোটু রাম আখাদায় প্রশিক্ষণ নেন, ব্রোঞ্জ পদকের লড়াইয়ে কানাডার লরেন্স বিউরগার্ডকে ৫-০ গোলে পরাজিত করেন। কিন্তু পুরুষদের ফ্রিস্টাইল এবং গ্রিকো-রোমান কুস্তিগীররা খালি হাতে ফিরছেন। পুরুষদের ফ্রিস্টাইলে, সন্দীপ মান (৯২ কেজি) রেপেচেজ রাউন্ডে উঠেছিল কিন্তু স্লোভাকিয়ার বাইরবেক সাকুল্লভের কাছে কারিগরি শ্রেষ্ঠত্বের কারণে হেরেছে।আর উদিত (৬১ কেজি), মনীশ গোস্বামী (৭০ কেজি) এবং পারবিন্দর সিং (৭৯ কেজি) পদকের রাউন্ডে উঠতে পারেননি।ভারতের গ্রেকো রোমান কুস্তিগীররা সঞ্জীব (৫৫ কেজি), চেতন (৬৩ কেজি), অঙ্কিত গুলিয়া (৭২ কেজি) এবং রোহিত দাহিয়া (৮২ কেজি) প্রতিযোগিতার শুরুতে বিবর্ণ হয়ে যাওয়ার কারণে প্রতিযোগিতা থেকে বিদায় নিয়েছেন।

## স্প্যানিশ ফুটবল: চুক্তির মেয়াদ বাড়িয়ে ২০২৯ পর্যন্ত বার্সেলোনায় থাকলেন ফের্মিন

বার্সিলোনা, ১ নভেম্বর (হি.স.): ২১ বছর বয়সী ফের্মিন লোপেস সঙ্গে ২০২৯ সালের জুন পর্যন্ত চুক্তির মেয়াদ বাড়ানোর কথা বৃহস্পতিবার বিবৃতি দিয়ে জানিয়েছে বার্সেলোনা। এই স্প্যানিশ মিডফিল্ডারের রিলিজ ক্লজ ধরা হয়েছে ৫০ কোটি ইউরো। স্প্যানিশ এই মিডফিল্ডারের চুক্তির মেয়াদ পাঁচ বছর বাড়াল কাতালান ক্লাবটি।

বার্সেলোনার একাডেমির ফের্মিন প্রথমবার মূল দলে সুযোগ পান গত মরসুমে। ভালো পারফরম্যান্সে দেখিয়ে দলে জায়গা পাকা করেন তিনি। ফের্মিন ২০২৩-২৪ মরসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ৪২ ম্যাচে গোল করেন ১১টি।

স্পেনের হয়ে ফের্মিন জেতেন ২০২৪ ইউরো। ইউরোতে খুব বেশি খেলার সুযোগ না পেলেও, প্যারিস অলিম্পিকসের ফুটবলে অনূর্ধ-২৩ দলের সোনা জয়ে বড় ভূমিকা রাখেন তিনি।

## অস্ট্রেলিয়া "এ" ১৯৫ রানে অল আউট

ম্যাকে, ১ নভেম্বর( হি. স.): মুকেশ কুমারের ৪৬ রানে ৬ উইকেট নেওয়ার সুবাদে অস্ট্রেলিয়া এ- ১৯৫ রানে অল আউট। ভারত এ ১০৭ রান করেছিল। এর ফলে অস্ট্রেলিয়া এ ৮৮ রানে এগিয়ে আছে।মুকেশের নিপুণ স্পেলে ভারত এ-কে ম্যাচে ফিরিয়ে দিয়েছে।প্রসিধ কৃষ্ণ ৫৯ রানে ৩ উইকেটে নিয়েছেন।

ভারত এ-এর ব্যাটাররা এখন তাদের প্রথম ইনিংসের পতন কাটিয়ে দ্বিতীয় ইনিংসে আরও প্রতিযোগিতামূলক স্কোর গড়ে তোলার চ্যালেঞ্জের মুখোমুখি।

## মেহের কালিবাড়িতে মায়ের আশীর্বাদ নিলেন সাংসদ রাজীব

আগরতলা, ৩১ অক্টোবর: দীপাবলির পুণ্য মুহূর্তে আজ কৃষ্ণনগর স্থিত মেহের কালী বাড়িতে মায়ের আশীর্বাদ নিয়েছেন প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য্য। পাশাপাশি এদিন তিনি ওই এলাকার মা বোনেদের মধ্যে বস্ত্র বিতরণ করেন।

প্রসঙ্গত, কৃষ্ণনগর প্রগতি রোড এলাকার ঐতিহ্যবাহী কালী বাড়ি মেহের কালীবাড়ি। ভক্তকুলের বিশ্বাস মা জাগ্রত। এখানে মায়ের কোন প্রতিরূপের পূজা করা হয় না এখানে পূজিত হয় ঘট। প্রত্যেক দিনে ভক্তদের উপস্থিতি থাকে এই কালীমন্দিরে। আজ দীপাবলি উপলক্ষে আগামীকাল শ্যামা মায়ের পূজা অনুষ্ঠিত হবে। এদিন মায়ের কাছে আশীর্বাদ নিতে গেলেন সাংসদ রাজীব ভট্টাচার্য্য। সাংবাদিকদের মুখোমুখি হয়ে সাংসদ রাজীব বলেন, আগামীকাল আচার অনুষ্ঠান মেনে কৃষ্ণনগর প্রগতি রোড এলাকার ঐতিহ্যবাহী কালী বাড়ি মেহের কালীবাড়িতে পূজোর আয়োজন করা হয়েছে। মায়ের নিকট রাজ্যবাসীর মঙ্গল কামনা করেন সাংসদ রাজীব।


দীপাবলি উপলক্ষ্যে দুঃস্থদের মধ্যে বস্ত্রদান করেন বিজেপি প্রদেশ সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য সাথে রয়েছেন মেয়র দীপক মজুমদার সহ অন্যান্যরা।

## সর্দার বল্লভভাই প্যাটেল হচ্ছেন দেশের একতা ও সংহতির প্রতীক: মুখ্যমন্ত্রী

আগরতলা, ৩১ অক্টোবর: সর্দার বল্লভভাই প্যাটেল হচ্ছেন দেশের একতা ও সংহতির প্রতীক। স্বাধীনতার পর দেশের একতা ও অখন্ডতা রক্ষায় তিনি মুখ্য ভূমিকা পালন করেন। তিনি অখন্ড ভারত গড়ে তোলার লক্ষ্যে আজীবন কাজ করে গেছেন। সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মদিনে রাষ্ট্রীয় একতা দিবস পালনের মূল উদ্দেশ্য হচ্ছে দেশকে আরো শক্তিশালী করা এবং সমৃদ্ধ ভারত গড়ার জন্য সবাইকে অনুপ্রাণিত করা। আজ নরসিংগড়স্থিত কেটিডি সিং পুলিশ ট্রেনিং অ্যাকাডেমিতে রাষ্ট্রীয় একতা দিবস পালন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সর্দার বল্লভভাই প্যাটেল ভারতীয় রাজনীতিতে ভারতের লৌহ মানব হিসাবে সুপরিচিত। স্বাধীন ভারতের প্রথম উপ-প্রধানমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মদিনটি (৩১ অক্টোবর) ২০১৪ সাল থেকে সারা দেশে রাষ্ট্রীয় একতা দিবস হিসেবে পালন করা হচ্ছে। এর মুখ্য উদ্দেশ্য হচ্ছে সর্দার বল্লভভাই প্যাটেলের প্রতি সম্মান জানানো। পাশাপাশি আমাদের দেশের ভেতরে ও বাইরে যে সমস্ত অশুভ শক্তি দেশকে দুর্বল করার জন্য এবং দেশের অখন্ডতা বিঘ্ন করার জন্য সচেষ্ট তাদের মোকাবিলা করার ক্ষেত্রে সবাইকে উদ্বুদ্ধ করা। দেশের একতা ও অখন্ডতা রক্ষায় সর্দার বল্লভভাই প্যাটেলের প্রতি শ্রদ্ধা জানানোর লক্ষ্য নিয়েই ২০১৪ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ‘রান ফর ইউনিটির’ সূচনা করেন।

মুখ্যমন্ত্রী বলেন, ভারতের স্বাধীনতা প্রাপ্তির সময়কালে বিশেষ করে ১৯৪৭-১৯৪৯ সালের মধ্যে সর্দার প্যাটেল প্রায় ৫৬২টি রাজন্যশাসিত অঞ্চলকে ভারতে অর্নভুক্ত করেছিলেন। সর্দার প্যাটেলের দৃঢ় মানসিকতা ও বলিষ্ট পদক্ষেপের জন্যই কাজটি সম্ভব হয়েছিল। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা পুলিশ রাজ্যের জনগণের সেবায় ১৫০ বছর পূর্ণ করেছে। ১৮৭৩ সালে মাণিক্য রাজাদের রাজত্বকালে রাজ্য পুলিশের যাত্রা শুরু হয়েছিল, যা এখন ‘প্রেসিডেন্ট কালারস সম্মান প্রাপ্ত অন্যতম দক্ষ বাহিনী হয়ে উঠেছে। ত্রিপুরা পুলিশ কার্য্যকরভাবে রাজ্যে অপরাধ নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়েছে। ভারতের সামগ্রিক অপরাধের হারের নিরিখে ২৮টি রাজ্যের মধ্যে ত্রিপুরা তৃতীয় সর্বনিম্ন স্থানে রয়েছে।

মামলার সংখ্যা হ্রাসের ক্ষেত্রে প্রধানত প্রতিরোধমূলক ব্যবস্থা এবং ব্যাপক প্রসিকিউশন রিপোর্ট, ট্রাফিক জরিমানা ও প্রতিরোধমূলক গ্রেপ্তারই মুখ্য কারণ হিসাবে চিহ্নিত করা যেতে পারে। মহিলাদের বিরুদ্ধে অপরাধের নিরিখে ভারতের ২৮টি রাজ্যের মধ্যে ত্রিপুরা অষ্টম সর্বনিম্ন স্থানে রয়েছে। মহিলাদের অভিযোগ জানানোর জন্য রাজ্যের প্রতিটি জেলায় একটি করে মহিলা থানা সহ মোট ৯টি মহিলা থানা এবং উইমেন হেল্প ডেস্ক রয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, মাদক বাজেয়াপ্ত ও ধ্বংস করা নিষিদ্ধ দ্রব্যের নিরিখে ত্রিপুরা পুলিশ উত্তর-পূর্বের রাজ্যগুলির মধ্যে সর্বোচ্চ স্থানে রয়েছে। বাংলাদেশী, রোহিঙ্গা ও অবৈধ অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হচ্ছে। পুলিশের সতর্কতামূলক তৎপরতার কারণেই ২০২৩ সালে বিধানসভা এবং ২০২৪ সালে লোকসভার নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। তিনি বলেন, গত পাঁচ বছরে রাজ্যে ১২টি থানা ও আউট পোস্টের সংখ্যা বেড়েছে। ফলে রাজ্যের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। যেখানেই ঘটনার খবর পাওয়া গেছে সেখানে পুলিশ দ্রুত ব্যবস্থা নিয়েছে এবং স্বাভাবিকতা ফিরিয়ে আনতে পদক্ষেপ নিচ্ছে। রাজ্যের ইতিহাসে প্রথমবারের মতো কয়েক দশকের বিদ্রোহের পরে আত্মগোপনকারী জঙ্গী সংগঠনের সমস্ত ক্যাডাররা তাদের অস্ত্র সমর্পণ করে মূলধারায় ফিরে এসেছে।

মুখ্যমন্ত্রী বলেন, পুলিশ বাহিনীর উন্নয়ন ও আধুনিকীকরণের লক্ষ্যে রাজ্য সরকার বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। বর্তমানে এক হাজার পুলিশ কনস্টেবল নিয়োগের প্রক্রিয়া চলছে এবং আরও ১১৬টি কনস্টেবলের পদ মঞ্জুর করা হয়েছে। সঙ্কটের সময়, সাধারণ জনগণ পুলিশের সহায়তা চাইতে এবং তাৎক্ষণিক পরিষেবা গ্রহণের জন্য ইমার্জেন্সি রেসপন্স সাপোর্ট সিস্টেম-১১২ চালু করা হয়েছে। এছাড়াও মুখ্যমন্ত্রী তার বক্তব্যে পুলিশ প্রশাসনের সাফল্যের বিস্তারিত তথ্য তুলে ধরেন।

অনুষ্ঠানে এছাড়াও মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন সহ পুলিশ প্রশাসনের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে বি এস এফ, সি আর পি এফ, টি এস আর, মহিলা ও পুরুষ পুলিশ, হোমগার্ড এবং ট্রাফিক পুলিশের জওয়ানগণ কুচকাওয়াজ প্রদর্শনের মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অভিবাদন জানান।

## দুই গাড়ির মধ্যে সংঘর্ষে রণক্ষেত্র বিশালগড় রাস্তার মাথা এলাকা, আহত এক টিএসআর জওয়ান

চড়িলাম, ১ নভেম্বর : দীপাবলির রাতে দুই গাড়ির সংঘর্ষের ঘটনায় বিশালগড় রাস্তার মাথা এলাকায় তুমুল উত্তেজনা। দুই গোষ্ঠীর মধ্যে মারপিট থামাতে গিয়ে টিএসআর জওয়ান আহত হয়েছেন।

ঘটনার বিবরণে জানা গেছে, দীপাবলির রাতে তিনটা নাগাদ টিআর০১বিএন০৩১৯ এবং টিআর০১বিকিউ০২৯২ নম্বরের দুটি গাড়ির মধ্যে সংঘর্ষ হয়েছিল। এই ঘটনার খবর পেয়ে আগরতলা থেকে কিছু সংখ্যক যুবকের সেখানে ছুটে গেছে। তাঁদের সাথে বিশালগড় এলাকার বেশ কিছু যুবকদের মারপিট হয়। ঘটনাস্থলে পুলিশ উপস্থিত হলেও পরিস্থিতি সালাম দিতে হিমশিম খেতে হয়েছে। দুই গোষ্ঠীর মধ্যে সংঘর্ষে এক টিএসআর জওয়ান আহত হয়েছেন।

প্রত্যক্ষদর্শীদের দাবি, দুই গাড়ির মধ্যে সংঘর্ষের পর গাড়িতে থাকা যুবকদের মধ্যে ঝামেলা শুরু হয়েছিল। তাঁদের অনুমান, একটি গাড়িতে আগরতলা থেকে আসা কিছু যুবক এবং অন্য গাড়িতে বিশালগড়ের স্থানীয় যুবক ছিলেন। ঘটনাস্থলে পুলিশ উপস্থিত ছিল। কিন্তু দুই গাড়ির যাত্রীরা পুলিশের উপস্থিতিতেই বচসা শুরু করেন। পরবর্তীতে আরও যুবক ওই বচসায় যুক্ত হতেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠে। তাঁদের থামাতে গিয়ে এক টিএসআর জওয়ান আহত হয়েছেন।

## নির্মাণ সামগ্রী চুরি করতে গিয়ে হাতেনাতে আটক

আগরতলা, ১ নভেম্বর: নির্মাণ কাজের সামগ্রী চুরি করতে গিয়ে হাতেনাতে ধরা পড়ল কুখ্যাত চোর। পরবর্তী সময়ে পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, দীর্ঘদিন যাবৎ সাব্রুম মহকুমা শাসক অফিসের নতুন পাকা ভবনের নির্মাণ কাজের সামগ্রী চুরি হচ্ছিল। কিন্তু কাউকে আটক করা সম্ভব হয়নি। আজ নির্মাণ সামগ্রী চুরি করতে গিয়ে বেসরকারি নিরাপত্তাকর্মীদের হাতে এক যুবককে আটক করা হয়েছে। ধৃত বিবেকানন্দ পল্লীর বাসিন্দা সুকান্ত দাস। তাকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

## চুরি যাওয়া ৫ লক্ষাধিক টাকার স্বর্ণালঙ্কার সহ তিন কুখ্যাত চোর পুলিশের জালে

আগরতলা, ৩১ অক্টোবর: গোপন সংবাদের ভিত্তিতে চুরি স্বর্ণালঙ্কার সহ তিন জন কুখ্যাত চোরকে জালে তুলতে সক্ষম হয়েছে পূর্ব আগরতলা থানার পুলিশ। তাদের আটক করে জিজ্ঞাসাবাদ চালালে চোর চক্র সম্পর্কে নানা তথ্য জানা যাবে বলে জানিয়েছেন ওসি রাণা চ্যাটার্জী।

ওসি রাণা চ্যাটার্জী জানিয়েছেন, গত ২৩ অক্টোবর প্রতাপগড় বসাক পাড়া এলাকার বাসিন্দা রাকেশ সাহা, এবং ভোলা বনিকের বাড়িতে দু: সাহসিক চুরি হয়েছিল। চোরের দল সব স্বর্ণালঙ্কার নিয়ে যায়। পরবর্তী সময়ে বাড়ির মালিক থানায় মামলা দায়ের করেন। তাছাড়া, কিছু দিন যাবৎ বিভিন্ন জায়গায় থেকে চুরির অভিযোগ উঠে আসছিল। সেই অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত শুরু করেছিল গোপন সংবাদের ভিত্তি খবর আসে বিভিন্ন জায়গায় অভিযান চালিয়েছে পুলিশ। অবশেষে চোর চক্রকে জালে তুলতে সক্ষম হয়েছে এনসিসি থানার পুলিশ। তিন যুবককে আটক করা হয়েছে। তাঁদের কাছ থেকে একটি ৫ লক্ষাধিক টাকার জিনিস বাজেয়াপ্ত করা হয়েছে। এদিন তিনি আরও বলেন, ধৃতদের পুলিশ রিমান্ড চেয়ে আজ আদালতে সোপর্দ করা হবে।

## ২ রোহিঙ্গা সহ লক্ষাধিক টাকার নিষিদ্ধ সামগ্রী উদ্ধার বিএসএফের হাতে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ নভেম্বর: ২ জন রোহিঙ্গা সহ মাদক দ্রব্য জব্দ করতে সক্ষম হয়েছে বিএসএফ। শুক্রবার বেলা প্রায় ২ টা নাগাদ করবুক এলাকায় রোহিঙ্গাদের অবৈধ উপস্থিতি এবং চলাচলের বিষয়ে একটি সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে, গোমতী জেলার অন্তর্গত বিওপি ভাটিয়াবাড়ির বিএসএফ সৈন্যরা করবুক বাসস্ট্যান্ডে দুই রোহিঙ্গা নাগরিককে আটক করে। আটক রোহিঙ্গারা দুজনই বাংলাদেশের কক্সবাজারে অবস্থিত রোহিঙ্গা শরণার্থী শিবিরের বাসিন্দা। তাদের কাছ থেকে ভারতীয় মুদ্রা, মোবাইল ও ইউএনএইচসিআর কার্ড উদ্ধার করা হয়েছে।

এছাড়াও বিএসএফ ত্রিপুরার সতর্ক সৈন্যরা বিভিন্ন অপারেশনে ভারত বাংলাদেশ সীমান্তে আন্তঃ সীমান্ত চোরাচালানের বিভিন্ন প্রচেষ্টা ব্যর্থ করে এবং ৪ লক্ষ ৭৬ হাজার ৪৭৯ মূল্যের বিভিন্ন নিষিদ্ধ জিনিসপত্র এবং ১৬০০ কেজি চিনি জব্দ করেছে।

## শব্দবাজির বিরুদ্ধে অভিযান, উদ্ধার প্রচুর শব্দবাজি, ৩ ব্যবসায়ীর বিরুদ্ধে আইনি ব্যবস্থা

আগরতলা, ১ নভেম্বর : নিষেধাজ্ঞা সত্বেও দেদার বিক্রি হচ্ছিল শব্দবাজি। তাই, অভিযানে নেমে আরক্ষা প্রশাসন প্রচুর শব্দবাজি উদ্ধার করেছে। বৃহস্পতিবার রাতে ওই অভিযানে শব্দবাজি বিক্রির দায়ে ৩ ব্যবসায়ীর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হয়েছে।

বৃহস্পতিবার রাতে রাজধানী আগরতলায় বিভিন্ন এলাকায় শব্দবাজির বিরুদ্ধে পুলিশি অভিযান চালানো হয়েছিল। ওই অভিযানে প্রচুর পরিমানে শব্দবাজি উদ্ধার করেছে পশ্চিম থানার পুলিশ।

পশ্চিম থানার পুলিশ আধিকারিক জানান, দীপাবলী উপলক্ষ্যে বৃহস্পতিবার রাতে রাজধানীর বটতলা, দশমীঘাট, গোলবাজার, বর্ডার গোলচক্কর এলাকায় শব্দবাজির বিরুদ্ধে অভিযানে নেমেছিল পুলিশ। এই অভিযানে প্রচুর পরিমানে শব্দবাজি উদ্ধার করা হয়েছে।

তিনি আরো বলেন, শব্দবাজি বিক্রয় করায় ৩ জন ব্যবসায়ীর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হয়েছে। শব্দবাজি নিষিদ্ধ হওয়া সত্ত্বেও অনেকেই এগুলো বিক্রয় করছেন, তাই পুলিশ এই ধরনের অভিযান অব্যাহত রাখবেন বলেও জানান তিনি।

## সীমান্তে জওয়ানদের সাথে দীপাবলি উদযাপনে মন্ত্রী রতন লাল নাথ

আগরতলা, ৩১ অক্টোবর: ভারত-বাংলাদেশ তারাপুর সীমান্তে কর্মরত ১০৪ নম্বর ব্যাটেলিয়ানের বিএসএফ জওয়ানদের সাথে আলোর উৎসব দীপাবলি উদযাপন করলেন রাজ্যের কৃষি ও বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ। এদিন তারাপুর বিওপিতেবিএসএফ জওয়ানদের সঙ্গে দীপাবলীর শুভেচ্ছা বিনিময় করলেন মন্ত্রী। জওয়ানদের হাতে মাটির প্রদীপ এবং মিষ্টি তুলে দিয়েছেন তিনি।সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, তারা প্রত্যেকেই বাড়ি-ঘর থেকে দূরে থাকে। তাই এ বিশেষ দিনে তাদের একাকীত্ব অনুভব না হয় সেই জন্যেই তাদের সঙ্গে এই উৎসবের দিন উদযাপন করেন তিনি।

## কুয়ো পরিষ্কার করতে গিয়ে অল্পেতে প্রাণে বাঁচলেন একই পরিবারের তিনভাই

নিজস্ব প্রতিনিধি, কুমারঘাট, ১ নভেম্বর: বাড়ির কুয়ো পরিষ্কার করতে গিয়ে দৈবক্রমে প্রাণে বাঁচলেন একই পরিবারের তিন ভাই সহ আরো একজন। কুয়োর ভেতরেই জ্ঞান হারালেন তারা। পরে তাদের উদ্ধার করে নিয়ে যাওয়া হয় হাসপাতালে। ঘটনা ঊনকোটি জেলার ফটিকরায় রাজেন্দ্র নগরে।

কুয়ো পরিষ্কার করতে গিয়ে অসুস্থ হয়ে পড়লো একসাথে চারজন। কুয়োর ভেতরে অক্সিজেনের সমস্যা জনিত কারণে জ্ঞান হারায় তারা। ঘটনা শুক্রবার দুপুরে ঊনকোটি জেলার ফটিকরায় থানাধীন রাজেন্দ্রনগর এলাকায়। ঘটনার বিবরনে জানা গেছে, এদিন নিজ বাড়িতে শৌচালয়ের একটি নতুন কুয়ো পরিষ্কার করতে কুয়োতে নামেন প্রদীপ মালাকার নামে এক ব্যক্তি। কুয়োর ভেতরে কিছু জায়গা নেমেই হঠাৎই জ্ঞান হারান তিনি। পরে তাকে উদ্ধার করার জন্য কুয়েতে নামেন একে একে তার দুই ভাই পবিত্র মালাকার এবং প্রভাত মালাকার। একইভাবে তারাও সঙ্গাহীন হয়ে পড়েন কুয়েতে নেমে। পরে তাদের উদ্ধার কাজে হাত লাগাতে এলাকার সিলু দে নামে এক বাসিন্দাও কুয়েতে নামলে সেও সেখানে জ্ঞান হারায় বলে জানিয়েছেন আহতদের পরিবারের লোকজন।

পরে এলাকার মানুষের সহযোগীতায় দুজনকে দড়ির সাহায্যে বের করা হয় কুয়ো থেকে। ঘটনা প্রত্যক্ষ করে হৈচৈ শুরু করেন বাড়ীর লোকজন। এলাকার মানুষ ভীড় জমান ঘটনাস্থলে। খবর দেয়া হয় অগ্নি নির্বাপক দপ্তরে। পরে দপ্তরের কর্মীরা ছুটে গিয়ে অন্য সঙ্গাহীনদের কুয়ো থেকে উদ্ধার করে নিয়ে যায় ফটিকরায় হাসপাতালে। বর্তমানে সেখানেই চিকিৎসাধীন চারজন। তাদের বর্তমান অবস্থা স্থিতিশীল।গভীর কুয়োতে অক্সিজেন জনিত সমস্যার কারনেই ঘটে এই বিপত্তি।বরাত জোরে এদিন প্রাণে বাঁচেন চারজন। ঘটনাকে কেন্দ্র করে সংশ্লিষ্ট এলাকায় মুহূর্তেই ছড়িয়ে পরে চাঞ্চল্য।

## সরকারি কর্মচারী ও পেনশনার্সদের আর্থিক ভাবে বঞ্চনা করতে চায় না বিজেপি জোট সরকার : মুখ্যমন্ত্রী

আগরতলা, ৩১ অক্টোবর: সরকারি কর্মচারী ও পেনশনার্সদের আর্থিক ভাবে বঞ্চনা করতে চায় না বিজেপি জোট সরকার। তাই ৫ শতাংশ মর্হাঘ ভাতা দেওয়া হয়েছে। আজ ৫ শতাংশ ডিএ নিয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, সরকারি কর্মচারীদের ৩ শতাংশ মহার্ঘ ভাতার ঘোষণা দিয়েছে কেন্দ্রীয় সরকার। অনেকেই ভেবেছিলেন ত্রিপুরা সরকারি কর্মচারীদের ৩ শতাংশ মহার্ঘ ভাতা দেওয়া হবে। কিন্তু রাজ্য সরকার ৫ শতাংশ মহার্ঘ ভাতার ঘোষণা দিয়েছে। এদিন তিনি আরও বলেন, সরকারি কর্মচারী ও পেনশনার্সদের আর্থিক ভাবে বঞ্চনা করতে চায় না বিজেপি জোট সরকার। তাই বন্যায় আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হয়েও ৫ শতাংশ মহার্ঘ ভাতার দেওয়া হয়েছে। আগামীদিনে আরও মহার্ঘ ভাতার দেওয়ার চেষ্টা করা হবে।

## বক্সনগরের বৌদ্ধস্তূপ পরিদর্শনে পঞ্চায়েতিরাজ মন্ত্রকের আইএএস কর্মকর্তা এসকে সিং

নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১ নভেম্বর:বৃহস্পতিবার দুপুর ২টায়, সীমান্তবর্তী বক্সনগরের একমাত্র পর্যটন আকর্ষণ, বক্সনগর বৌদ্ধস্তুপ পরিদর্শনে আসেন ভারত সরকারের পঞ্চায়েতি রাজ মন্ত্রকের আই এ এস কর্মকর্তা এস কে সিং। তার সফরসঙ্গী ছিলেন বক্সনগর বিধায়ক তফাজ্জল হোসেন, বক্সনগর ব্লক চেয়ারপারসন স্বপ্না নমঃ এবং ব্লক আধিকারিক সন্দীপ পাল।

বৌদ্ধস্তুপটি দেখতে এসে মনোরম পরিবেশ এবং প্রত্নতাত্ত্বিক ঐতিহ্যের এই নিদর্শন দেখে মুগ্ধ হন এস কে সিং। তিনি বলেন, এমন নিদর্শন তিনি ভারতবর্ষের অন্য কোথাও দেখেননি এবং এটি এক বিশেষ আকর্ষণ বটে। এস কে সিং এর মন্তব্য অনুযায়ী, এই স্থাপত্য নিদর্শন কেবলমাত্র ঐতিহাসিক নয়, বরং এটি প্রকৃতির মনোমুগ্ধকর শোভায় ভরা, যা পর্যটকদের জন্য বিশেষ আকর্ষণীয় হতে পারে।

এস কে সিং জানিয়েছেন, ত্রিপুরা রাজ্যের সিপাহীজলা জেলায় তিনটি বিশেষ পর্যটন স্থান পরিদর্শনের পরিকল্পনা রয়েছে।তিনি বক্সনগরের বৌদ্ধস্তুপ ছাড়াও নীরমহল এবং সিপাহীজলা জেলার অন্যান্য পর্যটনস্থল পরিদর্শন করবেন। তার এই সফরের অন্যতম লক্ষ্য হল কিভাবে এই প্রাকৃতিক এবং ঐতিহাসিক স্থাপনাগুলির সৌন্দর্য্যকে আরও উন্নত করে পর্যটকদের আকৃষ্ট করা যায় এবং এর মাধ্যমে সীমান্ত এলাকার সাধারণ মানুষের অর্থনৈতিক উন্নয়ন ঘটানো যায়। তিনি আশ্বাস দেন যে, এই তিনটি পর্যটন কেন্দ্রকে উন্নয়নের জন্য বিশেষ পরিকল্পনা মন্ত্রিপরিষদের সাথে আলোচনা করা হবে। পর্যটনের বিকাশ হলে এই অঞ্চলের সাধারণ মানুষ তাদের জীবিকা নির্বাহের ক্ষেত্রে নতুন সুযোগ পাবে এবং এলাকাটি আরও স্বনির্ভর হয়ে উঠবে। পরিদর্শনকালে এস কে সিং কে বক্সনগর ব্লক ও বিধায়কের পক্ষ থেকে ঐতিহ্যবাহী উত্তরীয় প্রদান করে সম্মান জানানো হয়।

এভাবে বক্সনগর বৌদ্ধস্তুপ এবং এর সৌন্দর্য্য বৃদ্ধি ও উন্নয়নের উদ্যোগের মাধ্যমে স্থানীয় জনগণের অর্থনৈতিক অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আশা করা হচ্ছে।


## বড়মুড়ায় দুর্ঘটনায় মৃত্যু মহারাজগঞ্জ বাজারের ব্যবসায়ীর, আহত এক

আগরতলা, ১ নভেম্বর: কালী পূজার রাতে বড়মুড়ায় যান দুর্ঘটনায় মৃত্যু হয়েছে মহারাজগঞ্জ বাজারে এক ব্যবসায়ীর। ওই দূর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন একজন। ঘটনার বিবরণে জানা গিয়েছে, গতকাল রাতে নিজ গাড়ি নিয়ে তেলিয়ামুড়ার কালী পূজো দেখার উদ্দেশ্যে রওয়ানা দিয়েছিলেন নান্টু পাল (৬০) এবং সতজিৎ লোধ(৬০)। বড়মুড়া এলাকায় আসামাত্র গাড়িটি নিয়ন্ত্রন হারিয়ে রাস্তার ধারে গাছের সাথে ধাক্কা লাগে। তাতে ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে নান্টু পালের। ওই ঘটনায় গুরুতর আহত হয়েছেন সতজিৎ লোধ। নান্টু দাস মহারাজগঞ্জ বাজারের ব্যবসায়ী ছিলেন। আজ সকালে সানীয় মানুষ তাদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে গিয়েছেন। নান্টু পালের মৃত্যুতে গোটা পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

## যথাযোগ্য মর্য্যাদায় প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর প্রয়াণ দিবস পালিত


আগরতলা, ৩১ অক্টোবর: যথাযোগ্য মর্য্যাদায় প্রদেশ কংগ্রেস ভবনে প্রয়াত প্রাক্তন প্রধামন্ত্রী ইন্দিরা গান্ধীর প্রয়াণ দিবস পালন করা হয়েছে। পরবর্তী সময়ে কংগ্রেস নেতৃত্বরা গান্ধীঘাট গিয়ে ইন্দিরা গান্ধীর সমাধিস্থলে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মণ, বিধায়ক গোপাল চন্দ্র রায় সহ অন্যান্যরা। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন, ইন্দিরা গান্ধী ছিলেন প্রিয়দর্শিনী। প্রত্যেক দেশবাসীর অন্তরে তিনি রয়েছেন।





এক নজরে রাজ্যের বিভিন্ন প্রান্তে দীপাবলি উৎসব।

ভারপ্রাপ্ত মুদ্রক ও প্রকাশক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। ভারপ্রাপ্ত সম্পাদক - সন্দীপ বিশ্বাস।

8th-6th page -2022 darpan print.pmd 2 11/2/2024, 1:12 AM